



# উত্তরবঙ্গ সংবাদ

সেনসেঞ্জ : ৭৮, ১৯৯.১১  
(+২৩৪.১২)  
নিফটি : ২৩, ৭০৭.৯০  
(+৯১.৮৫)

কানাডার প্রধানমন্ত্রী হওয়ার দৌড়ে অনীতা



গঙ্গাসাগরে নিরাপত্তা  
গঙ্গাসাগরমেলা নিয়ে রীতিমতো উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী। যে কোনও পরিস্থিতি মোকাবিলায় জল, স্থল ও আকাশ পথে কড়া নিরাপত্তার ব্যবস্থা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন তিনি।

প্রণবের স্মৃতিসৌধ গড়বে কেন্দ্র  
রাজঘাটে যমুনার ধারে রাষ্ট্রীয় স্মৃতিস্থলে প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের স্মৃতিসৌধ নির্মাণ করা হবে।

২৪° ১২° ২৪° ১২° ২৪° ১১° ২৪° ১২°  
শিলিগুড়ি জলপাইগুড়ি কোচবিহার আলিপুরদুয়ার

বৈষ্ণবনগরে সীমান্তে কাঁটাতারের বেড়া দিতে গিয়ে বিরোধের সূত্রপাত। বিএসএফ-কে কাজ করতে বাধা দিয়েছিল বিজিবি। স্লোগান-পালটা স্লোগানে উত্তপ্ত হয়ে ওঠে সীমান্ত।

## মালদাবাসীর চাপে পিছু হটল বিজিবি



বৈষ্ণবনগর, ৭ জানুয়ারি : সীমান্ত পরিস্থিতি নিয়ে উদ্বেগের মধ্যেই আরও এক বেনজির ছবি। মালদার বৈষ্ণবনগরে বিএসএফ-কে কাঁটাতারের বেড়া দিতে বাধা দেওয়া সংঘাতের পরিস্থিতি তৈরি হয়। বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বাধা দেওয়ায় উত্তেজনা ছড়ায়। সীমান্তের দু'দিকে জমায়েত হয় স্থানীয় বাসিন্দারা। স্লোগান, পালটা স্লোগান ওঠে সেখানে। মঙ্গলবার মালদার বৈষ্ণবনগরে সীমান্তে এই ঘটনা সামনে এল। বৈষ্ণবনগরের শুল্কদেবপুর এলাকায় প্রায় ১০০ মিটারে এখনও কাঁটাতারের বেড়া নেই। ভারত-বাংলাদেশ সীমান্ত সেখানে প্রায় উন্মুক্ত।

এহেন পরিস্থিতিতে কাঁটাতারের বেড়া দিতে শুরু করে বিএসএফ। কিন্তু বেড়া দেওয়া নিয়ে আপত্তি জানানোয় কাঁটাতারের কাজ বন্ধ করে দিতে হয়। সেই নিয়ে সীমান্ত সন্ত্রাস এলাকাতেও উত্তেজনা ছড়ায়। ঘটনাস্থল থেকে যে ছবি সামনে এসেছে, তাতে ভারতের দিক থেকে 'ভারত মাতা কি জয়', 'বন্দেমাতরম', 'জয় শ্রীরাম' স্লোগান ওঠে। পালটা স্লোগান ভেসে আসে ওপার থেকেও। এই ঘটনাকে ঘিরে উত্তেজনার সৃষ্টি হয়। যদিও বিএসএফ-এর তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্তে শুল্কদেবপুর বিওপির কিছু অংশে জলাভূমি রয়েছে। সেখানেই কাঁটাতার দেওয়ার তোড়জোড় শুরু করে বিএসএফ। কিন্তু বাংলাদেশ সীমান্তরক্ষীদের আপত্তির বিষয়টি জানতে পেরে ঘটনাস্থলে জমায়েত শুরু করে শুল্কদেবপুর গ্রামের স্থানীয় বাসিন্দারা। সময় গড়ানোর



মঙ্গলবার ভোরে ভূমিকম্পের পর বিধ্বস্ত দক্ষিণ-পশ্চিম চিনের টাংলাই গ্রাম।

## এলিভেটেড করিডর সেবকে

১৪০০ কোটি বরাদ্দ কেন্দ্রের

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : যোগাযোগ হয়েছিল '২৩-এর মে মাসে। অর্থ বরাদ্দ হয়ে গেল '২৫-এর শুরুতে। সেবক সেনাছাউনি থেকে সেবক বাজার পর্যন্ত ১৪ কিলোমিটার রাস্তার জন্য নীতিন গড়করির মন্ত্রক বরাদ্দ করল ১,৪০০ কোটি টাকা। ফলে বালাসন সেতু থেকে এলিভেটেড হাইওয়ের যে কাজ চলছে, তা সম্প্রসারিত হচ্ছে সেবক বাজার পর্যন্ত। শুধু তাই নয়, দার্জিলিং ও কালিঙ্গপুরের একাধিক রাস্তা সহ সিকিমের লাইফলাইন নিয়েও নতুন উদ্যোগ নিচ্ছে সড়ক পরিবহনমন্ত্রক।

বাগ্রাণের মতো ১০ নম্বর জাতীয় সড়ককেও নতুন রূপ দেওয়ার চেষ্টা চলছে বলে মন্ত্রক সূত্রে খবর। যে কারণে রাস্তাটির দায়িত্ব দেওয়া হয়েছে ন্যাশনাল হাইওয়ে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডকে। এলিভেটেড হাইওয়ের নতুন অংশের অর্থ বরাদ্দের নথি প্রকাশ্যে এনে দার্জিলিংয়ের সাংসদ রাজু বিস্ট বলছেন, 'সড়ক যোগাযোগ ব্যবস্থায় বিপ্লব ঘটছে। পরিকল্পনামাফিক বেশ কিছু রাস্তা তৈরি করা হচ্ছে। ফলে পাহাড়, সমতল দুই অংশের মানুষ ব্যাপকভাবে উপকৃত হবেন। দেশের নিরাপত্তা ব্যবস্থাও জোরালো হবে। প্রসার ঘটবে পর্যটনে।' শিলিগুড়ি শহরকে কেন্দ্র করে রিং রোড তৈরির আশ্বাসও নতুন করে দিয়েছেন সাংসদ।

সিকিমগামী বিকল্প পথ আশা জাগিয়েছে উত্তরে। বাগ্রাণকট থেকে চুইখিম হয়ে নতুন রাস্তা ও লুপ পুল দেখতে ভিড় বাড়ছে পর্যটকদেরও।

কেন্দ্রীয় সড়ক পরিবহনমন্ত্রক সূত্রে খবর, কিছুদিনের মধ্যেই তৈয়ারি প্রক্রিয়া শেষ করে নতুন রাস্তা তৈরির কাজ শুরু করে দেওয়া হবে।

কেন্দ্রীয় সড়ক পরিবহনমন্ত্রক সূত্রে খবর, কিছুদিনের মধ্যেই তৈয়ারি প্রক্রিয়া শেষ করে নতুন রাস্তা তৈরির কাজ শুরু করে দেওয়া হবে।

এই কাজ শেষ হবে তিন বছরের মধ্যে। অর্থাৎ ২০২৮ সালেই সেবক বাজার পর্যন্ত এলিভেটেড হাইওয়ে দিয়ে গাড়ি ছুঁতে পারবে।

অদূর ভবিষ্যতে সেবক বাজার থেকে দ্বিতীয় করোনেশন সেতু মাথা তুলবে। যে কারণেই রাস্তাটিকে সেবক বাজার পর্যন্ত নিয়ে যাওয়া হচ্ছে। নতুন ১৪ কিলোমিটার রাস্তায় উড়ালপুল তৈরি হবে সেবক থেকে জাপানের একটি সড়ক বিশেষায়িত সংস্থা।

গত কয়েক বছরে বর্ষায় বিপর্যস্ত হয়ে পড়ছে ১০ নম্বর জাতীয় সড়ক। একে ধরে নিয়ে গিয়ে চলতি বছরও বর্ষায় সময় প্রায়দিন বন্ধ ছিল রাস্তাটি। ১০ নম্বর সড়ককে বাঁচাতে ধসপ্রবণ এলাকায় উড়ালপুল তৈরির পরামর্শ দিয়েছে জাপানের একটি সড়ক বিশেষায়িত সংস্থা।

গত কয়েক বছরে বর্ষায় বিপর্যস্ত হয়ে পড়ছে ১০ নম্বর জাতীয় সড়ক। একে ধরে নিয়ে গিয়ে চলতি বছরও বর্ষায় সময় প্রায়দিন বন্ধ ছিল রাস্তাটি। ১০ নম্বর সড়ককে বাঁচাতে ধসপ্রবণ এলাকায় উড়ালপুল তৈরির পরামর্শ দিয়েছে জাপানের একটি সড়ক বিশেষায়িত সংস্থা।

এদিনই মালদা-রত্না-ফুলহর সেকশনে ৫০ কিলোমিটার দুই লেনের রাস্তার জন্য বরাদ্দ হয়েছে ৮৫০ কোটি টাকা। ফলে ওই পথেও ভোগান্তি কমবে অচিরে। আপাতত সেই আশাতেই রয়েছে উত্তরবঙ্গ।

এদিনই মালদা-রত্না-ফুলহর সেকশনে ৫০ কিলোমিটার দুই লেনের রাস্তার জন্য বরাদ্দ হয়েছে ৮৫০ কোটি টাকা। ফলে ওই পথেও ভোগান্তি কমবে অচিরে। আপাতত সেই আশাতেই রয়েছে উত্তরবঙ্গ।

এদিনই মালদা-রত্না-ফুলহর সেকশনে ৫০ কিলোমিটার দুই লেনের রাস্তার জন্য বরাদ্দ হয়েছে ৮৫০ কোটি টাকা। ফলে ওই পথেও ভোগান্তি কমবে অচিরে। আপাতত সেই আশাতেই রয়েছে উত্তরবঙ্গ।

এদিনই মালদা-রত্না-ফুলহর সেকশনে ৫০ কিলোমিটার দুই লেনের রাস্তার জন্য বরাদ্দ হয়েছে ৮৫০ কোটি টাকা। ফলে ওই পথেও ভোগান্তি কমবে অচিরে। আপাতত সেই আশাতেই রয়েছে উত্তরবঙ্গ।

এদিনই মালদা-রত্না-ফুলহর সেকশনে ৫০ কিলোমিটার দুই লেনের রাস্তার জন্য বরাদ্দ হয়েছে ৮৫০ কোটি টাকা। ফলে ওই পথেও ভোগান্তি কমবে অচিরে। আপাতত সেই আশাতেই রয়েছে উত্তরবঙ্গ।

ভূমিকম্পে তিব্বতে হত ১২৬, কাঁপল বঙ্গও

লাসা, ৭ জানুয়ারি : তখনও ঘুম চোখ। তার মধ্যে বিপদ এসে হাজির। তিব্বত, নেপাল, ভূটান, বাংলাদেশের পাশাপাশি ভারতের বেশ কিছু এলাকা নড়ে উঠল ভূমিকম্পে। ভারত বা নেপালে তেমন ক্ষয়ক্ষতির খবর নেই। কিন্তু তিব্বতে নিয়ে এল মৃত্যুমিছিল। মঙ্গলবার সকালের ওই ঘটনায় রাত পর্যন্ত ১২৬ জনের মৃত্যুর খবর পাওয়া গিয়েছে। জখম অবস্থায় উদ্ধার করা হয়েছে কমপক্ষে ১৮৮ জনকে। তাদের ঘরের মতো ভেঙে পড়েছে হাজারের বেশি ঘরবাড়ি।

চীনের ভূমিকম্প নেটওয়ার্ক কেন্দ্র কম্পনের মাত্রা রিখটার স্কেলে ৬.৮ বলে জানালেও মার্কিন ভূতাত্ত্বিক সমীক্ষা সংস্থা (ইউএসজিএস) ৭.১

বলে উল্লেখ করেছে। ৬.৮ মাত্রার ভূমিকম্প নিঃসন্দেহে শক্তিশালী। যাকে ক্ষতিগ্রস্ত হয়েছে নতুন ওয়াশিংটন থেকে মঙ্গলবার ভোর পর্যন্ত শিলিগুড়ি সংলগ্ন ইস্টার্ন বাইপাস এলাকায় ব্যাপক মারামারির ঘটনা ঘটে। এতে দুই ব্যক্তি গুরুতর জখম হয়েছেন। তাদের শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ওই ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ পাঁচজনকে গ্রেপ্তার করেছে। গৃহদের নাম পিটু মণ্ডল, রাহুল রায়, সুজন কুণ্ডু, হার্দিক কুমার ও রোশন লামজাদে। রোশনের বাড়ি সিকিমে, হার্দিক গুজরাটের বাসিন্দা। বাকিরা শিলিগুড়ি পুলিশ কমিশনারেট এলাকার বাসিন্দা। এনজেলি থানার এক আধিকারিক জানান, অভিযোগের ভিত্তিতে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনার তদন্ত করা হচ্ছে।

অপহরণে ঘিরে মধ্যরাতে ধুকুমার মিঠুন ভট্টাচার্য

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : শহরের বুকে ফের অপহরণের চেষ্টা চালিয়েছিল একদল দুষ্কৃতী। মুক্তিপণ চেয়ে এক লক্ষ টাকা দাবি করা হয়। ঘটনাকে কেন্দ্র করে সোমবার গভীর রাত থেকে মঙ্গলবার ভোর পর্যন্ত শিলিগুড়ি সংলগ্ন ইস্টার্ন বাইপাস এলাকায় ব্যাপক মারামারির ঘটনা ঘটে। এতে দুই ব্যক্তি গুরুতর জখম হয়েছেন। তাদের শিলিগুড়ি জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ওই ঘটনায় জড়িত সন্দেহে পুলিশ পাঁচজনকে গ্রেপ্তার করেছে। গৃহদের নাম পিটু মণ্ডল, রাহুল রায়, সুজন কুণ্ডু, হার্দিক কুমার ও রোশন লামজাদে। রোশনের বাড়ি সিকিমে, হার্দিক গুজরাটের বাসিন্দা। বাকিরা শিলিগুড়ি পুলিশ কমিশনারেট এলাকার বাসিন্দা। এনজেলি থানার এক আধিকারিক জানান, অভিযোগের ভিত্তিতে পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। ঘটনার তদন্ত করা হচ্ছে।

অপহরণের নেপথ্যে অনলাইন বেটিং, জুয়া এবং একটি নির্দিষ্ট দুষ্কৃতী দলের যোগ রয়েছে বলে পুলিশ সূত্রে খবর। ঘটনার খবর চাউর হতেই শোরগোল পড়েছে শহর ও হতহতলিতে।

ইস্টার্ন বাইপাসের ভিআইপি মোড় সংলগ্ন জয়গায় বাড়ি অভিযানের পশ্চিমের ওই এলাকায় বাবা বাচ্চু গুপ্ত ও অভিনবন দুজনে মিলে পানের দোকান চালান।

এরপর দশের পাতায়

নমোকে দিশা দেখাবেন উত্তরের চার কৃতী

সপ্তর্ষি সরকার

ধূপগুড়ি, ৭ জানুয়ারি : বিশ্বে শিল্পোৎপাদনে ভারতবর্ষকে শক্তিকেন্দ্র হিসেবে গড়ে তুলতে আশামীর ভাবনা কী হওয়া উচিত, সে বিষয়ে দেশের প্রধানমন্ত্রীকে নিজস্বের পরিকল্পনার কথা শোনাবেন উত্তরবঙ্গের তিন তরুণ ও এক তরুণী। আগামী ১১ জানুয়ারি স্বামীর জন্মদিনে দিল্লির 'ভারত মণ্ডপম প্রেক্ষাগৃহ'-এ অনুষ্ঠিত বিকশিত ভারতের লক্ষ্যে তরুণ নেতাদের সঙ্গে

রাজেশ দাস

গোপালপুর, ৭ জানুয়ারি : রুই, কাতল, মুগেল, ইলিশ, বোরোলি, পুটি। এই দুনিয়ায় হাজারো রকমের মাছ থাকলেও সেই সমস্ত প্রজাতির বিষয়ে সাধারণ মানুষের জ্ঞান কিন্তু মোটা মুটিভাবে সীমিতই। এ নিয়ে কারও মনে যদি কোনও আক্ষেপ থাকে তবে মাথাভাঙ্গা-১ ব্লকে গোপালপুর গ্রাম পঞ্চায়েতের ভেলাকোপা গ্রামে লক্ষ্মীকান্ত বর্মনের মাছ বাঁড়ি যোগাযোগে যোগাযোগে মিলবে। নানা আকারের কাচের জারে সংরক্ষিত অবস্থায়। গোটা বাড়িটাকেই তিনি মাছের মিউজিয়াম বানিয়ে ফেলেছেন। উল্লেখযোগ্য বিষয় বলতে যে সমস্ত মাছ নিয়ে তার এই মিউজিয়াম, সবই উত্তরবঙ্গের বিভিন্ন নদীতে মেলে। লক্ষ্মীকান্ত ইচ্ছে একটাই, নতুন

## ১৫৬ প্রজাতির মাছের মিউজিয়াম

মাছের মিউজিয়াম? শুনে খটকা লাগছে? দেশে কিন্তু এমন অনেক মিউজিয়াম আছে। কলকাতা জাদুঘরে জুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া (জেডএসআই) এমন একটি ফিশ মিউজিয়াম আছে। লখনউতে জাতীয় মাছ জাদুঘর রয়েছে। দেশে এমন আরও কয়েকটি নজির থাকলেও উত্তরবঙ্গে সম্ভবত নেই। আর এখানেই লক্ষ্মীকান্ত কামাল

জাদুঘরে জুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া (জেডএসআই) এমন একটি ফিশ মিউজিয়াম আছে। লখনউতে জাতীয় মাছ জাদুঘর রয়েছে। দেশে এমন আরও কয়েকটি নজির থাকলেও উত্তরবঙ্গে সম্ভবত নেই। আর এখানেই লক্ষ্মীকান্ত কামাল

জাদুঘরে জুলজিকাল সার্ভে অফ ইন্ডিয়া (জেডএসআই) এমন একটি ফিশ মিউজিয়াম আছে। লখনউতে জাতীয় মাছ জাদুঘর রয়েছে। দেশে এমন আরও কয়েকটি নজির থাকলেও উত্তরবঙ্গে সম্ভবত নেই। আর এখানেই লক্ষ্মীকান্ত কামাল

ভেলাকোপা গ্রামে নিজের মিউজিয়াম দেখাচ্ছেন লক্ষ্মীকান্ত বর্মন।

## নবান্নের নির্দেশে সিল 'অবৈধ' রিসর্ট

চোখ খুলে দেয় উত্তরবঙ্গ সংবাদ

বাগডোগরা, ৭ জানুয়ারি : যে রিসর্টের খোঁজ ছিল না প্রশাসনের কাছে, তাতেই মঙ্গলবার তাল্লা বুলল ব্লক প্রশাসনিক কতদের উপস্থিতিতে। মহানন্দা অভয়ারণ্যের ইকো সেনসিটিভ জোন এবং মহানন্দা নদীর ওপর রিসর্ট গড়ে তোলায় মালিক অবদেশ যাদবের বিরুদ্ধে প্রধাননগর থানায় অভিযোগও দায়ের করেছে। ইতিমধ্যে রিসর্ট মালিকের খোঁজ শুরু করেছে পুলিশ।

প্রশাসন। সূত্রের খবর, এদিন নবান্নের নির্দেশে জোন থেকে চাওয়া হয় কীভাবে রিসর্টটি সেখানে তৈরি হল। কিন্তু প্রশাসনের তরফে কোনও সদুত্তর দেওয়া সম্ভব হয়নি। এরপরই জেলা প্রশাসনের তরফে মাটিগাড়া ব্লক প্রশাসনকে দ্রুত পদক্ষেপের নির্দেশ দেওয়া হয়। প্রধাননগর থানার পুলিশকে নিয়ে রিসর্টটিতে যান চিড়িও বিশ্বাস্য দাস, বিএলআরও ক্রেমেন্ট ভূটিয়া সহ ব্লক প্রশাসনের আধিকারিকরা। তাল্লা বুললি সিল করে দেওয়া হয় রিসর্টটি।

অভয়ারণ্যের ইকো সেনসিটিভ জোন কী ধরনের কাজ করা যাবে এবং কী করা যাবে না, তা নিয়ে সুনির্দিষ্টভাবে নির্দেশ রয়েছে বন ও পরিবেশমন্ত্রকের। কিন্তু মাটিগাড়া ব্লকের চম্পাসারি গ্রাম পঞ্চায়েত এলাকার মিলন মোড়ের অদূরে মহানন্দা অভয়ারণ্যের ইকো সেনসিটিভ জোন থেকে চাওয়া হয় কীভাবে রিসর্টটি সেখানে তৈরি হল। কিন্তু প্রশাসনের তরফে কোনও সদুত্তর দেওয়া সম্ভব হয়নি। এরপরই জেলা প্রশাসনের তরফে মাটিগাড়া ব্লক প্রশাসনকে দ্রুত পদক্ষেপের নির্দেশ দেওয়া হয়। প্রধাননগর থানার পুলিশকে নিয়ে রিসর্টটিতে যান চিড়িও বিশ্বাস্য দাস, বিএলআরও ক্রেমেন্ট ভূটিয়া সহ ব্লক প্রশাসনের আধিকারিকরা। তাল্লা বুললি সিল করে দেওয়া হয় রিসর্টটি।

এরপর দশের পাতায়

এরপর দশের পাতায়







১০ জানুয়ারি  
শিলিগুড়িতে  
লিটল  
ম্যাগাজিন মেলা

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : এবার প্রথম শিলিগুড়িতে লিটল ম্যাগাজিন মেলার উদ্বোধন করতে আসছেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাতা বসু। তিনিই এই মেলা শুরু হচ্ছে ১০ জানুয়ারি। মেলায় উত্তরবঙ্গের ৮ জেলার কবি, সাহিত্যিক, গল্পকাররা উপস্থিত থাকবেন। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে আয়োজিত মেলায় সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে শিলিগুড়ি পুরনিগম ও শিলিগুড়ি কলেজ। এবারই শিলিগুড়িতে প্রথম লিটল ম্যাগাজিন মেলা, 'উত্তরের হাওয়ার উদ্বোধন হতে চলেছে।

আসছেন  
শিক্ষামন্ত্রী ব্রাতা

তিনিই এই লিটল ম্যাগাজিন মেলায় ৮ জেলার প্রায় ৪০০ জন কবি, সাহিত্যিক অংশ নেবেন। কলেজে এই উপলক্ষে বিভিন্ন স্টল হবে। এখানে হবে সাহিত্য নিয়ে আলোচনাও। গত বছর কোচবিহারে এবিএন শীল কলেজে এই লিটল ম্যাগাজিন মেলা অনুষ্ঠিত হয়েছিল।

সোমবার মেলা নিয়ে শিলিগুড়ির সমস্ত স্কুল ও কলেজ কর্তৃপক্ষের সঙ্গে বৈঠকে বসেন মেয়র গৌতম দেব। মেলায় স্কুল, কলেজের ছাত্রছাত্রীরা আলোচনায় অংশ নিতে পারবে। বৈঠক শেষে মেয়র বলেন, 'শিলিগুড়ি শহরের পরিপাকার উন্নয়ন শুধু নয়, শিক্ষা, সংস্কৃতি, খেলাধুলোর প্রতিও আমরা প্রথম দিন থেকে নজর দিয়ে আসছি। আমরা চাই, স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা এই মেলায় অংশ নিয়ে আসুক। কাগজ এখানে তিনদিন ধরে উত্তরবঙ্গের বিভিন্ন জেলার কবি, সাহিত্যিক, প্রবন্ধকার, গল্পকাররা থাকবেন। তাদের সঙ্গে প্রমোত্তরও অংশ নিতে পারবে পড়ুয়া'।

উত্তরের  
শিলিগুড়ি

সপ্তদশ শতাব্দীতে কোচবিহারের মহারাজা প্রাণনারায়ণ এবং তার ছেলে মোদনারায়ণ বর্তমান মন্দিরটি পুনঃপ্রতিষ্ঠা করেন। এক একর জমির উপর ১২৭ ফুট উচ্চতাবিশিষ্ট মন্দিরটি ১২৪ ফুট লম্বা এবং ১২০ ফুট চওড়া। মন্দির সংলগ্ন জায়গায় দুই একর আয়তনের স্বর্ণ কুণ্ড নামে পুকুর রয়েছে। সিঁড়ি বেয়ে প্রায় ২০ ফুট নিচে নেমে পুজো দিতে হয়। গোটা দেশের পর্যটকদের কাছে আকর্ষণের কেন্দ্রবিন্দু ময়নাগুড়ির জলেশ্বর মন্দির। ময়নাগুড়ি শহর থেকে ইন্দিরা মোড় হয়ে সার্ক

উত্তরবঙ্গের সর্ববৃহৎ শৈবতীর্থ জলেশ্বর



রোড ধরে গিয়ে বাঁ দিকের পাকা রাস্তা ধরে এগিয়ে গেলেই জরদা পেরিয়ে জলেশ্বর মন্দির। শিবচতুর্দশীতে জলেশ্বরমেলা, বৈশাখ মাসে বৈশাখীমেলা এবং শ্রাবণ মাসে শ্রাবণীমেলা হয় এখানে। এরমধ্যে উল্লেখযোগ্য শ্রাবণীমেলা। সেসময় প্রতি বছর আট থেকে দশ লক্ষ পূজার্থীরা সমাগম হয় সেখানে। প্রতিবর্ষী দেশ ভূটান, সিকিম, বাংলাদেশ, অসম, বিহার থেকেও অসংখ্য পূজার্থী আসেন পুজো দিতে। মন্দির থেকে ১০ কিলোমিটার দূরে তিস্তা এবং জলঢাকা নদীর তীরে পূজার্থীদের জন্য স্নানের ঘাট করা হয়। এছাড়া এখানে নিত্যদিনের পুজো ও ভোগ রান্না হয়। শিবচতুর্দশীর রাতে মন্দিরে পুজো হয়। মন্দির থেকে সামান্য দূরত্বে মাঠে মেলা বসে। জলেশ্বরমেলায় মাঠে জলপাইগুড়ি জেলা পরিষদের স্থায়ী সাংস্কৃতিক মঞ্চ রয়েছে। জলেশ্বরমেলায় ১০ দিন এই সাংস্কৃতিক মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। মন্দির এবং এখানকার বিভিন্ন মেলকে ঘিরে এখানে ব্যবসায় ও বেশ জমজমাট হয়। লক্ষ লক্ষ পূজার্থী ভিড় জমান এখানে। বিভিন্ন মেলায় বাইরের বহু স্টল আসে এখানে প্রতি বছর নিয়মিত। পরিচালনার জন্য ট্রাস্টি বোর্ড রয়েছে।

নীলবাতির  
গাড়িতে সৌরভ

ভাস্কর শর্মা



আলিপুরদুয়ার, ৭ জানুয়ারি : এখন তিনি কোনও জনপ্রতিনিধি নন। সরকারি কোনও বড় পদেও আর নেই। তা সত্ত্বেও নীলবাতি লাগানো গাড়িতে চেপে বিতর্কে জড়ানেন আলিপুরদুয়ারের তৃণমূল নেতা সৌরভ চক্রবর্তী। মঙ্গলবার ফালাকাটার একটি অনুষ্ঠানে যোগ দিতে এসেছিলেন আলিপুরদুয়ারের প্রাক্তন বিধায়ক। তখনই তিনি একটি নীলবাতি লাগানো গাড়ি থেকে নামেন। কেবল এদিনই নয়, অভিব্যোগ, উত্তরবঙ্গের বিভিন্ন জায়গায় নীলবাতি লাগানো গাড়িতে চেপেই তাঁকে নাকি যাতায়াত করতে দেখা গিয়েছে। কিন্তু কোন পদাধিকার বলে নীলবাতির গাড়িতে চাপছেন সৌরভ? প্রশ্ন উঠেছে। সর্বব হয়েছে বিরোধীরাও।

নতুন বিতর্ক

- ফালাকাটার একটি অনুষ্ঠানে এসে নীলবাতি লাগানো গাড়ি থেকে নামেন সৌরভ চক্রবর্তী
- সৌরভ এখন জনপ্রতিনিধি নন, শুধু একটি সমবায় ব্যাংকের চেয়ারম্যান পদে
- গাড়িটি এই সমবায় ব্যাংকের নামেই রেজিস্ট্রেশন করা হয়েছে
- সৌরভের যুক্তি, তিনি একটি পুলকারে চেপেছিলেন
- সরকারি তথ্যই স্পষ্ট, সৌরভ অজুহাত দিচ্ছেন

রাজ্যের অতিরিক্ত অ্যাডভোকেট জেনারেল, মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যরা, পুলিশের ডিরেক্টর জেনারেল ও অতিরিক্ত ডিরেক্টর জেনারেল সহ জেলায় জেলা শাসক ও এসপি, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা, ডিজিটেল কমিশনার, জেলা পরিষদের সভাপতি সহ আরও বেশ কয়েকজন সরকারি পদাধিকারী। সৌরভ তো এর মধ্যে কোনওটাই নন। এদিন তার নীলবাতির গাড়ি কারও চোখ এড়ায়নি। বিজেপির জেলা সহ সভাপতি জয়ন্ত রায় পুলিশের ব্যর্থতাকেই দায়ী করেননি। তার কথায়, 'আলিপুরদুয়ারের জনগণ ২০২১ সালেই সৌরভ চক্রবর্তীকে ছেড়ে ফেলে দিয়েছে। তার পরেও ক্ষমতার লোভ ছাড়তে পারেননি। তাই নিজের ক্ষমতা দেখাতে বেআইনিভাবে গাড়িতে নীলবাতি লাগিয়ে ঘুরে বেড়াচ্ছেন।'

প্রাক্তন বিধায়কের এমন নীলবাতি লাগানো গাড়ি ব্যবহারের বিষয়ে অবশ্য তেমন কিছু বলতে চাননি আলিপুরদুয়ারের বর্তমান বিধায়ক সুমন কাঞ্জাল। তার কথায়, 'বিষয়টি আমার নজরে আসেনি। তাই আমি কিছু বল না।' আর তৃণমূলের জেলা সভাপতি প্রকাশ চিকবড়াইককে অবশ্য এদিন ফোনে পাওয়া যায়নি।

দেহ ফেরানোই দুঃসাধ্য

ভিনরাজ্যে মৃত হরিশ্চন্দ্রপুরের পরিযায়ী শ্রমিক

সৌরভকুমার মিশ্র

হরিশ্চন্দ্রপুর, ৭ জানুয়ারি : সদস্যের চরম অভাব। আবার অসুস্থ বাবার জন্যও চিকিৎসার টাকা প্রয়োজন। সেই টাকা জোগাড়ে এবং পরিবারের সদস্যদের মুখে হাসি ফোটাতে এক মাস আগে চতুর্দশীতে নিমার্গশ্রমিকের কাজে গিয়েছিলেন হরিশ্চন্দ্রপুরের ধানরা গোহিলা গ্রামের আকালুর রায় (৪৫)। কিন্তু ভাগ্যের নিষ্ঠুর পরিহাসে বড়ই অফলে সোমবার দুপুরে সেখানেই মাটিচাপা পড়ে মৃত্যু হয় তার। এখন আর্থিক কারণে বাড়িতে দেহ ফেরানো নিয়ে চিন্তায় পড়েছে ওই পরিযায়ী পরিবার। অবশ্য প্রশাসনের তরফে পরিবারটি যাতে সমস্তকম সহায়তা পায়, তার আশ্বাস দেওয়া হয়েছে।

শ্রমিকের মৃত্যুমিছিল অব্যাহত। বছরের শুরুতেই ফের ভিনরাজ্যে মৃত্যু হল আরেক শ্রমিকের। এক মাস আগে আকালুর চতুর্দশীতে মৃত্যু হলে আরেক শ্রমিকের মুখে হাসি ফোটাতে এবং আমার চিকিৎসার অর্থ জোগাড় করতেই ছেলে ভিনরাজ্যে গিয়েছিল। এখন ছেলের নিখর দেহ ফিরবে বাড়িতে। এলাকায় কাজ না পেয়ে বাইরে গিয়েছিল। এরপর সংসার কীভাবে চলবে বুঝতে পারছি না। ছেলের দেহ যে ফিরিয়ে আনব, সেই টাকার সংস্থান এখনও করতে পারছি না।' জেলা পরিষদ সদস্য তৃণমূলের মর্জিনা খাতুনের আশ্বাস, 'খুবই মর্মান্তিক ঘটনা। শুনতে পেলাম ভিনরাজ্যে নিমার্গকাজে গিয়ে মাটিচাপা পড়ে মৃত্যু হয়েছে আকালুর। পরিবারটি যাতে প্রশাসনের তরফে সমস্ত সহায়তা পায়, আমি সেই ব্যবস্থা করব।'

হরিশ্চন্দ্রপুর-১ রকের বিডিও সৌমেন মণ্ডল জানান, 'প্রশাসনের ত্রাণ তহবিল থেকে ওই শ্রমিকের পরিবারকে সমস্তকম সাহায্য করা হবে।' আকালুর মর্মান্তিক পরিণতিতে স্থানীয় শিক্ষক রফিকুল আলম ক্ষোভ প্রকাশ করে বলেন, 'এলাকায় কর্মসংস্থান নেই। তাই স্থানীয় তরুণ, এমনকি বৃদ্ধরাও কাজের সন্ধানে বাইরে চলে যাচ্ছেন। আর সাদা কাপড়ে কফিনবন্দি হয়ে এলাকায় তাঁদের দেহ ফিরছে। প্রশাসন থেকে জনপ্রতিনিধি কারও কোনও জ্ঞপ্তি নেই। কিছু সরকারি সাহায্য দিয়ে তাঁরা দায় বেড়ে ফেলছেন।' এদিকে কবে, কীভাবে ছেলের দেহ ফেরাবে সেই চিন্তায় আকালুর আকালুর হতভাগ্য পরিবার।

শোক আকালুর বাবা অজন রায়ের আক্ষেপ, 'সংসারের মুখে হাসি ফোটাতে এবং আমার চিকিৎসার অর্থ জোগাড় করতেই ছেলে ভিনরাজ্যে গিয়েছিল। এখন ছেলের নিখর দেহ ফিরবে বাড়িতে। এলাকায় কাজ না পেয়ে বাইরে গিয়েছিল। এরপর সংসার কীভাবে চলবে বুঝতে পারছি না। ছেলের দেহ যে ফিরিয়ে আনব, সেই টাকার সংস্থান এখনও করতে পারছি না।' জেলা পরিষদ সদস্য তৃণমূলের মর্জিনা খাতুনের আশ্বাস, 'খুবই মর্মান্তিক ঘটনা। শুনতে পেলাম ভিনরাজ্যে নিমার্গকাজে গিয়ে মাটিচাপা পড়ে মৃত্যু হয়েছে আকালুর। পরিবারটি যাতে প্রশাসনের তরফে সমস্ত সহায়তা পায়, আমি সেই ব্যবস্থা করব।'

বিএসএফের  
জালে ৬  
বাংলাদেশি

দীপেন রায়

মেখলিগঞ্জ, ৭ জানুয়ারি : ভারতের বিভিন্ন জায়গায় একের পর এক বাংলাদেশি জঙ্গি ধরা পড়ছে। সেই কারণে দিল্লি, মুম্বই সহ বিভিন্ন জায়গায় বাংলাদেশিদের খোঁজে তদন্ত শুরু করেছে পুলিশ। সেই ভয়ে মুম্বইয়ে থাকা বাংলাদেশিরা দেশে ফিরে যেতে সোমবার রাতে জড়ো হয়েছিল মেখলিগঞ্জের ভোটাভাড়িতে। কিন্তু শেখরক্ষা হল না। গোপন সূত্রে খবর পেয়ে ভোটাভাড়ির কৃষিফার্ম সংলগ্ন এলাকা থেকে দুই শিশু সহ ৬ বাংলাদেশিকে গ্রেপ্তার করে বিএসএফ।

বছর আগে নাদিল ও কাবিল অবৈধভাবে ভারতে অনুপ্রবেশ করেছিল। পরবর্তীতে কাবিল তার ক্রীকে নিয়ে আসে। ভারতে রীতিমতো সংসার করেছিল কাবিল। ভারতেই জন্ম হয়েছে তার দুই ছেলের। করণ আউটপোস্টে যে

খরপাকড়ের জের

- ভোটাভাড়ির কৃষিফার্ম সংলগ্ন এলাকা থেকে দুই শিশু সহ ৬ বাংলাদেশিকে গ্রেপ্তার
- তাদের সকলের বাড়ি বাংলাদেশের নড়াইল জেলায়
- মুম্বইয়ে ধরপাকড় শুরু হওয়ায় তারা সেখান থেকে বাংলাদেশে ফেরার চেষ্টা করে
- বাংলাদেশিদের সঙ্গে গ্রেপ্তার এক ভারতীয় পাচারকারী

বাংলাদেশি মহিলা ধরা পড়েছে সেও নাদিল ও কাবিলদের সঙ্গে থাকত মুম্বইয়ে। তাদের সকলের বাড়ি বাংলাদেশের নড়াইল জেলায়। মুম্বই থেকে একইসঙ্গে এসে মেখলিগঞ্জে ভাগ হয়ে দেশে ফেরার পরিকল্পনা করেছিল তারা। তাদের কাছে জাল ভারতীয় পরিষপত্র রয়েছে বলে মনে করছেন গোয়েন্দারা।

হেরিটেজ স্বীকৃতিতে বঞ্চিতই জলপাইগুড়ি

ময়নাগুড়ির জলেশ্বর মন্দির, বটেশ্বর, জটিলেশ্বর মন্দির, সদরথৈ-এর মতো শৈবতীর্থ ছাড়াও চালসা পোলো ক্লাব, মালবাজার মহকুমার একাধিক প্রাচীন গির্জা, সামসিংয়ের গুম্ফা থেকে চা কর সাহেবদের কবরখানা ও কয়েকটি মসজিদ সহ জলপাইগুড়ির ৪২টি হেরিটেজ নিমাণের তালিকা রাজ্য হেরিটেজ কমিশনে জমা পড়েছিল ২০১১ সালে।

পূর্ণেন্দু সরকার

জলপাইগুড়ি জেলার শতাধিক ঐতিহাসিক ঐতিহ্য ও স্থাপত্যের একটিরও 'হেরিটেজ' স্বীকৃতি মেলেনি। এমনকি কোচবিহার হেরিটেজ শহর হলেও এখানকার প্রাচীন নিমাণগুলি নিয়ে গত এক দশকে কোনও পদক্ষেপ করেনি রাজ্য হেরিটেজ কমিশন। যদিও ২০১১ সালে রাজ্য হেরিটেজ কমিশনের উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে উত্তরবঙ্গজুড়ে সম্ভাব্য হেরিটেজ তালিকা তথ্য ও ছবি সংগ্রহের পাঠিয়েছিল। আজও জলপাইগুড়ির ক্ষেত্রে সেই স্বীকৃতি অথই জলে। রাজ্য হেরিটেজ কমিশনের সদস্য জলপাইগুড়ির ডঃ

আনন্দগোপাল ঘোষ বলেন, '১০০ বছর বা তার বেশি পুরোনো সম্পত্তি বা স্থাপত্যকে হেরিটেজ স্বীকৃতি দেওয়া হয়। আমি কমিশনের সদস্য হওয়ার পর একটি বৈঠকে অংশ নিয়েছিলাম।' জলপাইগুড়ি শহরে শিক্ষা দপ্তরের অধীনে থাকা গুর্ড দপ্তরের বিপরীতে কোচবিহার মহারাজার তৈরি করা অয়রন হাউস আজ পরিভ্রম্য অবস্থায় পড়ে রয়েছে। চা বাগানের সাহেবদের তৈরি ক্লাব রোডের ইউরোপিয়ান স্টাইলের অবস্থাও জরাজীর্ণ। তেলিপাড়ার তত্ত্বাবধায় ভবনের বারান্দায় চায়ের দোকান বসে। সমাজপাড়ার আনন্দা ভবনের পুরানো মঞ্চ খুলে নতুন করে করা হয়েছে। ভবনের মাঠে ঐতিহাসিক স্বাধীনতা আন্দোলনের সভা সমিতির স্মৃতি নিয়ে অবশ্য



কোচবিহারের মহারাজার তৈরি অয়রন হাউস অবহেলায় পড়ে।

পড়ে রয়েছে। নয়বস্তির প্রাচীন চার্চটি এখনও অপেক্ষায় আছে কবে হেরিটেজ স্বীকৃতি মিলবে। বৈকুণ্ঠপুর রাজপ্রাসাদের এক অংশ এখন খণ্ডখণ্ড। অন্য অংশ মেরামত করে পরিবারের লোকজন থাকেন। রাজবাড়ির হেরিটেজ সম্পত্তি নিয়ে

কলকাতা হাইকোর্টের জলপাইগুড়ি সার্কিট বেন্চে মামলা চলছে। শুধু জলপাইগুড়ি শহরের সম্ভাব্য হেরিটেজ নিমাণের ছবিটা এতটাই বিবর্ধ।

আর্যনাট্য সমাজের কাঠের মুখে শিশির ভাদুড়ি, হেমন্ত মুখোপাধ্যায়, দেবব্রত বিশ্বাস, সূচিমা মিত্র, কেলুচরণ মহাপাত্রের মতো দিকপালরা অন্তর্দান করে গিয়েছেন।

ময়নাগুড়ির জলেশ্বর মন্দির, বটেশ্বর, জটিলেশ্বর মন্দির, সদরথৈ-এর মতো শৈবতীর্থ ছাড়াও চালসা পোলো ক্লাব, মালবাজার মহকুমার একাধিক প্রাচীন গির্জা, সামসিংয়ের গুম্ফা থেকে চা কর সাহেবদের কবরখানা ও কয়েকটি মসজিদ সহ জলপাইগুড়ির ৪২টি হেরিটেজ নিমাণের তালিকা রাজ্য হেরিটেজ কমিশনে জমা পড়েছিল ২০১১ সালে। পরে জলপাইগুড়ি জেলা প্রশাসন থেকে সেই তালিকা বাড়িয়ে শতাধিক করা হয়েছিল। তারপর থেকে আর কোনও আগ্রহই দেখায়নি রাজ্য হেরিটেজ কমিশন।

সবচেয়ে আশ্চর্যের ঘটনা হল, রাজ্য হেরিটেজ কমিশন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়কেই উত্তরবঙ্গের নোডাল এজেন্সি করে হেরিটেজ সম্পত্তির তালিকা পাঠাতে বলেছিল। সেইসময় থেকে গত বছর অক্টোবর পর্যন্ত কমিশনে উত্তরবঙ্গ থেকে একজন প্রতিনিধিকেও রাখা হয়নি। গত নভেম্বরে আনন্দগোপাল ঘোষকে সদস্য করা হয়। কিন্তু এতদিনেও একবারের জন্য প্রতিনিধিত্ব পাঠিয়ে বা জলপাইগুড়ি নিয়ে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত তালিকা সরেজমিনে খতিয়ে দেখেনি কমিশন।

**অটল পেনশন যোজনা**  
নিয়মিত কিস্তি জমা করুন,  
এবং একটি সুন্দর জীবন  
যাপন করুন মাথা উঁচু করে

৬০ বছর বয়স থেকে নিশ্চিত সুবিধা পেতে  
অটল পেনশন যোজনা নিয়মিত কিস্তি  
জমা করা বাধ্যতামূলক।

১ সারাজীবনের জন্য নিশ্চিত সর্বনিম্ন মাসিক পেনশন (টাঃ ১০০০ থেকে টাঃ ৫০০০)

২ একই নিশ্চিত পেনশনের অর্থমূল্য গ্রাহকের মৃত্যুর পরবর্তীতে তাঁর স্ত্রীর জন্য বরাদ্দ হবে।

৩ দুজনের মৃত্যুর পরবর্তীতে তাদের ৬০ বছর অবধি সঞ্চিত সংকলিত অর্থমূল্য মনোনীত ব্যক্তির কাছে ফেরত দেওয়া হবে।

এখন পর্যন্ত ৬.৮৫ কোটি গ্রাহক অটল পেনশন যোজনায় নিজেদের নাম নথিভুক্ত করেছেন।

যোগ্যতা : ভারতীয় নাগরিক যাদের বয়স ১৮-৪০ বছরের মধ্যে এবং যাদের ব্যাংক আকাউন্ট রয়েছে তাঁরা অটল পেনশন যোজনায় যোগদান করতে পারবেন।

নিজের নিকটবর্তী ব্যাংক/পোস্ট অফিসে আজই যোগাযোগ করুন অথবা কল করুন ১৮০০১১০০৬৯ (টোল ফ্রি) অথবা [www.pfrda.org.in](http://www.pfrda.org.in) ওয়েবসাইট পরিদর্শন করুন।

**ডিয়ার সাপ্তাহিক লটারির**  
১ কোটির বিজয়ী হলেন  
কলকাতা-এর এক বাসিন্দা

১৩.১০.২০২৪ তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির ৪২৬ ৯৪৩৪২ নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি কলকাতার অবস্থিত নাগাল্যান্ড রাজ্য লটারির নোডাল অফিসারের কাছে পুরস্কার দাবির স্বার্থ সহ তার বিজয়ী টিকিট জমা দিয়েছেন। বিজয়ী বদলেন 'ডিয়ার লটারি আমাকে কোটিপতি বানিয়ে একটি নতুন জীবন উপহার দিয়েছে। এই বয়সে এটি আমার জন্য অকল্পনীয় একটি সাহায্য, কারণ নিজের আর্থিক স্থিতিশীলতার সাথে বেঁচে থাকার জীবনের অঙ্গল পড়ি। আমার সমস্ত ধন্যবাদ ডিয়ার লটারিকে জানাই।' ডিয়ার লটারির প্রতিটি ড্র সঙ্গায়িত দেখানো হয় তাই এর সত্যতা প্রমাণিত।

পশ্চিমবঙ্গ, কলকাতা - এর একজন বাসিন্দা শেখ মুজিবুর রহমান - কে



# শিলিগুড়ি ও ইসলামপুর হাসপাতালের দুই ছবি

## অন্তর্বিভাগে

### আজ থেকে চালু

### ই-প্রেসক্রিপশন



জেলা হাসপাতালে রোগীকল্যাণ সমিতির বৈঠক। মঙ্গলবার। - তপন দাস

**রঞ্জিত ঘোষ**

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : শিলিগুড়ি জেলা হাসপাতালে চালু হতে চলেছে ই-প্রেসক্রিপশন। এর ফলে হাসপাতালে আসা সমস্ত রোগীর চিকিৎসা সংক্রান্ত যাবতীয় নথি অনলাইনে নথীভুক্ত থাকবে। সমসাময়িক রোগীর পরিচর্যার মোবাইলে মেসেজ পাঠানো হবে। ধাপে ধাপে বহির্বিভাগে চালু করা হবে ই-প্রেসক্রিপশন। মঙ্গলবার জেলা হাসপাতালের রোগীকল্যাণ সমিতির বৈঠকের পরে চেয়ারম্যান গৌতম দেব এই কথা জানিয়েছেন।

রাজ্যের বেশ কয়েকটি মেডিকেল কলেজ ও হাসপাতালে ই-প্রেসক্রিপশন চালু হয়েছে। উত্তরবঙ্গ মেডিকেল সাজারি, মেডিসিন বিভাগে ওই ব্যবস্থা চালু রয়েছে। বাকি বিভাগগুলিতেও দ্রুত এই ব্যবস্থা চালু করার প্রক্রিয়া চলছে। জেলা হাসপাতালে আপাতত অন্তর্বিভাগে কোনও রোগী ভর্তি হলে তাঁর চিকিৎসা সংক্রান্ত যাবতীয় তথ্য অনলাইনে নথীভুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

চিকিৎসকরা জানিয়েছেন, কোনও রোগীর এক্স-রে রক্ত পরীক্ষা করা হলে সংশ্লিষ্ট বিভাগ থেকে রিপোর্ট তৈরির পর তা অনলাইনে আপলোড করে দেওয়া হবে। অন্তর্বিভাগে কম্পিউটারে চিকিৎসক সেই রিপোর্ট দেখে নিতে পারবেন। পাশাপাশি রোগীর পরিচর্যার মোবাইলেও সেই রিপোর্ট সংক্রান্ত মেসেজ চলে আসবে। সেখানে রিপোর্ট ডাউনলোডের জন্য লিংক দেওয়া থাকবে। এই ব্যবস্থা চালু হলে বারবার রিপোর্টের জন্য ল্যাবরেটরিতে ছুটতে হবে না। চিকিৎসায় গতি আসবে বলে মত চিকিৎসকদের।

গৌতম বলেন, 'এই ব্যবস্থা চালু হলে রোগীর সমস্ত তথ্য স্বাস্থ্য দপ্তরের হাতে আপলোড করা থাকবে।

### কেন্দ্র চালু

খড়িবাড়ি, ৭ জানুয়ারি : ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর অনুমোদিত খড়িবাড়ি উচ্চ বিদ্যালয়ের প্রশিক্ষণকেন্দ্রের উদ্বোধন হল মঙ্গলবার। রায়পুরিতে এই প্রশিক্ষণকেন্দ্রের উদ্বোধন করেন খড়িবাড়ি পঞ্চায়েত সমিতির সভাপতি রত্না রায় সিংহ। উপস্থিত ছিলেন শিলিগুড়ি মহকুমা পরিষদের কর্মধ্যক্ষ কিশোরীমোহন সিংহ, রক ইউথ অফিসার ললিতা লামা প্রমুখ। খড়িবাড়ি রকেট ২৯ বছর পর প্রশিক্ষণকেন্দ্র চালু হল।

### মারধর

বাগডোগরা, ৭ জানুয়ারি : মাটিগাড়া পরিবেশনগরে সোমবার রাতে অরবিন্দকুমার চৌধুরী নামে এক ব্যক্তির ফ্ল্যাটে ঢুক তাকে মারধর করে মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে কয়েকজন দুষ্কৃতীর বিরুদ্ধে। অরবিন্দ মঙ্গলবার মাটিগাড়া থানায় এই মর্মে অভিযোগ দায়ের করেছেন। অভিযোগের ভিত্তিতে ঘনানার তদন্ত শুরু করেছে পুলিশ।

# জিটিএ আইডল পাহাড় খুঁজবে প্রতিভা

**রঞ্জিত ঘোষ**

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : ইন্ডিয়ান আইডল, সারোগামা-এর মতো রিয়েলিটি শো-এর জনপ্রিয়তা বিস্তৃত আসন্ন হিমালয়ে। এই প্রতিযোগিতাগুলি থেকে অনেক ভালো ভালো গায়ক উঠে এসেছেন। পাহাড় ছেলেমেয়েদের মধ্যে সংগীতচর্চার যে ঐক্য রয়েছে, তা কারও অজানা নয়। পাহাড়ের ছেলে প্রশান্ত তামাং, অ্যালবার্ট কাবোয় খ্যাতি অর্জন করেছে। তারাও এমনই প্রতিযোগিতার মধ্যে দিয়ে নিজের প্রতিভা তুলে ধরেছিলেন। পাহাড়ের সংগীতচর্চাকে গুরুত্ব দিয়ে শিল্পীদের উৎসাহ দিয়ে তাদের প্রতিভা তুলে ধরার সুযোগ করে দিতে এবার 'জিটিএ আইডল' প্রতিযোগিতা শুরু করতে চলেছে গোখল্যান্ড টেলিভিশনের অ্যাডমিনিস্ট্রেশন (জিটিএ)। পাহাড়ের ৪৫টি সমষ্টি এলাকার প্রত্যেকটিতে এই প্রতিযোগিতা হবে।



# অপেক্ষার তালিকা দীর্ঘ

## কর্মীর অভাবে পরিষেবা ঘাটতি

**শুভজিৎ চৌধুরী**

ইসলামপুর, ৭ জানুয়ারি : বেশ ঘটা করে ইসলামপুর মহকুমা হাসপাতালে ডায়ালিসিস ইউনিট গড়ে তোলা হয়েছিল। বেশ জোর দিয়ে বলা হয়েছিল এতে সাধারণ মানুষের তোগাতি অনেকেই কমে যাবে। কিন্তু কোথায় কী! পরিষেবা চালু হওয়া সত্ত্বেও হয়রানি থেকে মুক্তি নেই। যাঁদের নিয়মিত ডায়ালিসিস করানোর প্রয়োজন, তাঁরা ঠিকমতো পরিষেবা পাচ্ছেন না। আগের মতোই তাঁদের বাড়তি টাকা খরচ করে শিলিগুড়ি অথবা রায়গঞ্জে গিয়ে ডায়ালিসিস করাতে হচ্ছে। এর কারণ কী? যেখানে ২৪ ঘণ্টা পরিষেবা দেওয়ার কথা, সেখানে কর্মীর অভাবে মাত্র ছয় ঘণ্টা পরিষেবা দেওয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

হাসপাতালের সহকারী সুপার সন্দীপন মুখোপাধ্যায় সমস্যাের কথা স্বীকার করে নিয়েছেন। তাঁর বক্তব্য, 'কর্মীর অভাবে সবাইকে পরিষেবা দেওয়া যাচ্ছে না। যে বেসরকারি সংস্থার সঙ্গে এই ইউনিট চালানোর চুক্তি হয়েছে, তাদেরকে দ্রুত পঞ্চাশ কর্মী নিয়োগ করার কথা বলা হয়েছে।' তিনি আশাবাদী, 'দ্রুত ওয়েটিং লিস্টে থাকা রোগীদের পরিষেবা দিতে পারবে।

গত বছর নবেম্বর মাসে পিপিপি মডেলে ইসলামপুর মহকুমা হাসপাতালে চালু হয় ডায়ালিসিস ইউনিট। উদ্বোধনের দিন জেলা এবং মহকুমা শাসকের পাশাপাশি বিধায়ক এবং পুরসভার চেয়ারম্যানও উপস্থিত ছিলেন। ডায়ালিসিস নিয়ে এলাকার মানুষের আর সমস্যা থাকবে না বলে দাবি করেছিলেন সকলেই। কিন্তু আদৌ সমস্যা মিটল কি না সে ব্যাপারে খোঁজ নেওয়ার ফরাসত তাঁদের নেই। এদিকে, বহু রোগী ডায়ালিসিস না করিয়ে বাড়ি ফিরে যাচ্ছেন।

হাসপাতাল সূত্রে খবর, এই মুহূর্তে ডায়ালিসিস ইউনিটে পাঁচ শয্যা সুবিধা রয়েছে। নিম্নুক্ত রয়েছে একজন চিকিৎসক এবং দুজন টেকনিসিয়ান। চুক্তি অনুযায়ী পঞ্চাশ কর্মী দিয়ে এই ইউনিট ২৪ ঘণ্টা চালু রাখার কথা। কিন্তু মাত্র তিনজনকে দিয়ে ছয় ঘণ্টা পরিষেবা দেওয়া হচ্ছে। যার ফল ভুগছেন বহু রোগী। জানা গিয়েছে, এখন ২০ জন রোগীর ডায়ালিসিস করানো হচ্ছে। অপেক্ষার তালিকায় রয়েছেন ৩৫ জন।

### পনছি বনু উড়তি ফির... কেন্দ্র চালু



রোহিণীতে প্যারাগ্লাইডিং। মঙ্গলবার সূত্রধরের তোলা ছবি।

# সমস্ত দায় উর্ধ্বতনের ঘাড়ে

শিলিগুড়ি শহরের গা ঘেঁষে ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত। যেন একটুকরো শহরই। কিন্তু সেখানে সমস্যা নানাবিধ। তৃণমূলের হাত থেকে গত পঞ্চায়েত ভোটে বোর্ড কেড়ে নিয়েছে বিজেপি। তারপর কি বদলেছে ছবিটা? কী বলছেন প্রধান? শুনলেন **মিঠুন ভট্টাচার্য**

## জনতার চার্জশিট

জনতা : বহু এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। কবে মিটেবে? প্রধান : রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি দপ্তর অত্যন্ত ধীরগতিতে কাজ করছে। রক প্রশাসনকে বিষয়টি জানিয়েছি।

জনতা : শুধুমাত্র ছোট নালা তৈরি করে নিকাশি সমস্যা মিটেবে? প্রধান : গ্রাম পঞ্চায়েত সদস্যরা যেভাবে আকশন প্ল্যান তৈরি করে দিচ্ছেন, সেভাবেই কাজ করার চেষ্টা করছি। তবে স্থায়ী সমাধানের জন্য মাস্টার প্ল্যান দরকার। রাজ্যের বিভিন্ন দপ্তরের সহযোগিতা ছাড়া সেটা সম্ভব নয়।

জনতা : সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের কাজ কেন চালু হয়নি? প্রধান : জমি সমস্যার কারণে বারবার প্রকল্পের কাজ আটকে যাচ্ছে। কয়েকবার সরকারি জমি চিহ্নিত করে কাজ শুরু করতে গিয়েও বাধা পেয়েছিলাম।

জনতা : ফুটপাথ দখল হচ্ছে। কোনও ব্যবস্থা নিচ্ছেন না কেন? প্রধান : ফুটপাথ দখলমুক্ত করার জন্য বারবার ব্যবসায়ীদের বলা হয়। বলাবলি পর কিছুদিন সব ঠিক থাকে। তারপর ফের দখল হয়ে যায়।

জনতা : ইস্টার্ন বাইপাস এলাকায় পার্কিং ব্যবস্থা ছাড়াই তৈরি হচ্ছে আবাসন, শপিং মল, বাজার। অনুমতি পাচ্ছে কীভাবে? প্রধান : যেসব ক্ষেত্রে

## ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত



মিতালি মালিকার প্রধান, ডাবগ্রাম-২ গ্রাম পঞ্চায়েত

## একনজরে

রক : রাজগঞ্জ জনসংখ্যা : ১,৫৬,৬৬৫ আয়তন : ৮১০ বর্গ কিলোমিটার মোট সংসদ : ৩০টি

পরে লিখিত আদেশনামা দিতে বলা হয়েছিল। কোনও উত্তর না পেয়ে ফের কর আদায় শুরু হয়েছে।

জনতা : প্রধান হিসেবে কাজ করতে কোনও অসুবিধে হচ্ছে? প্রধান : কাজ করতে দেওয়া হচ্ছে না। বেশিভাগ কাজ করতে হচ্ছে পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে। পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, এসসেডিও, উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর, কেউ কথা শুনছে না। সাংসদ-বিধায়ক তহবিলের টাকায় কিছু কাজ করার কথা হয়েছিল। সেটাও প্রশাসন আটকে দিয়েছে।

## চোপড়ায় গ্রেপ্তার পাঁচ ছিনতাইকারী

চোপড়া, ৭ জানুয়ারি : চোপড়া থানা এলাকায় পৃথক দুটি ছিনতাইয়ের ঘটনায় মোট পাঁচজনকে গ্রেপ্তার করা হয়েছে। গত রবিবার সন্ধ্যায় সোনাপুর হাটে শিলিগুড়ির এক স্বর্ণ ব্যবসায়ীকে আয়োজক ঘেঁষিয়ে টাকার ব্যাগ ছিনতাইয়ের ঘটনায় তরফি দোকানের এক কর্মচারী সহ তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

বাড়ি ফেরার পথে গাড়িতে গুটার সময় স্বর্ণ ব্যবসায়ী পরিমল মোদককে আয়োজক দেখায় দুষ্কৃতীরা। এরপর পরিমলের থেকে টাকার ব্যাগ ছিনিয়ে বাইকে উঠে চম্পট দেয়। তদন্ত শুরু করে ২৪ ঘণ্টার মধ্যেই সোমবার রাতে মহম্মদ রেজাবুল, দয়াল বসাক ও শুভম কর্মকার নামে তিনজনকে গ্রেপ্তার করে পুলিশ।

## পুলিশ হেপাজত

অন্যদিকে, গত ২৬ ডিসেম্বর কালাগছে দিনেদুপুরে এক মহিলার টাকার ব্যাগ ছিনতাইয়ের ঘটনায় দীপেশ গোস্বামী ও সঞ্জয় গোস্বামী নামে দুজনকে ফাঁটপুকুর থেকে গ্রেপ্তার করেছে পুলিশ। ওই ঘটনায় গ্রেপ্তারের সংখ্যা বেড়ে দাঁড়াল তিন। পুলিশ জানিয়েছে, দুটি ঘটনায় গৃহ পাঁচজনকে মঙ্গলবার ইসলামপুর মহকুমা আদালতে তোলা হলে চারদিনের পুলিশ হেপাজতের নির্দেশ দিয়েছেন বিচারক।

## ঘরছাড়াদের কাজ দেওয়ার দাবি

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : ডাবগ্রাম-১ গ্রাম পঞ্চায়েতের লালটং বস্তি ও চমকডাঙ্গির বাসিন্দারা দীর্ঘ কয়েক মাস থেকে ঘরছাড়া। এলাকায় নেই পরিষ্কৃত পানীয় জলের ব্যবস্থা, অবিলম্বে শ্রমিকদের ১০০ দিনের বদলে ২০০ দিন কাজ দিতে হবে। মঙ্গলবার এমনই সব দাবি তুলে গ্রাম পঞ্চায়েত অফিস ঘরোওয়ার ডাক দেয় ডিওয়াইএফআই ডাবগ্রাম উত্তর লোকাল কমিটি। সংগঠনের সম্পাদক বুলেট সিংয়ের অভিযোগ, 'তৃণমূল শাসিত এই গ্রাম পঞ্চায়েতে মানুষকে ন্যূনতম পরিষেবা দেওয়া হচ্ছে না। দুটি বস্তি এলাকার মানুষ কয়েক মাস থেকে আশ্রয় শিবিরে রাত কাটাচ্ছেন।'

সংগঠনের সদস্য রিয়া ভদ্র বলেন, 'আমরা প্রধানকে বলেছি অবিলম্বে সমস্ত সমস্যার সমাধান করতে। সেটা না করা হলে আমরা বৃহত্তর আন্দোলনে নামব।' এদিনের অভিযানে সংগঠনের সভাপতি

গৌতম রায় সহ অনেকেই উপস্থিত ছিলেন।

যদিও ডিওয়াইএফআইয়ের এই সমস্ত দাবিকে হাস্যকর বলে উড়িয়ে দিয়েছে স্থানীয় তৃণমূল নেতৃত্ব। গ্রাম পঞ্চায়েত প্রধান আরতি রায়ের প্রতিক্রিয়া, 'আমরা দুটি বস্তির মানুষের থাকার ব্যবস্থা করব না? দু'মাস আগে থেকে প্রশাসন সেই নিয়েই কাজ করছে। ১০০ দিনের কাজ কেন্দ্রের প্রকল্প আর মানুষ কতদিনের জন্য কাজ পাবে তা গ্রাম পঞ্চায়েত ঠিক করতে পারে না।'

ডিওয়াইএফআইকে এরপর থেকে হোমওয়ার্ক করে আসার পরামর্শ দিয়েছেন রাজগঞ্জ পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মধ্যক্ষ অঞ্জন দত্ত। এদিন সেরক রোড থেকে মিছিল করে গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে আসেন সংগঠনের সদস্যরা। সেখানে থেকেই উত্তরবঙ্গ থানার পুলিশ উপস্থিত ছিল।

## স্কুলছুটদের বাড়ি থেকে নিয়ে আসবেন শিক্ষক

মঞ্জুর আলম

চোপড়া, ৭ জানুয়ারি : স্কুলছুটদের খোঁজে মঙ্গলবার চোপড়ার নর্থ সার্কেলের স্কুল পরিদর্শক (প্রাইমারি) ফারুক মণ্ডল কামারগছ প্রাইমারি ও জুনিয়ার হাইস্কুলের শিক্ষকদের নিয়ে সোনানখারি গ্রামে যান। সেখানে প্রাথমিক স্তরের ১০ জন স্কুলছুট পড়ুয়ার খোঁজ মিলতেই তাদের পরিবারের লোকজনকে সঙ্গে কথা বলেন। শেষমেশ সিদ্ধান্ত নেওয়া হয়েছে, প্রত্যেকদিন একজন শিক্ষক স্কুলে যাওয়ার আগে ওই পড়ুয়াদের বাড়িতে যাবেন। তাদেরকে নিজের সঙ্গে স্কুলে নিয়ে যাবেন ওই শিক্ষক। এ প্রসঙ্গে ফারুক বলেছেন, 'সোনানখারি গ্রামে ১০ জন পড়ুয়া স্কুলছুট। নতুন শিক্ষাবর্ষে তারা এখনও স্কুলে ভর্তি হননি। তাদের পরিবারের লোকজন ছেলেমেয়েদের স্কুলে পাঠাতে আগ্রহ দেখিয়েছেন। যেহেতু বাবা-মায়েরা সকালেই কাজে বেরিয়ে যান, সে কারণে কামারগছ স্কুলের একজন শিক্ষককে বিশেষ দায়িত্ব দেওয়া হয়েছে। আগামী এক মাস স্কুলে আসার আগে প্রতিদিন ওই শিক্ষক গ্রামে গিয়ে ১০ জন পড়ুয়াকে স্কুলে নিয়ে যাবেন।

চোপড়া সার্কেলের স্কুল

## পুলিশের জালে প্রধাননগরের 'জমি মফিয়া'

শমীদীপ দত্ত

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : অবশেষে জমি বেদখল কাণ্ডের পদাঙ্ক হল। প্রধাননগর থানা এলাকায় শিলংয়ের বাসিন্দা শ্রেণীলা গুরুয়ের জমি দখল হয়ে যাওয়ার ঘটনায় দুজনকে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতদের মধ্যে একজন উজ্জল সিং। পুলিশের খাতায় 'জমি মফিয়া' হিসেবে তার নাম আগেই উঠেছে। আরেক ধৃত উজ্জলের শাণের অজয় দত্ত।

পুলিশ সূত্রে খবর, উজ্জলের বিরুদ্ধে এর আগেও প্রধাননগর ও সংলগ্ন এলাকায় জমি দখলের একাধিক অভিযোগ জমা পড়েছিল। সোমবার রাতে উজ্জলকে দেবীডাঙ্গা এবং অজয়কে সমরনগর এলাকা থেকে পাকড়াও করা হয়। ধৃতদের মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তুলে নিজেদের হেপাজতে নিয়েছে পুলিশ। প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার জানিয়েছেন, ভিনদেশী এনকি ভিনরাজ্যেও জমির মালিকদের নিয়মিত না আসার সুযোগ নিয়ে তাদের নামে ভূমি মালিক দেখিয়ে জমি দখলের চক্র গড়ে তুলেছিল উজ্জল।

শ্রেণীলা কালকটে ২০০৯ সালে ওই জমি কিনেছিলেন। গত বছর সেপ্টেম্বর মাসে শ্রেণীলা এসে দেখেন, জমির চারপাশে সীমানা প্রাচীর দেওয়া হয়েছে। এরপর তিনি খোঁজখবর নিয়ে জানতে পারেন, সীমা সাহা নামে সমরনগরের এক মহিলা ওই জমি কিনেছেন।

এরপর বাগডোগরায় অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার (শিলিগুড়ি-২) অফিসে গিয়ে তিনি বৃত্তে মালিক, তার নামে এক মহিলা জমির মালিক সেজে ওই জমি বিক্রি করেছেন। তাতে সাক্ষী হিসেবে স্বাক্ষর করে উজ্জল এবং তার দুই শাগরের অজয় ও অশোক গুরু।

শ্রেণীলা গত ১৯ ডিসেম্বর প্রধাননগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছিলেন তদন্তে নামে পুলিশ। এই মাসে শ্রেণীলা মাটিগাড়া বিএলএলআরও অফিসে গিয়ে জানতে পারেন, সীমার নামে জমি খতিয়ানও হয়ে গিয়েছে। জানা যাচ্ছে, উজ্জল ওই জমি ২০ লক্ষ

## এক নয়, একাধিক

■ ভিনদেশী ও ভিনরাজ্যের একাধিক বাসিন্দার জমি এভাবে দখল হয়েছে

■ মাটিগাড়া, ভক্তিনগর থানায় একইধরনের অভিযোগ দায়ের হয়েছে আগে

■ ভূমি নথি দেখিয়ে জমি বিক্রির ঘটনা পুলিশ-প্রশাসনের কাছেও উল্লেখের

টাকায় বিক্রি করেছিল। ঘটনায় তৃতীয় সাক্ষী অশোক গুরুয়ের খোঁজ চলাচ্ছে পুলিশ।

শহর ও শহর সংলগ্ন এলাকায় ভিনরাজ্য ও জেলা থেকে এসে যারা জমি কিনেছেন, তাঁদের মধ্যে বেশ কয়েকজনের জমি এভাবে দখল হয়ে যাওয়ার অভিযোগ উঠেছে আগেই। এই সংক্রান্ত বহু খবর উত্তরবঙ্গ সংবাদে প্রকাশিত হয়েছে বেশ কয়েকবার। এদিকে অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার (শিলিগুড়ি-২) ইয়োগেশ শেরিা এ ব্যাপারে উত্তরবঙ্গ সংবাদকে আগেই বলেছিলেন, 'আমাদের কাজ শুধু রেজিস্ট্রি করা। আমরা স্বেচ্ছায় পরিচর্যণ, সাক্ষী দেখি। এবার সেটা কার জমি, সেটা ক্রেতার দেখে শুনে নেওয়া উচিত।'



## দ্বাদশের ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার

নকশালবাড়ি, ৭ জানুয়ারি : মঙ্গলবার নকশালবাড়ির হাতিঘিয়ায় দ্বাদশ শ্রেণির এক ছাত্রীর অস্বাভাবিক মৃত্যু হল। পুলিশ জানিয়েছে, মৃতার নাম মণিকা রাই (১৯)। সে ওই এলাকার বাসিন্দা। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে শোওয়ার ঘরে ওই ছাত্রীকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান পরিবারের লোকজন। পরে তাকে উদ্ধার করে নকশালবাড়ি প্রাথমিক হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। নকশালবাড়ি থানার পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। পরিবার সূত্রে খবর, ছাত্রীর বাবা কর্মসূত্রে সিকিমে থাকেন। এখানে মা ও বড় দিদির সঙ্গে থাকত মণিকা। সে শিবমন্দিরের একটি বেসরকারি ইংরেজিমাধ্যম স্কুলে দ্বাদশ শ্রেণিতে পড়ত। এদিন থেকে স্কুলে শুরু হয়েছে দ্বাদশ শ্রেণির টেস্ট। তার মধ্যেই ওই ছাত্রী কেন এমন কাণ্ড ঘটাল, তা বুঝে উঠতে পারছেন না পরিবারের লোকজন। পুলিশ তদন্ত শুরু করেছে।



রাজকীয় বেশে। বায়ুবিদ্যুতের ত্রিহানা জঙ্গলে ছবিটি তুলেছেন ফালাকাটার সুমন ভৌমিক।

## বন্ধ বাগানে বৈঠক

### কংগ্রেসের

চোপড়া, ৭ জানুয়ারি : মঙ্গলবার সন্ধ্যায় ধিরনিগাঁও গ্রাম পঞ্চায়েত এলাকায় উদ্যোগের বন্ধ চা বাগানের শ্রমিকদের একাংশকে নিয়ে বৈঠক করল কংগ্রেস। মণ্ডলবস্তিতে এদিন বৈঠকে ছিলেন কংগ্রেস নেতা অশোক রায়, দলের রক সভাপতি মহম্মদ মসিরউদ্দিন প্রমুখ। অশোক রায় বলেন, 'উদ্যোগের পাঁচমৌজ ডিভিশনে বাগানটি আপাতত শ্রমিকরাই দেখাশোনা করেন। শাসকদলের মর্মেতে একটি চক্র শ্রমিকদের কাছে টোকায় বিনিময়ে জমি ভাগ করে দেওয়ার যত্নসহ শুরু করেছে। এর প্রতিবাদে শ্রমিকরা সর্ববয়স্ক হয়েছেন।' শাসকদলের স্থানীয় নেতৃত্ব অবশ্য এই অভিযোগ অস্বীকার করেছে।

## দোকানে চুরি

ফাঁসি দেওয়া, ৭ জানুয়ারি : প্রথমে দোকানের কস্ট্রিক্টের দেওয়াল ভাঙার চেষ্টা করে দুইভীরা, তাতে কাজ না হওয়ায় তারা ভেঙে চুরির অভিযোগ উঠল। মঙ্গলবার ফাঁসি দেওয়া রুকের লিউসিপাকড়ি বাজারে মহম্মদ ইমরান আলির মদুর দোকানের ঘটনা। অভিযোগ, দোকানে থাকা নগদ টাকা এবং বেশকিছু সামগ্রী চুরি গিয়েছে। ইমরান বলেন, 'দোকানের ভেতর জিনিষপত্র ওলটপালট দেখে আমি টের পাই বিষয়টি। চুরি যাওয়া টাকা নিয়ে শিলিগুড়ি থেকে সামগ্রী আনার কথা ছিল।' এই ঘটনায় অন্য ব্যবসায়ীরা আতঙ্কিত। খবর পেয়ে ফাঁসি দেওয়া থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছায়। এদিন রাতে থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। তদন্ত শুরু করেছে পুলিশ।

## জেলা সম্মেলন

ইসলামপুর, ৭ জানুয়ারি : আরজি করের ঘটনায় প্রকৃত দোষীদের শাস্তির দাবি সহ বিভিন্ন ইস্যু নিয়ে ১১ এবং ১২ জানুয়ারি ডালাখোলায় সিপিএমের উত্তর দিনাজপুর জেলা সম্মেলন হবে। সেই কর্মসূচির প্রচারে মঙ্গলবার ইসলামপুর ১ নম্বর এরিয়া কমিটির তরফে ইসলামপুর শহরে ২৪টি মশাল নিয়ে মিছিল বেরিয়েছিল। চৌরঙ্গি মোড়ের এরিয়া পার্টি অফিস থেকে শুরু হয়ে বাস টার্মিনাস হয়ে পার্ক মোড়ে পৌঁছে মিছিল শেষ হয়।

## পড়তে হবে

মঙ্গলবার পাঁচের পাতায় 'ট্রাইবাল কাউন্সিলের সদস্য রোমা' শীর্ষক খবরে শিলিগুড়ি মহকুমা পরিষদের সহকারী সভাপতি রোমা রেশমি একা পড়তে হবে।

## জংশনে গ্রেপ্তার বিহারের তরণ পরিপাটি সাজে মদ পাচার

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : গায়ে দুটি পোশাক, হাতে চকচকে লাল টুলি ব্যাগ। আপাতদৃষ্টিতে দেখলে পর্যটক বলেই মনে হওয়ার কথা। কিন্তু সেই পরিপাটি সাজের আড়ালেই ছিল মদ পাচারের চেষ্টা। সেই চেষ্টা বানাচাল করল প্রধানগণের থানার পুলিশ। মদ পাচারে জড়িত থাকার অভিযোগে সোমবার গভীর রাতে শিলিগুড়ি জংশন এলাকা থেকে বিক্রম কুমার নামে এক তরুণকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের বাড়ি বিহারের মুজফফরপুরে। মঙ্গলবার তাকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেতু নির্দেশ দিয়েছেন।

সোমবার রাতে পুলিশের কাছে খবর আসে, এক তরুণ শিলিগুড়ি থেকে বিহারে মদ পাচারের উদ্দেশ্যে জংশন এলাকায় আসতে পারে। খবর পেয়ে সেখানে হানা দেয় পুলিশ। কিন্তু চেহারা-পরিচয় না জানা থাকায় প্রথমে পুলিশকে বেগ পেতে হয়। এরপর টুলি ব্যাগ নিয়ে এক তরুণকে এদিক-ওদিক ঘোরানোর পর দেখে সন্দেহ হয় পুলিশের। তাকে আটক করে জিজ্ঞাসাবাদ করতই রহস্যের খোলসা হয়। দেখা যায়, টুলি ব্যাগের ভেতরে জামাকাপড়ের আড়ালে অনেকগুলি মদের বোতল রাখা। ব্যাগ থেকে ২০টি মদের বোতল বাজেয়াপ্ত করা হয়েছে। বিক্রম কুমার নামে এক তরুণকে গ্রেপ্তার করা হয়েছে। ধৃতের বাড়ি বিহারের মুজফফরপুরে। মঙ্গলবার তাকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হলে বিচারক ১৪ দিনের জেল হেতু নির্দেশ দিয়েছেন।

## মারধরে অভিযুক্ত তৃণমূল নেতা

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : পারিবারিক বিবাদকে কেন্দ্র করে গণ্ডগোল। সেই গণ্ডগোলে এক পরিবারকে মারধরের অভিযোগ উঠল স্থানীয় তৃণমূল কংগ্রেস পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে। অভিযোগের তির ফুলবাড়ি-১ গ্রাম পঞ্চায়েতের পোড়াবাড়ির পঞ্চায়েত সদস্য শরৎ মণ্ডল ও তার দলবলের দিকে। স্থানীয় সূত্রে খবর, পোড়াবাড়ি পাশাপাশি বাস বিধান ও সুমনের। সেখানে এক জায়গায় রাস্তা অতিরিক্ত সংকীর্ণ। সেই রাস্তা চণ্ডা করা জন দুই পরিবারের মধ্যে জায়গা ছাড়া নিয়ে বিবাদের সৃষ্টি হয়। সেই বিবাদের পরিপ্রেক্ষিতে মারধর করা হয়েছে। কথা বলতে পারছি না। ঘটনায় বিধান নিজেই দাদা সুমন মণ্ডল, শরৎ সহ কয়েকজনের নামে সোমবার নিউ জলপাইগুড়ি থানায় অভিযোগ দায়ের করেছেন। একইদিনে সুমনের স্ত্রী শ্যামলী মণ্ডলও দেওরের পরিবারের বিরুদ্ধে অভিযোগ নিয়ে পুলিশের কাছে হাজির হন। দুই তরফেই অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার তদন্ত করছে পুলিশ। অভিযোগ খারিজ করে শরতের দাবি, 'ওদের পারিবারিক বিবাদ চলছিল। সেখানে আমাকে ডাকা হয়েছিল। বাড়ির লোককে মারধর করার অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন।'

স্থানীয় সূত্রে খবর, পোড়াবাড়ি পাশাপাশি বাস বিধান ও সুমনের। সেখানে এক জায়গায় রাস্তা অতিরিক্ত সংকীর্ণ। সেই রাস্তা চণ্ডা করা জন দুই পরিবারের মধ্যে জায়গা ছাড়া নিয়ে বিবাদের সৃষ্টি হয়। সেই বিবাদের পরিপ্রেক্ষিতে মারধর করা হয়েছে। কথা বলতে পারছি না। ঘটনায় বিধান নিজেই দাদা সুমন মণ্ডল, শরৎ সহ কয়েকজনের নামে সোমবার নিউ জলপাইগুড়ি থানায় অভিযোগ দায়ের করেছেন।

# এবার থেকে ফুলবাড়িতে টাকা দিয়ে স্লট বুকিং সুবিধা পোর্টালে ভুটানের ট্রাক

সাগর বাগাচী  
শিলিগুড়ি, ৭ জানুয়ারি : জল্পনা সত্তা হল। এবার থেকে ফুলবাড়ি স্থলবন্দর হয়ে বাংলাদেশে যেতে হলে ভুটানের বোম্বারবোকাই ট্রাককে সুবিধা পোর্টালে নির্দিষ্ট টাকা দিয়ে স্লট বুক করতে হবে। মঙ্গলবার এমনটাই জানিয়েছেন রাজ্যের পরিবহনমন্ত্রী মেহাশিশ চক্রবর্তী। এদিন কলকাতায় তিনি ফুলবাড়ির ট্রাক মালিকদের এক প্রতিনিধিদলের সঙ্গে বৈঠক করেন। পরে উত্তরবঙ্গ সংবাদকে মেহাশিশ বলেন, 'চ্যাংরাবান্দা সীমান্তে আগে থেকেই সুবিধা পোর্টাল কার্যকর রয়েছে। দূরত্ব কম হওয়া সত্ত্বেও ভুটান থেকে আসা বোম্বারবোকাই ট্রাক চ্যাংরাবান্দা হয়ে বাংলাদেশে না গিয়ে টাকা বাচাতে ফুলবাড়ি স্থলবন্দর দিয়ে ওপার বাংলায়

যাচ্ছিল। তবে এখন থেকে ফুলবাড়ি হয়ে বাংলাদেশে যেতে ভারতের পাশাপাশি ভুটানের ট্রাকগুলিকেও সুবিধা পোর্টালে স্লট বুক করতে হবে। ইতিমধ্যে এই সংক্রান্ত নির্দেশিকা জারি করা হয়েছে।' এখবর জানাজানি হতেই ভারতীয় ট্রাক মালিকদের মধ্যে খুশির হাওয়া। প্রতিনিধি দেশটির ট্রাকগুলিকে সুবিধা পোর্টালের আওতায় আনার পাশাপাশি সেগুলিতে ওভারলোডিং, মডিফিকেশন ছাড়া দাবিতে ফুলবাড়ি বডার লোকাল ট্রাক ওনার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন, ফুলবাড়ি এন্সপোর্টার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন ও ফুলবাড়ি ড্রাইভার অ্যাসোসিয়েশন রিলে অনশন চালাচ্ছিল। এক সপ্তাহ ধরে সংগঠনের সদস্যরা রিলে অনশন চালানোর পর তৃণমূল কংগ্রেসের জলপাইগুড়ি জেলা সভানেত্রী মহয়া



সুবিধা পোর্টালের স্লট বুক করতে ছয় চাকার ট্রাককে ১২০০, ১০ ও ১২ চাকার ট্রাককে ২৫০০ এবং ১২ চাকার চেয়ে বড় ট্রাককে ৬ হাজার টাকা করে দিতে হয়।

গোপের আবেদনে অনশন প্রত্যাহার করে নেওয়া হয়। ফুলবাড়ি বডার লোকাল ট্রাক ওনার্স ওয়েলফেয়ার

পাচ্ছিল, সেই বিষয়টি আমরা মন্ত্রীর সামনে তুলে ধরেছি। সেদেশের ট্রাক সুবিধা পোর্টালের আওতায় আসায় ফুলবাড়ি স্থলবন্দর থেকে প্রতিদিন রাজ্য সরকারের ১০ লক্ষ টাকা আয় হবে।' এদিকে, নয়া নির্দেশিকা জারি হতেই ভুটান থেকে ট্রাক আসা বন্ধ হয়ে গিয়েছে। এদিন পড়শি দেশ থেকে একটিও ট্রাক ফুলবাড়ি স্থলবন্দরে আসেনি। প্রতিদিন গড়ে যেখানে প্রায় ৩০০টি ভুটানের ট্রাক এই সীমান্ত দিয়ে বাংলাদেশে যাচ্ছিল। সুবিধা পোর্টালের স্লট বুক করতে ছয় চাকার ট্রাককে ১২০০, ১০ ও ১২ চাকার ট্রাককে ২৫০০ এবং ১২ চাকার চেয়ে বড় ট্রাককে ৬ হাজার টাকা করে দিতে হয়। সেই অঙ্কে কোনও পরিবর্তন আনা হবে কি না, সেই বিষয়টি এখনও স্পষ্ট নয়।

## জমি সমীক্ষা

ইসলামপুর, ৭ জানুয়ারি : ইসলামপুর শহরের আলিনগর রেলগেটে মঙ্গলবার জমি সমীক্ষা শুরু হয়েছে। এখানে রেলওয়ে ওভারব্রিজ অথবা আভারপাস নির্মাণের দাবি দীর্ঘদিনের। তবে সেসব তৈরির জন্যই এই সমীক্ষা কি না, তা এখনও স্পষ্ট নয়। আদুয়াবাড়ি রোডের স্টেশনমাস্টার বরুণকুমার সিং বলছেন, 'রেলের কাঠিহার ডিভিশন থেকে কাজ হচ্ছে। শুনেছি, জমি সমীক্ষা চলছে। তবে এ বিষয়ে আমার কাছে বিস্তারিত কোনও তথ্য নেই।' তবে আলিনগর-স্টেশন রোড ওভারব্রিজ ডিমাড কমিটির সম্পাদক আব্দুর রহমানের বক্তব্য, 'এদিন এলাকায় জমির সমীক্ষা হতে দেখে আমরা খুবই খুশি। এবার হয়েছে আমরা দীর্ঘ আন্দোলনের ফল পেতে চলছে।'

## গ্রেপ্তার ১

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : নদী থেকে অবৈধভাবে বাসি তুলে পাচারের চেষ্টার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করল প্রধানগণের থানা। ধৃতের নাম বাবুসোনা সরকার। সে মাটিগাড়া থানার পোকাইজোতের বাসিন্দা। সঙ্গে একটি ট্রাস্টারও আটক করেছে পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, সোমবার গভীর রাতে মহানন্দা নদী থেকে বাসি তুলে ট্রাস্টারটি সমরনগর হয়ে পবিত্রনগর দিকে যাচ্ছিল। প্রধানগণের থানার পুলিশকর্মীরা খবর পেয়ে পবিত্রনগরে অভিযান চালান। ট্রাস্টারটি এলাকায় ঢুকলে সেটি আটক করেন তারা। গ্রেপ্তার করা হয় চালক বাবুসোনাকে। মঙ্গলবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়। বিচারক ধৃতের ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দিয়েছেন।

## মিছিল

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : নেনিনের প্রায় দিবস উপলক্ষে আগামী ২১ জানুয়ারি কলকাতায় মিছিলের ডাক দিয়েছে এসইউসিআই। সেই মিছিলকে সফল করার আহ্বান জানানো হল। সেই সঙ্গে আরজি করের ঘটনায় ন্যায়বিচার, মূল্যবৃদ্ধি হ্রাস সহ একাধিক দাবিতে মঙ্গলবার শিলিগুড়িতে এসইউসিআই-এর তরফে মিছিল করা হয়েছে। উপস্থিত ছিলেন দলের জেলা কমিটির সদস্য তন্ময় দত্ত, জয় লোধ প্রমুখ।

## শিলান্যাস

চোপড়া, ৭ জানুয়ারি : মঙ্গলবার চোপড়া রুকের মদনগঞ্জে প্রায় দুই কিলোমিটার রাস্তার কাজের শিলান্যাস করলেন চোপড়ার বিধায়ক লক্ষ্মী কুমার। চোপড়া পঞ্চায়েত সমিতির সহ সভাপতি ফজলুল হক বলেন, 'উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর থেকে এই কাজের জন্য দুই কোটির অধিক টাকা বরাদ্দ করা হয়েছে।'



এনজিপি থানায় বিক্ষোভে শামিল সিকিমের গাড়িচালকরা। মঙ্গলবার। - সংবাদচিত্র

## সিকিমের চালককে হেনস্তার প্রতিবাদ তোলাবাজি বন্ধের দাবিতে বিক্ষোভ

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : নিউ জলপাইগুড়ি (এনজিপি)-তে সিকিমের চালককে হেনস্তার প্রতিবাদে ও সিন্ডিকেটের তোলাবাজি বন্ধের দাবিতে বিক্ষোভ দেখানো হল। মঙ্গলবার সিকিমের পাশাপাশি দার্জিলিং ও কালিঙ্গপুয়ের গাড়িচালকরা একজোট হয়ে এনজিপি থানা চত্বরে বিক্ষোভ দেখান। বিকলে প্রতিবেশী রাজ্যের কয়েকজন চালক সেখানে রীতিমতো হুজুতি শুরু করেন। আইসি সোনিম লামা নিরপেক্ষ তদন্তের আশ্বাস দিলে বিকলে সাড়ে পাঁচটা নাগাদ তাঁরা ফিরে যান। সন্ধ্যাি এনজিপিতে সিকিমের এক চালককে হেনস্তার অভিযোগ ওঠে। এর প্রতিবাদে এদিন সকালে ওই রাজ্যের শতাধিক গাড়িচালক এনজিপি থানায় চলে আসেন। বিক্ষোভে শামিল হন দার্জিলিং, কালিঙ্গপুয়ের চালকরাও। দীর্ঘক্ষণ ধানা চত্বর ঘেরাও করে রাখেন তাঁরা। এনজিপির গাড়িচালক ও সিন্ডিকেটের বিরুদ্ধে স্কোড উগরে দেন। সিকিমের চালক নির্মল প্রসাদের অভিযোগ, 'এনজিপিতে সিন্ডিকেটের নামে এনজিপি থেকে টাকা নেওয়া হয়। এই তোলাবাজি বন্ধ করতে হবে।' দেওয়ালির রাজ তামাং বলেন, 'এনজিপি থেকে যাত্রী তুলতে গেলেই ২০০ টাকা

## মিঠুন ভট্টাচার্য

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : নিউ জলপাইগুড়ি (এনজিপি)-তে সিকিমের চালককে হেনস্তার প্রতিবাদে ও সিন্ডিকেটের তোলাবাজি বন্ধের দাবিতে বিক্ষোভ দেখানো হল। মঙ্গলবার সিকিমের পাশাপাশি দার্জিলিং ও কালিঙ্গপুয়ের গাড়িচালকরা একজোট হয়ে এনজিপি থানা চত্বরে বিক্ষোভ দেখান। বিকলে প্রতিবেশী রাজ্যের কয়েকজন চালক সেখানে রীতিমতো হুজুতি শুরু করেন। আইসি সোনিম লামা নিরপেক্ষ তদন্তের আশ্বাস দিলে বিকলে সাড়ে পাঁচটা নাগাদ তাঁরা ফিরে যান।

## নির্মল প্রসাদ সিকিমের চালক

এনজিপিতে সিন্ডিকেটের নামে জোরজুলুম করে টাকা নেওয়া হয়। এই তোলাবাজি বন্ধ করতে হবে। এনজিপিতে সিন্ডিকেটের নামে এনজিপি থেকে টাকা নেওয়া হয়। এনজিপির সিন্ডিকেট তো কয়েক হাজার টাকা পর্যন্ত কমিশন ধায়। এনজিপি থেকে যাত্রী বিক্ষোভ চলে। এরপর এনজিপির চালকদের এক প্রতিনিধিদল থানায় পৌঁছায়। সেখানে পুলিশের সামনে দুই পক্ষের মধ্যে আলোচনা হয়। সিদ্ধান্ত হয়েছে, সমস্যা মেটাতে আগামী ২০ জানুয়ারি গ্যাটকে উভয়পক্ষের গাড়িচালকরা আলোচনায় বসবে। বিষয়টি নিয়ে এনজিপির ট্যাক্সি ইউনিয়নের সভাপতি উদয় সাহা বলেন, 'পাহাড়ে বাইরের গাড়ি ২০০ টাকা করে দিতে হয়। সিকিমে তো আমাদের এখানকার চালকদের থেকেও টাকা নেওয়া হয়।' তাঁর সংযোজন, 'সিকিমের চালককে যে হেনস্তা করেছে, সে আমাদের সংগঠনের কেউ না। আমরা এসব সমর্থন করি না। ওই ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নিতে আমরাও পুলিশকে বলেছি।'

## উদয় সাহা সভাপতি, এনজিপি ট্যাক্সি ইউনিয়ন

কেও কটামনি নেওয়া হয়। সিকিমে সিন্ডিকেটের নামে এনজিপি থেকে টাকা নেওয়া হয়। এনজিপির চালককে যে হেনস্তা করেছে, সে আমাদের সংগঠনের কেউ না। আমরা এসব সমর্থন করি না। ওই ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নিতে আমরাও পুলিশকে বলেছি।'

## তৃণমূলের অঙ্ক

■ ১৯৭৩ সালের পর প্রথম মহিলা চেয়ারপার্সন পেল দিনহাটা পুরসভা

■ অপর্ণার স্বচ্ছ ভাবমূর্তিতে আস্থা রাখছে শাসকদল

■ জেলায় নবীন-প্রবীণ তৃণমূলের দৃষ্টিতে প্রলেপ দেওয়ার চেষ্টা

■ পুর এলাকায় পিছিয়ে থাকা ওয়ার্ডগুলিতে লিড পাওয়া টার্গেট

■ পাশে থাকার বাতা দিচ্ছেন উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী

হয়েছে। মাঝেমধ্যেই এমনটা হচ্ছে। এসব বন্ধ হওয়া দরকার।' পাহাড়েও এমন সিন্ডিকেট চলে কি না, জিজ্ঞাসা করা হলে তিনি অস্বস্তি এড়িয়ে গিয়েছেন। এক্ষেত্রে তাঁর সংযোজন, 'এমন কোনও প্রমাণ থাকলে দেখান, তখন কথা হবে।' যদিও পাহাড়েও সিন্ডিকেট থাকার কথা স্বীকার করে নিয়েছেন পড়শি রাজ্যের চালক দীপক প্রসাদ। দীপকের কথায়, 'পাহাড়ে খুবই সামান্য টাকা নেওয়া হয়। এনজিপির সিন্ডিকেট তো কয়েক হাজার টাকা পর্যন্ত কমিশন ধায়। এনজিপি থেকে যাত্রী বিক্ষোভ চলে। এরপর এনজিপির চালকদের এক প্রতিনিধিদল থানায় পৌঁছায়। সেখানে পুলিশের সামনে দুই পক্ষের মধ্যে আলোচনা হয়। সিদ্ধান্ত হয়েছে, সমস্যা মেটাতে আগামী ২০ জানুয়ারি গ্যাটকে উভয়পক্ষের গাড়িচালকরা আলোচনায় বসবে। বিষয়টি নিয়ে এনজিপির ট্যাক্সি ইউনিয়নের সভাপতি উদয় সাহা বলেন, 'পাহাড়ে বাইরের গাড়ি ২০০ টাকা করে দিতে হয়। সিকিমে তো আমাদের এখানকার চালকদের থেকেও টাকা নেওয়া হয়।' তাঁর সংযোজন, 'সিকিমের চালককে যে হেনস্তা করেছে, সে আমাদের সংগঠনের কেউ না। আমরা এসব সমর্থন করি না। ওই ব্যক্তির বিরুদ্ধে ব্যবস্থা নিতে আমরাও পুলিশকে বলেছি।'

## দিনহাটা

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : বিক্ষিপ্ত প্লান পাশ জালিয়াতি করেও ল্যাজেগোবরে অবস্থা দিনহাটা পুরসভার। জালিয়াতি করেও একের পর এক পুরকর্মী গ্রেপ্তারের ঘটনায় অস্বস্তি বেড়েছে শাসকদল তৃণমূল কংগ্রেসের। এই অস্থির অবস্থার মাঝেই পুরসভায় চেয়ারম্যান বদল করল তৃণমূল। পুরসভার প্রতি সাধারণ মানুষের ভরসা ফেরাতে স্বচ্ছ ভাবমূর্তির অপর্ণা দে নন্দীর হাতেই দায়িত্ব তুলে দেওয়া হল। অপর্ণাকে দায়িত্ব দিয়ে দল এক টিলে দুই পাখি মারতে চেয়েছে। একদিকে পুরসভার স্বচ্ছ ভাবমূর্তি ফিরিয়ে আনা। অন্যদিকে জেলাজুড়ে নবীন-প্রবীণ তৃণমূলের দ্বন্দ্বের ক্ষতে প্রলেপ দেওয়া। শুধু তাই নয়, আগামীতে ২০২৬ বিধানসভা নির্বাচনে অপর্ণার স্বচ্ছ ভাবমূর্তিকে কাজে লাগাতে চাইছে দল। উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রী উদয় সাহ বলেন, '১৯৭৩ সালের পর প্রথমবার একজন মহিলা চেয়ারপার্সন পেল দিনহাটা পুরসভা। বর্তমান পুরসভার অস্থির পরিস্থিতিতে দল চেয়েছিল ঠাণ্ডা, বীরস্থির মাথার লোক এই দায়িত্ব পাক। সেদিক থেকে রাজ্য অপর্ণার নাম অনুমোদন করেছে। আশা করব উনি সকল কাউন্সিলারকে নিয়ে সুষ্ঠুভাবে পুরসভা চালাবেন। কোনও সহযোগিতার প্রয়োজন হলে আমি সবসময় ওঁর পাশে থাকব।'

## উত্তরবঙ্গ

দিনহাটায় দীর্ঘদিন ধরেই আদি তৃণমূল কর্মীদের অনেকেই কাঁচ ঘরবন্দি। অপর্ণার দাদা আদী নন্দীও জেলার অন্যতম আদি তৃণমূল নেতা। সেদিক থেকে অসীমের বোন অপর্ণাকে চেয়ারপার্সন হিসেবে বসানোয় আদি তৃণমূল কর্মীদের অনেকেই ক্ষেপে চাঙ্গা হনেন। আদি-নবীর দ্বন্দ্বের ক্ষতেও কিছুটা প্রলেপ পড়বে সেক্ষেত্রে। পাশাপাশি প্রতিটি ভোটে দিনহাটা পুরসভার ওয়ার্ডগুলিতে তৃণমূলের পিছিয়ে পড়া কাটিয়ে উঠে নতুন করে দল যাতে লিড পায়, সেই অঙ্কও কাজ করছে দলের কাছে।

# বদলে যাচ্ছে মহকুমা পরিষদের হালধর, বসছে লিফট

নতুন সাউড সিস্টেম বসানো হচ্ছে। হালধরটিতে কোনও অনুষ্ঠান হলে সেখানে ১০০ জন মানুষও ঠিক করে বসতে পারতেন না এতদিন। এই সমস্যা মেটাতে হালধরটির আয়তন বৃদ্ধি করা হচ্ছে। মূলত আয় বৃদ্ধির লক্ষ্যে মহকুমা পরিষদের এই সিদ্ধান্ত।

সাগর বাগাচী  
শিলিগুড়ি, ৭ জানুয়ারি : একে তো ছোট্ট হালধর, তারওপার আবার পাঁচতলায়। কিন্তু সেই লিফট। বর্তমান সময়ে কতজনই বা সিঁড়ি ভাঙতে চান। তাই শিলিগুড়ি মহকুমা পরিষদের হালধরটি এখন বছরের সিংহভাগ সময়ই তালাবন্ধ থাকে। কেউ ভাড়া নিতে না চাওয়ায় মহকুমা পরিষদের এই ক্ষেত্রে আয় তলানিতে ঠেকেছে। এমন পরিস্থিতিতে হালধরের খোলনালতে বদলানোর সিদ্ধান্ত নেওয়া হল। পাশাপাশি, পরিষদের অফিসে লিফট বসানো হচ্ছে। সভাপতি অরুণ ঘোষ বলেন, 'এমনভাবে হালধরটি তৈরি করা হচ্ছে, যাতে তিনশো মানুষ অনায়াসে বসতে পারবে। লিফট বসানোর জায়গা রয়েছে। পূর্ত দপ্তর লিফট বসাবে।



এমন লিফট বসানো হচ্ছে যেখানে সাতজন একসঙ্গে অনায়াসে ওঠানামা করতে পারবেন। লিফট তৈরিতে খুব বেশি সময় লাগবে না। এখন পুরনিগামেও লিফট রয়েছে। কিন্তু তা নেই মহকুমা পরিষদে। ফলে

করার ক্ষেত্রে অগ্রাহ দেখান না তেমন কেউ। বিশেষ করে প্রবীণ নাগরিকরা পাঁচতলা পর্যন্ত উঠতে গিয়ে হাফিয়ে উঠছিলেন। এমন পরিস্থিতিতে প্রায় দেড় কোটি টাকা খরচ করে হালধরকে নতুন রূপ দেওয়ার পাশাপাশি লিফট বসানোর সিদ্ধান্ত হয়েছে। সেখানে নতুন সাউড সিস্টেম বসানো হচ্ছে। হালধরটিতে কোনও অনুষ্ঠান হলে সেখানে ১০০ জন মানুষও ঠিক করে বসতে পারতেন না এতদিন। এই সমস্যা মেটাতে হালধরটির আয়তন বৃদ্ধি করা হচ্ছে। মূলত আয় বৃদ্ধির লক্ষ্যে মহকুমা পরিষদের এই সিদ্ধান্ত। সরকারি হালধর হওয়ায় কম খরচে ভাড়া পাওয়া যাবে। ফলে অনেকেই নতুন করে ভাড়া নেওয়ার জন্য আগ্রহ দেখাবে বলে মনে করছেন সভাপতি অরুণ ঘোষ। 'আমাদের এক চালককে এনজিপিতে হেনস্তা করা

করার ক্ষেত্রে অগ্রাহ দেখান না তেমন কেউ। বিশেষ করে প্রবীণ নাগরিকরা পাঁচতলা পর্যন্ত উঠতে গিয়ে হাফিয়ে উঠছিলেন। এমন পরিস্থিতিতে প্রায় দেড় কোটি টাকা খরচ করে হালধরকে নতুন রূপ দেওয়ার পাশাপাশি লিফট বসানোর সিদ্ধান্ত হয়েছে। সেখানে নতুন সাউড সিস্টেম বসানো হচ্ছে। হালধরটিতে কোনও অনুষ্ঠান হলে সেখানে ১০০ জন মানুষও ঠিক করে বসতে পারতেন না এতদিন। এই সমস্যা মেটাতে হালধরটির আয়তন বৃদ্ধি করা হচ্ছে। মূলত আয় বৃদ্ধির লক্ষ্যে মহকুমা পরিষদের এই সিদ্ধান্ত। সরকারি হালধর হওয়ায় কম খরচে ভাড়া পাওয়া যাবে। ফলে অনেকেই নতুন করে ভাড়া নেওয়ার জন্য আগ্রহ দেখাবে বলে মনে করছেন সভাপতি অরুণ ঘোষ। 'আমাদের এক চালককে এনজিপিতে হেনস্তা করা

করার ক্ষেত্রে অগ্রাহ দেখান না তেমন কেউ। বিশেষ করে প্রবীণ নাগরিকরা পাঁচতলা পর্যন্ত উঠতে গিয়ে হাফিয়ে উঠছিলেন। এমন পরিস্থিতিতে প্রায় দেড় কোটি টাকা খরচ করে হালধরকে নতুন রূপ দেওয়ার পাশাপাশি লিফট বসানোর সিদ্ধান্ত হয়েছে। সেখানে নতুন সাউড সিস্টেম বসানো হচ্ছে। হালধরটিতে কোনও অনুষ্ঠান হলে সেখানে ১০০ জন মানুষও ঠিক করে বসতে পারতেন না এতদিন। এই সমস্যা মেটাতে হালধরটির আয়তন বৃদ্ধি করা হচ্ছে। মূলত আয় বৃদ্ধির লক্ষ্যে মহকুমা পরিষদের এই সিদ্ধান্ত। সরকারি হালধর হওয়ায় কম খরচে ভাড়া পাওয়া যাবে। ফলে অনেকেই নতুন করে ভাড়া নেওয়ার জন্য আগ্রহ দেখাবে বলে মনে করছেন সভাপতি অরুণ ঘোষ। 'আমাদের এক চালককে এনজিপিতে হেনস্তা করা









প্রশ্ন বিচারকের

এসএসকেএম থেকে উদ্ধার হওয়া জ্যোতিপ্রিয় মল্লিকের চিঠি নিয়ে মঙ্গলবার নিম্ন আদালতের বিচারকের একাধিক প্রশ্নের মুখে পড়ল ইডি।



৫৮ হাজার

ডায়মন্ড হারবারের তৃণমূল সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে সেবাস্রয় স্বাস্থ্যশিবিরে পাঁচদিনে ৫৮ হাজার মানুষ পরিষেবা পেয়েছেন।



আজ বৈঠক

৫ ও ৬ ফেব্রুয়ারি বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলন হবে। তার আগে বুধবার নব্বায়ে প্রশাসনিক বৈঠক ডাকলেন মুখ্যমন্ত্রী। বৈঠকে মুখ্যসচিব সহ শিল্প দপ্তরের কতারা থাকবেন।



কোর্টের দ্বারস্থ

গণধর্ষণের অভিযোগে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন সন্দেহখালির এক মহিলা। এই ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ করেছেন তিনি।



শীতের সকালে মল্লিক ঘাটে। মঙ্গলবার আবার চৌধুরীর তোলা ছবি।

নন্দীগ্রামে 'গদ্যার' স্লোগান শুভেন্দুকে

কলকাতা, ৭ জানুয়ারি : নন্দীগ্রামে শহিদ দিবসের অনুষ্ঠান গিয়ে তৃণমূলের মুখে 'গদ্যার শুভেন্দু' স্লোগান হলে বিরোধী দলনেতাকে। আক্রমণ আর পালটা আক্রমণে শহিদ দিবসের অনুষ্ঠান এবারও তৃণমূল-বিজেপির কাদাছোড়াছুড়ি থেকে রেহাই পেল না।

প্রতিবছরের মতো মঙ্গলবার নন্দীগ্রামে শহিদ দিবস পালনের আয়োজন করেছিল তৃণমূল। জমি রক্ষার আন্দোলনে ২০০৭ সালের ৭ জানুয়ারি পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে গুলিতে নিহত হন জমি আন্দোলনের তিন কর্মী। সেই ঘটনার জন্য সিপিএমকে দুই শহিদ তপস্কর শুরু। এরপর থেকে দিনটিতে স্মরণ করে প্রতিবছর নন্দীগ্রামের সোনাচুড়ায় শহিদ দিবস হিসাবে পালন করে তৃণমূল। তৃণমূলে থাকাকালীন শুভেন্দুই ছিলেন এই কর্মসূচির কাভারি। কিন্তু, ২০২০ সালের পর ১৯ ডিসেম্বর বিজেপিতে যোগ দেওয়ার পর থেকে শহিদ দিবস পালনের এই কর্মসূচি নিয়ে টানা পোড়াতের স্তর তৃণমূল বনাম বিজেপিতে, লোকে বলে আসলে তৃণমূল বনাম শুভেন্দুতে। এদিন সেই শহিদ দিবস উপলক্ষেই মঙ্গলবার ভোরে সোনাচুড়ার ভাঙোবেড়ায় শহিদ মঞ্চ যান তৃণমূলের রাজ্য নেত্রী জয়া দত্ত, পটাসপুরের বিধায়ক ও জেলা সভাপতি উত্তম বারিক ও প্রাক্তন মন্ত্রী অখিল গিরির নেতৃত্বে ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির সদস্যরা। সেই মঞ্চ থেকেই শুভেন্দুকে নিশানা করেন তৃণমূল নেতারা। শুভেন্দুকে 'গদ্যার' বলে কলি দেন তাঁরা। তৃণমূলের কর্মসূচির পরে নন্দীগ্রামের শহিদ দিনটির আসনে শুভেন্দু। শহিদ বেদিতে মাল্য দিয়ে তৃণমূলের বিরুদ্ধে পাঠাটা তোপ দাগেন তিনিও। নাম না করে আনু সূক্ষ্মাঙ্গনে উদ্দেশ্যে বলেন, 'তারারচাঁদবাড় থেকে একটা চোর আজ সকালে এখানে এসে আমাকে গালাগালি করেছে। একটা জাহাজ বাড়ি বানিয়েছে চোরটা।' হুঁশিয়ারি দিয়ে বলেন, 'আমি যার দিকে তাকাই তার কী অবস্থা হয় দেখেছেন উনি? ওর অবস্থা সন্দেহখালির শাহজাহানের মতো হবে।'

বিকাশের মস্তব্যে কটাক্ষ

কলকাতা, ৭ জানুয়ারি : রাজ্যটা চোরদের হাতে যাওয়ার জন্য কার্তিক, গণেশপূজা নিয়ে এখন মাতামাতি বন্ধ। মা যদি ডাকাত হন, তাহলে তাঁর সন্তানসন্ততির তো চোর হবেই। কলকাতার উলটোভাঙায় একটি বই প্রকাশ অনুষ্ঠানে গিয়ে সিপিএম সাংসদ বিকাশ ভট্টাচার্য মঙ্গলবার এই মস্তব্যে করেন। হিন্দু দেব-দেবীদের নিয়ে এই ধরনের অসম্মানজনক মন্তব্যের জন্য সিপিএম সাংসদ বিকাশ ভট্টাচার্যের মানসিক ভারসাম্য নিয়েই কটাক্ষ করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

হিন্দু দেব-দেবীদের নিয়ে বিকাশের এই মন্তব্যে দারুণ চটেছেন শুভেন্দু। এক্স হ্যাণ্ডলে এর প্রতিবাদ করে শুভেন্দু বলেন, হিন্দু দেব-দেবীদের হেয় করা নিয়ে সিপিএমের এই বঙ্গপাচা মনোভাব উনি আগেও দেখিয়েছেন। নিজেকে ধর্মনিরপেক্ষ দেখাতে হলে উনি সংখ্যালঘু মুসলিমদের ধর্ম-বিশ্বাস নিয়ে কিছু মন্তব্য করে দেখান। না হলে লোকে ওঁর মানসিক ভারসাম্য নিয়ে প্রশ্ন করবে। যদিও শুভেন্দুর আক্রমণের জবাবে বিকাশ বলেন, 'আমি কৌতুক করে বলেছি। তবে আমার মানসিক ভারসাম্য নিয়ে যারা হিন্দু, সেই শুভেন্দুকে বলব, হিন্দু চিন্তিত, সেই শুভেন্দুকে বলব, হিন্দু চিন্তিত আপন দিনরাত যা করে বেড়াচ্ছেন, তাতে নিজের মানসিক ভারসাম্য ঠিক আছে তো?'

ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী ২০০০ কোটি খরচে ব্যর্থ সরকার

দীপ্তানন্দ মুখোপাধ্যায়

কলকাতা, ৭ জানুয়ারি : প্রতিটি প্রকল্পের কাজ সময়ে শেষ করার জন্য বারবার সতর্ক করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পঞ্চদশ অর্থ কমিশনের মেয়াদ শেষ হতে চলতি বছরের মার্চে। কিন্তু এখনও এই কমিশনের বরাদ্দ করা প্রায় ২ হাজার কোটি টাকা খরচ করতে পারেনি রাজ্য সরকার। সোমবারই এই নিয়ে বৈঠক করেছেন অর্থ দপ্তরের কতারা।

পঞ্চদশ অর্থ কমিশনের বরাদ্দ এই টাকা মূলত আটটি জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী খরচ হয়নি। এই ঘটনায় ক্ষুব্ধ নব্বায়ে বারবার সতর্ক করা সত্ত্বেও কেন প্রকল্পের কাজ সময় মতো শেষ হয়নি, তা জানতে চেয়ে ওই আট জেলার কোটি টাকা খরচ করে চিঠি পাঠানো হয়েছে। পঞ্চদশ অর্থ কমিশনের মাধ্যমেই জেলাগুলিকে নির্মায়মাণ প্রকল্পের কাজ দ্রুত শেষ করতে নির্দেশ দেওয়া হয়েছে। ৩১ মার্চের মধ্যে এই কাজ যাতে শেষ হয়, সেই নির্দেশ দেওয়া হয়েছে।

নব্বায়ে জনা গিয়েছে, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, হাওড়া, পুরুলিয়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা টাকা খরচে অনেক পিছিয়ে আছে। পঞ্চদশ অর্থ কমিশনে দক্ষিণ ২৪ পরগনা সবচেয়ে বেশি বরাদ্দ পেয়েছিল। ওই জেলার জন্য বরাদ্দ হওয়া ৫০২ কোটি টাকার মধ্যে ২৫২ কোটি টাকা এখনও খরচ করা যায়নি। মুর্শিদাবাদ ৪৯৬ কোটি টাকা পেয়েছিল। তার মধ্যে ২৩৭ কোটি টাকা তারা এখনও খরচ

গঙ্গাসাগরমেলায় নিরাপত্তায় অগ্রাধিকার মমতার বাংলাদেশ নিয়ে সতর্কতা

নির্মল ঘোষ

গঙ্গাসাগর, ৭ জানুয়ারি : বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের সতর্কতার পরই গঙ্গাসাগরমেলার নিরাপত্তা নিয়ে রীতিমতো উদ্বিগ্ন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। যে কোনও পরিস্থিতি মোকাবিলায় জন্ম জল, স্থল ও আকাশপথে কড়া নিরাপত্তার ব্যবস্থা নেওয়া হয়েছে বলে মঙ্গলবার জানান তিনি। এদিন গঙ্গাসাগরের হেলিপ্যাড ময়দানে দক্ষিণ ২৪ পরগনা জেলার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে এসে তাঁর উদ্দেশ্যের কথাও প্রকাশ করেন মমতা। নিরাপত্তা নিয়ে দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। এমনকি ফেরার সময় তিনি কন্টার নিয়ে মেলার ওপর এক চক্রবর্ত্ত কাটেন।

এদিন ৩০টি প্রকল্পের উদ্বোধন করেন মমতা। প্রকল্পগুলির মোট বরাদ্দ ১৫০ কোটি টাকা। এছাড়াও ১৯টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই প্রকল্পগুলির জন্য ৬০.৮২ কোটি টাকা বরাদ্দ হয়েছে। এর ফলে ১৯ লাখ মানুষ উপকৃত হবেন।

গঙ্গাসাগরের উন্নতির জন্য রাজ্য সরকার কী কী করেছে তা ব্যাখ্যা করেন মুখ্যমন্ত্রী। তিনি জানান, গঙ্গাসাগরের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পরিষেবার জন্য মুড়িগঙ্গা নদীর ওপর দিয়ে বিদ্যুৎ লাইন টানে অন্য হয়েছে। আইনশৃঙ্খলা রক্ষার জন্য সুন্দরবন পুলিশ জেলা, গঙ্গাসাগর কোস্টাল থানা, কাকদ্বীপে হারউড পর্যায়ে কোস্টাল থানা করা হয়েছে। তিনটি স্থায়ী হেলিপ্যাডও করা হয়েছে। চালু হয়েছে সুলভে কলকাতা-গঙ্গাসাগর কন্টার পরিষেবা। এছাড়া অসুস্থদের জন্যও কন্টার পরিষেবা চালু করা হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, নদী পারাপারের সুবিধার জন্য মুড়িগঙ্গায় ড্রেজিং করে নদীর গভীরতা বৃদ্ধি করা হয়েছে। ফলে ২০ ঘণ্টা পর্যন্ত লঞ্চ যাতায়াত করতে পারবেন সকলে। মেলার জন্য ২২৫০টি সরকারি বাস ও ২৫০টি বেসরকারি বাস, ৯টি বার্জ, ১০০টি লঞ্চ ও ২১টি জেটি ব্যবহার করা হবে। সমস্ত বাস, ভেসেলে ও লঞ্চে স্যাটেলাইট ট্র্যাকিং ও জিপিএসের ব্যবস্থা করা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, মেলার সময় নিরাপত্তা দেখার জন্য ৫-৬ জন প্রধান সচিব ও ১০ জন মন্ত্রী থাকবেন। তীর্থযাত্রীদের নিরাপত্তার জন্য গাড়ির গতিতে রাশ টানা হচ্ছে। বড়বাজার থেকে কাকদ্বীপ পর্যন্ত রাস্তায় ৪০ কিলোমিটারের বেশি গতিতে গাড়ি চালানায় নিষেধাজ্ঞা জারি করা হচ্ছে। মুখ্যমন্ত্রী জানান, 'ওপর বাংলা থেকে কোনওরকম সমস্যা যাতে করতে না পারে তার জন্য কোস্টাল গার্ডের সঙ্গে কথা হয়েছে। জল, স্থল, আকাশপথে নজরদারি চালানো হবে।'



গঙ্গাসাগরমেলা উপলক্ষে পূণ্যার্থীদের জন্য আনা হল অস্থায়ী ঘর তৈরির সামগ্রী। মঙ্গলবার সাগরদ্বীপে। - পিটিআই

আবাসে সতর্কতা

কলকাতা, ৭ জানুয়ারি : ট্যাবের পর আবাস যোজনার টাকাও ব্যাংক থেকে লুট হয়ে যাচ্ছে। ডিসেম্বরের শেষ সপ্তাহেই রাজ্যের ১২ লক্ষ উপভোক্তাকে বালার বাড়ি প্রকল্পে প্রথম কিস্তির ৬০ হাজার টাকা দেওয়া হয়েছে। কিন্তু উত্তরবঙ্গের ২ জন উপভোক্তাকে সরকারি আধিকারিক পরিচয় দিয়ে ফোন করে তাদের মোহালিহে ফোনে যাওয়া গুটিপ নম্বর জানতে চাওয়া হয়। সেই নম্বর বলার পরই তাদের আকাউন্ট থেকে টাকা উধাও হয়ে যায়। এই ঘটনা প্রকাশ্যে আসার পরই নড়েচড়ে বসেছে নব্বায়ে আবাস যোজনার টাকা মালিক লোপাট না হয়, তার জন্য একগুচ্ছ নির্দেশিকা জারি করেছে পঞ্চদশ অর্থ কমিশনের দপ্তর। ওই নির্দেশিকাতে যাত্রা আদালতে মোট ৫০ জনের বিরুদ্ধে চার্জ গঠন প্রক্রিয়া সম্পূর্ণ হলে।

এদিন নিম্ন আদালতে চার্জ গঠনের প্রক্রিয়া শুরু হলে অভিযুক্তদের বিরুদ্ধে কী অভিযোগ রয়েছে, তা উল্লেখ করেন বিচারক। তখনই অভিযুক্তদের ভর্তসনাও করেন তিনি। ওইসময় কুস্তল নিজেকে চরণ দাসের সঙ্গে তুলনা করেন।

অভিযুক্তদের বিরুদ্ধে তথ্যপ্রমাণ আদালতে পেশ করে হিডি। তার ভিত্তিতেই বিচারক শুনানির শুরুতেই হলে বিচারক জানান, পার্থকে দুর্নীতিতে সাহায্য করেছেন কল্যাণ ভূমিকা ছিল। অপরায়ন করে সম্পন্ন

প্রতিহিংসার শিকার, সওয়াল কুস্তলের

কলকাতা, ৭ জানুয়ারি : গান গাওয়ার কারণে জেলে যেতে হয়েছিল সত্যজিৎ রায়ের সৃষ্টি বিখ্যাত চরিত্র চরণ দাসকে। আর কেন্দ্রের বিরুদ্ধে মুখ খোলার তার এই পরিস্থিতি বলে আদালতে সপক্ষে সওয়াল করলেন কুস্তল ঘোষ। প্রাথমিকের নিয়োগ দুর্নীতিতে হিড়ির মামলায় মঙ্গলবার অর্পিতা মুখোপাধ্যায়, কুস্তল ঘোষ সহ ৪৭ জনের বিরুদ্ধে চার্জ গঠন হয়। সোমবার পার্থ চট্টোপাধ্যায়, মানিক ভট্টাচার্য সহ ৬ জনের বিরুদ্ধে চার্জ গঠন হয়েছিল। এই নিয়ে নিম্ন আদালতে মোট ৫৩ জনের বিরুদ্ধে চার্জ গঠন প্রক্রিয়া সম্পূর্ণ হলে।

আমি নিদেহ। রাজনৈতিক প্রতিহিংসার কারণে আমাকে ফাঁসানো হয়েছে। আমি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে বলেছিলাম।

কুস্তল ঘোষ

বিচারক তাঁকে খামিয়ে তৎক্ষণাৎ বলেন, 'কেন্দ্রীয় বঞ্চনা নিয়ে বলার হলে ধর্মতলায় গিয়ে বলুন, এখানে নয়।' চার্জ গঠনের সময় পার্থ চট্টোপাধ্যায়ের জামাই কল্যাণময় ভট্টাচার্যের বক্তব্য, তিনি নিদেহ। তবে বিচারক জানান, পার্থকে দুর্নীতিতে সাহায্য করেছেন কল্যাণ ভূমিকা ছিল। অপরায়ন করে সম্পন্ন

অর্জনের পরও অভিযোগ অস্বীকার করেছেন। ওই টাকা অপরাধের সঙ্গে যুক্ত নয় বলে দাবি করেছেন। আপনারা দোষী না নিদেহ? কুস্তল বলেন, 'আমি নিদেহ। রাজনৈতিক প্রতিহিংসার কারণে আমাকে ফাঁসানো হয়েছে। আমি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে বলেছিলাম।'

আমি নিদেহ। রাজনৈতিক প্রতিহিংসার কারণে আমাকে ফাঁসানো হয়েছে। আমি কেন্দ্রীয় সরকারের বঞ্চনার বিরুদ্ধে বলেছিলাম।

বিচারক জানান, সৌভিক মানিকের পুত্র হিসেবে টাকা লেনদেন যুক্ত ছিলেন। দুটি কোম্পানি তৈরি করে টাকা লেনদেন করা হয়েছে। তবে সৌভিক ও শতরূপা দুজনে নিজদের নিদেহ দাবি করেন। তাপস মণ্ডলও এদিন নিজেকে নিদেহ দাবি করেন। এদিন সাক্ষীর তালিকায় ও জনের নাম জমা দেয় হিডি। ১৪,২০,২৭ জানুয়ারি রুদ্ধদ্বার কক্ষে তাদের সাক্ষাৎগ্রহণ হবে।

প্রতিমন্ত্রীকে কাজ দিন, পূর্ণ মন্ত্রীদের কড়া হুঁশিয়ারি

স্বরূপ বিশ্বাস

কলকাতা, ৭ জানুয়ারি : দপ্তরের প্রতিমন্ত্রীদের বসিয়ে রাখা চলবে না, তাঁদের কাজ দিতে হবে। রাজ্য সরকারের সব দপ্তরের সতীর্থ মন্ত্রীদের এনই হুঁশিয়ারি মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের।

দপ্তরের কাজের ছড়িটা বলতে গেলে পূর্ণমন্ত্রীরই ঘুরিয়ে যাচ্ছেন। প্রতিমন্ত্রীদের এ হেন অভিযোগ মুখ্যমন্ত্রীর কানে এসে পৌঁছোতেই কড়া মনোভাব নিয়েছেন তিনি। তাতেই নড়েচড়ে বসেছেন সরকারের বিভিন্ন দপ্তরের পূর্ণমন্ত্রিরা। দপ্তরের প্রতিমন্ত্রীদের কাজের দায়িত্ব দিতে তৎপর হয়েছেন তারা।

নব্বায়ে সূত্রের খবর, মুখ্যমন্ত্রীর কড়া মনোভাব জানার পর উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের কাজ ভাগ করে নিয়েছেন মন্ত্রী উদয়ন গুহ। উত্তরবঙ্গের আট জেলার দায়িত্বে তিনি। তাঁর দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন মালদা জেলার বিধায়ক। দপ্তরের প্রতিমন্ত্রী হিসাবে এখন তিনি শুধুই মালদা জেলার দায়িত্বে। মঙ্গলবার যোগাযোগ করা হলে সাবিনা 'উত্তরবঙ্গ সংবাদ'-কে বলেন, 'শুধু মালদা জেলাটাই আমি দেখছি। জেলায় যা কিছু সবটাই আমার দায়িত্বে। উত্তরবঙ্গের অন্য ৭ জেলায় দায়িত্বে রয়েছেন দপ্তরের পূর্ণমন্ত্রিরা। উত্তরবঙ্গের আট জেলার মধ্যে মাত্র একটি জেলার দায়িত্বে থেকেই তিনি সন্তুষ্ট কি না জানতে চাওয়া হলে প্রতিমন্ত্রী বলেন, 'না না কোনও অসুবিধা নেই তাতে। পূর্ণমন্ত্রীর সঙ্গে সমন্বয় করেই সব কাজ হচ্ছে। যোগাযোগও আছে। আলোচনা

উদয়ন গুহ

মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রীর নির্দেশ পাওয়া মাত্রই আমরা দপ্তরের কাজের দায়িত্ব ভাগ করে নিয়েছি। দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন শুধু মালদা জেলার দায়িত্বে আছেন। জেলার সবটা উনি দেখছেন।

করেই কাজ হচ্ছে।' বিষয়টি এদিন এড়িয়েও যাননি দপ্তরের পূর্ণমন্ত্রী উদয়ন গুহ। তিনি বলেন, 'মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রীর নির্দেশ পাওয়া মাত্রই আমরা দপ্তরের কাজের দায়িত্ব ভাগ করে নিয়েছি। দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন শুধু মালদা জেলার দায়িত্বে আছেন। জেলার সবটা উনি দেখছেন।

করেই কাজ হচ্ছে।' বিষয়টি এদিন এড়িয়েও যাননি দপ্তরের পূর্ণমন্ত্রী উদয়ন গুহ। তিনি বলেন, 'মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রীর নির্দেশ পাওয়া মাত্রই আমরা দপ্তরের কাজের দায়িত্ব ভাগ করে নিয়েছি। দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন শুধু মালদা জেলার দায়িত্বে আছেন। জেলার সবটা উনি দেখছেন।

করেই কাজ হচ্ছে।' বিষয়টি এদিন এড়িয়েও যাননি দপ্তরের পূর্ণমন্ত্রী উদয়ন গুহ। তিনি বলেন, 'মন্ত্রিসভার বৈঠকে মুখ্যমন্ত্রীর নির্দেশ পাওয়া মাত্রই আমরা দপ্তরের কাজের দায়িত্ব ভাগ করে নিয়েছি। দপ্তরের প্রতিমন্ত্রী সাবিনা ইয়াসমিন শুধু মালদা জেলার দায়িত্বে আছেন। জেলার সবটা উনি দেখছেন।

খড়্গাপুরের পথশিশুর নিউ জার্সি পাড়ি

কলকাতা, ৭ জানুয়ারি : ২০২০ সালের মে মাস। করোনা পরিস্থিতির জন্য দেশজুড়ে চলছিল লকডাউন। ঠিক তখনই খড়্গাপুর স্টেশনের প্লাচফর্ম থেকে একটি ৬ মাসের পুত্রসন্তানকে উদ্ধার করা হয়েছিল। তখন থেকে সে সেখানেই বড় হচ্ছিল। অবশেষে নতুন ঠিকানা পেল সে। চার বছর বয়সে তার নতুন ঠিকানা হতে চলেছে নিউ জার্সি। সেখানকার বাসিন্দা জোসুয়া ও রাভেন লিউরেন ৪ বছরের সংগীতকে দত্তক নিয়েছেন। সোমবার মেদিনীপুর শিশু সুরক্ষা অফিসে মেদিনীপুরের অতিরিক্ত জেলা শাসক (উন্নয়ন) কেপ্পা হাম্মাইয়া ও অতিরিক্ত জেলা শাসক (পঞ্চায়ত) মৌমিতা সাহা ওই শিশুটিকে ওই দম্পতির হাতে তুলে দেন। ওই শিশুটির পাসপোর্ট সহ যাবতীয় নথিও তৈরি করেছে জেলা প্রশাসন। মেদিনীপুরের শিশু

সুরক্ষা অফিসার সন্দীপকুমার দাস বলেছেন, 'ওই দম্পতিকে যখন শিশুটিকে দেওয়া হয়ে বলে সিদ্ধান্ত নেওয়া হয়, তখন থেকেই আমরা সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র তৈরি সিদ্ধান্ত নিয়েছি। এরপর আমাদের মধ্যে ভিডিও কল একাধিকবার কথা হয়েছে। যখন চূড়ান্ত সিদ্ধান্ত

হল যে ওই শিশুটিকে ওই দম্পতির হাতে তুলে দেওয়া হবে, তখন সে খুবই আনন্দিত। এমনকি সে তার

বিমান ও গাড়িতে যাত্রার বিবরণও দিয়েছে।'

ওই শিশুটি তার বড় হল, তখন আামাদের আনন্দের সীমা ছিল না।' আমেরিকায় নিয়ে গিয়ে ওই শিশুটিকে বড় করার জন্য প্রয়োজনীয় চিকিৎসাও করা হবে বলে রাভেন জানিয়েছেন।





# প্রণবের স্মৃতিসৌধ গড়ার ঘোষণা কেন্দ্রের মোদিকে কৃতজ্ঞতা জানালেন শর্মিষ্ঠা

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : সদ্য প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ড. মনমোহন সিংয়ের জন্য স্মৃতিসৌধ কোথায় নির্মাণ করা হবে তা এখনও চূড়ান্ত হয়নি। বরং এই নিয়ে বিজেপির সঙ্গে কংগ্রেসের চাপানউতোর চলছে। এই বিতর্কের মধ্যে মোদি সরকার সিদ্ধান্ত নিয়েছে রাজ্যঘাটে যমুনার ধারে রাষ্ট্রীয় স্মৃতি স্থলে প্রাক্তন রাষ্ট্রপতি প্রয়াত প্রণব মুখোপাধ্যায়ের জন্য স্মৃতিসৌধ নির্মাণ করা হবে। কেন্দ্রীয় সরকার একটি চিঠি দিয়ে এই সিদ্ধান্তের কথা জানিয়েছে। মঙ্গলবার এক হাড্ডেনে এই তথ্য জানাতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বন্দনা করেছেন প্রণব-কন্যা শর্মিষ্ঠা মুখোপাধ্যায়। নামের সঙ্গে দেখাও করেন তিনি।



নরেন্দ্র মোদির সঙ্গে আলাপচারিতায় শর্মিষ্ঠা মুখোপাধ্যায়।

শর্মিষ্ঠা লিখেছেন, 'বাবার জন্য স্মৃতিসৌধ তৈরি যেন সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকার নিয়েছে তার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে আমার হৃদয়ের অন্তঃস্থল থেকে তাঁকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানিয়েছি।' মনমোহনকে সম্মান দেখালেও কংগ্রেস ওয়ার্কিং কমিটির তরফে প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতির সম্মানে একটি বৈঠকও ডাকা হয়নি বলে দাবি প্রকাশ করেছিলেন শর্মিষ্ঠা। কেন্দ্রীয় সরকারও অভিযোগ করেছিল, প্রয়াত পিতৃ নরসীমা রাওয়ের জন্যও কখনও স্মৃতিসৌধ নির্মাণ করেনি কংগ্রেস। এই পরিস্থিতিতে প্রয়াত প্রণববাবুর জন্য স্মৃতিসৌধ নির্মাণের সিদ্ধান্ত এবং তা নিয়ে শর্মিষ্ঠার মোদি প্রশ্নটি সর্বভারতীয় রাজনৈতিক মহলে নতুন চর্চার ইন্ধন দিয়েছে। কানাধুঘো শোনা যাচ্ছে, দিল্লি বিধানসভা ভোটার আগে বিজেপিতে যোগ দিতে পারেন শর্মিষ্ঠা। এই গুঞ্জন অবশ্য নতুন নয়। শর্মিষ্ঠা প্রতিবারই ওই গুঞ্জন গুজব বলে উড়িয়ে দিয়েছেন। কিন্তু তিনি ইদানীংকালে যেভাবে বিজেপির

কৃতজ্ঞতা বাবাকে এসব কিছুই স্পর্শ করবে না। কারণ উনি এখন প্রশংসা-সমালোচনার উর্ধ্বে। কিন্তু তাঁর ময়ের কাছে এই আনন্দ প্রকাশ করার ভাষা নেই।' এর আগে একটি সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, কংগ্রেস যেভাবে নিজেদের নেতাকে দূরে ঠেলে দেয় বিজেপি তা করে না। বিজেপি সবাইকে নিয়ে চলে। কোনও কোনও বিশ্লেষকের ধারণা, শর্মিষ্ঠাকে সংসদেও আনা হতে পারে। মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়ের বিকল্প মুখ খুঁজতে বঙ্গ বিজেপি যেভাবে হিমশিম খাচ্ছে তাতে শর্মিষ্ঠা পাল্লাবিরে যোগ দিলে তাকে রাজ্য রাজনীতিতেও আনার সম্ভাবনা একেবারে উড়িয়ে দিতে নারাজ বিশ্লেষকরা। তবে মমতার সঙ্গে শর্মিষ্ঠার সম্পর্ক যথেষ্ট ভালো। কাজেই তাঁকে বঙ্গ রাজনীতিতে এনে বিজেপির খুব একটা লাভ হবে না।

খোলাখুলি প্রশংসা করেছেন তাতে দুয়ে-দুয়ে চার একেবারে অসম্ভব নয়। শর্মিষ্ঠা এদিন বলেছেন, 'বাবা প্রায়ই বলতেন রাষ্ট্রীয় মর্যাদার জন্য কখনও অনুরোধ করতে নেই। এটা দেওয়া উচিত। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি যেভাবে বাবার স্মৃতিকে সম্মান জানিয়েছেন তার জন্য আমি

## আইসিইউতে অসুস্থ প্রশান্ত কিশোর

পাটনা, ৭ জানুয়ারি : শারীরিক অবস্থার অবনতি হওয়ায় মঙ্গলবার সকালে হাসপাতালে ভর্তি করা হয় প্রাক্তন ভোটাভূমিকার ও জন সুর্য পাটিলের নেতা প্রশান্ত কিশোরকে। এরপর তাঁর শারীরিক অবস্থার অবনতি হওয়ায় তাঁকে আইসিইউতে স্থানান্তরিত করা হয়। সোমবার পাটনার গান্ধি ময়দানের আমরণ অনশন মঞ্চ থেকে ভোরবেলা জোর করে তুলে নিয়ে গিয়ে তাঁকে প্রেস্তার করেছিল পাটনা পুলিশ। এরপর আদালত তাঁকে জামিন দিলেও বন্ডে সুই করেনি পিকে। বদলে জেলেই অনশন চালিয়ে যাওয়ার কথা ঘোষণা করেন। মঙ্গলবার জেলেই অসুস্থ হয়ে পড়ায় তাঁকে তড়িৎচিহ্ন মেডাট হাসপাতালে নিয়ে যাওয়া হয়।



ঘাপটি মেরে... মঙ্গলবার সুরাটের সারথানা পার্কে।

মঙ্গলবার সকাল থেকেই শরীরে জলশূন্যতার সমস্যা ভুগছিলেন পিকে। মেডাট হাসপাতালের এক চিকিৎসক বলেন, 'কিছু সমস্যা রয়েছে পিকের শরীরে। তাঁকে পর্যালোচনা রাখা হয়েছে। ইনফেকশন এবং ডিহাইড্রেশন হয়েছে। দুর্বলতাও রয়েছে।' জামিনের শর্তে স্বাক্ষর করেননি তার ব্যাখ্যা দিয়ে পিকে বলেন, 'জামিনে শর্ত হিসেবে উল্লেখ ছিল, আমি ভবিষ্যতে কোনও অর্ধেক কাজে অংশ নেব না। আমি সেই শর্ত মানতে অস্বীকৃতি জানিয়েছি এবং জেলে যাওয়াই পছন্দ করছি।' তাঁর অভিযোগ, তাঁকে প্রায় ছয় ঘণ্টা ধরে পুলিশের গাড়িতে বসিয়ে রাখা হয় এবং বিভিন্ন হাসপাতাল ও কেন্দ্র ঘুরিয়ে নিয়ে যাওয়া হয়। হাসপাতালে ভর্তি হওয়ার আগে সংবাদমাধ্যমে পিকে বলেন, 'আমার আমরণ অনশন চলবে।'

## অন্তর্ভুক্তি জামিন আসারামের

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : কিশোরীকে ধর্ষণের দায়ে বায়জবান আসামি আসারাম বাপুর্ অন্তর্ভুক্তি জামিন মঞ্জুর করল সুপ্রিম কোর্ট। স্বাস্থ্যের কারণেই তাঁর জামিন মঞ্জুর হয়েছে। আপাতত ৩১ মার্চ পর্যন্ত অন্তর্ভুক্তি জামিনে থাকবেন আসারাম। কিন্তু শর্ত একটাই, এই সময়ে তিনি তাঁর অনুগামীদের সঙ্গে দেখা করতে পারবেন না। বিচারপতি সুব্রতেশ ও রাঞ্জেশ বিন্দালের বেঞ্চ জানিয়েছে, বয়সজনিত বিভিন্ন সমস্যায় ভুগছেন আসারাম। তাঁর হৃৎপিণ্ডে সমস্যা রয়েছে। একবার হৃদরোগে আক্রান্ত হয়েছেন। আসারামের চিকিৎসা চলছে যৌথভাবে আরাগোয়া মেডিকেল সেন্টারে। কিশোরী ছাড়া আর এক মহিলাকে আশ্রমে একাধিকবার ধর্ষণে অভিযুক্ত তিনি।

## জিডিপি'র হার কমে ৬.৪ শতাংশ হতে পারে

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : ২০২৩-২৪ অর্থবর্ষে ভারতের জিডিপি বৃদ্ধির হার পৌঁছে গিয়েছিল ৮.২ শতাংশে। ২০২৪-২৫ অর্থবর্ষে একধাক্কায় সেই হার নেমে আসতে পারে ৬.৪ শতাংশে। মঙ্গলবার এই পূর্বাভাস দিয়েছে পরিসংখ্যানমন্ত্রক।

করোনা মহামারির ধাক্কা সামাল দিয়ে ২০২১-২২ অর্থবর্ষ থেকেই দৌড় শুরু করেছিল দেশের অর্থনীতি। শেষ তিন অর্ধবর্ষে জিডিপি বৃদ্ধির হার তাই ৭ শতাংশ ছাড়িয়ে গিয়েছিল। চলতি অর্থবর্ষের শুরু থেকেই পরিস্থিতি বদলেছে। প্রথম দুই ত্রৈমাসিকে জিডিপি বৃদ্ধির হার কমে হয়েছিল যথাক্রমে ৬.৭ শতাংশ এবং ৫.৪ শতাংশ। তখনই জিডিপি কমার আশঙ্কা জোরালো হয়েছিল। জিডিপি বৃদ্ধির হার কমে চলতি অর্থবর্ষে ৬.৬ শতাংশ হওয়ার পূর্বাভাস আগেই দিয়েছিল ভারতীয় রিজার্ভ ব্যাংক। পরিসংখ্যানমন্ত্রকের পূর্বাভাস সেই হার আরও কমে যাওয়ার ইঙ্গিত দিল।

মন্ত্রক জানিয়েছে, সার্বিকভাবে বৃদ্ধির হার কমলেও ভালো অবস্থায় থাকতে পারে কৃষি, পরিকাঠামো নির্মাণ, আর্থিক, আবাসন এবং পরিষেবা ক্ষেত্র। কৃষিক্ষেত্রে বৃদ্ধির হার ১.৪ শতাংশ থেকে বেড়ে ৩.৮ শতাংশ হতে পারে। পরিকাঠামো নির্মাণ ক্ষেত্রে বৃদ্ধির হার ৮.৬ শতাংশ হতে পারে। অন্যদিকে আর্থিক, আবাসন এবং পরিষেবা ক্ষেত্রে বৃদ্ধির হার ৭.৩ শতাংশ হওয়ার সম্ভাবনা রয়েছে। প্রাইভেট কনজাম্পশন ২০২৩-২৪ এ ছিল ৪ শতাংশ। সেই হার ২০২৪-২৫ এ বেড়ে হতে পারে ৭.৩ শতাংশ। বাড়তে পারে সরকারি খরচও।


পরিসংখ্যানমন্ত্রকের এই পূর্বাভাস কেন্দ্রের ওপর চাপ বাড়াল। ২০২৪-এর মধ্যে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হওয়ার লক্ষ্যমাত্রা রেখেছে মোদি সরকার। জিডিপি বৃদ্ধির হার ধাক্কা খেলে সেই লক্ষ্য পূরণ কঠিন বলেই মনে করছেন বিশেষজ্ঞরা।

## আটকে বাঙালি সহ ৬ শ্রমিক ■ উদ্ধারে সেনা-নৌবাহিনী

# অসমের খনিতে জল, মৃত ৩

গুয়াহাট, ৭ জানুয়ারি : অসমের প্রত্যন্ত পাহাড়ি জেলা ডিমা হাঙ্গাঙে এক কয়লাখনিতে জল ঢুকে পড়ায় মৃত্যু হল ৩ শ্রমিকের। আটকে রয়েছেন ছ'জন। মঙ্গলবার কর্তৃপক্ষ জানিয়েছেন, ন'জন শ্রমিক খনিতে কাজের জন্য নেমেছিলেন। সোমবার থেকে তাঁরা খনিতে। রাতভর তৎপরতা চালিয়েও কাউকে উদ্ধার করা যায়নি। এমনকি তিনটি মৃতদেহ চিহ্নিত করা গেলোও খনি থেকে তুলে আনা সম্ভব হয়নি।

মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা খনিতে আটকে থাকা শ্রমিকদের একটি তালিকা প্রকাশ করেছেন। তাতে দেখা গিয়েছে একজন পশ্চিমবঙ্গের বাসিন্দা। তিনি সঞ্জিত সরকার। বয়স ৩৬। বাকিরা অসমের। তাঁদের বয়স ৩০ থেকে মধ্য পঞ্চাশের কিছু বেশি। দুর্ঘটনার খবর পাওয়ার পর শুরু হয়েছে উদ্ধার অভিযান। ঝাঁপিয়ে পড়েছে জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী। তাদের ৩০ জনের একটি টিমের সঙ্গে যুক্ত হয়েছেন রাজ্য বিপর্যয় মোকাবিলা বাহিনীর ৮ জন কর্মী। তাঁরা ঘড়ির কাটার সঙ্গে তাল মিলিয়ে উদ্ধারের কাজে ব্যস্ত। তাঁদের সঙ্গে হাত মিলিয়েছেন সেনা ও অসম রাইফেলসের জওয়ানরা। বিশাখাপত্তনম থেকে আনা হয়েছে নৌবাহিনীর ডুবুরিদের।



সময় যত এগোচ্ছে, উদ্বেগ বাড়ছে। উদ্ধারকাজ চলছে। প্রিয়জনের অপেক্ষায় প্রার্থনা গ্রামবাসীরা। মঙ্গলবার ডিমা হাঙ্গাঙে-তে।

খনিতে জল ঢুকে পড়ায় অনেকেই দৃশ্যস্তায়। মুখ্যমন্ত্রী এক্স হাড্ডেনে জানিয়েছেন, খনির কাছে থাকা উদ্ধারকারী টিমের মূল্যায়ন অনুসারে জলের স্তর খনির ভিতরে ১০০ ফুট উঠেছে। সেকারণেই ডুবুরিদের সাহায্য নেওয়া হয়েছে। মঙ্গলবার ভোরে সেনা নেমেছে। অসামরিক প্রশাসনের সঙ্গে সমন্বয় রেখে কাজ করছেন জওয়ানরা। একথা জানিয়েছেন গুয়াহাটের

প্রতিরক্ষা মুখপাত্র লেফটেন্যান্ট কর্নেল মহেশ্বর রাওয়াফ।

উত্তর-পূর্ববঙ্গে খনি বিপর্যয় প্রায়ই ঘটে থাকে। গত জানুয়ারিতে নাগাল্যান্ডে কয়লাখনি দুর্ঘটনায় ছ'জন শ্রমিকের মৃত্যু হয়েছিল। চারজন আহত হন। মে মাসে তিনসুকিয়ায় মৃত্যু হয় তিনজনের। সবচেয়ে বড় খনি দুর্ঘটনাটি হয়েছিল

২০১৮ সালে মেঘালয়ে। তখন ১৫ জন শ্রমিক মারা গিয়েছিলেন। এদিকে গুজরাটের কচ্ছ জেলায় ভূজের এক গ্রামে ৫৪০ ফুট গভীর একটি জলশূন্য কুয়োয় পড়ে গিয়েছেন এক তরুণী। ঘটনাটি ঘটেছে সোমবার। জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনী ও বিএসএফ উদ্ধারে এগিয়ে এলেও সাফল্য মেলেনি। পরিজনরা দিশাহারা অবস্থায়।



# ডিএ, এসএসসি ও ওবিসি শুনানি স্থগিত

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি, ৭ জানুয়ারি : পশ্চিমবঙ্গের সঙ্গে সংশ্লিষ্ট তিনটি গুরুত্বপূর্ণ মামলার শুনানি স্থগিত হয়ে গেল সুপ্রিম কোর্টে। এসএসসির শিক্ষক নিয়োগে দুর্নীতি, ওবিসি শংসাপত্র বাতিল মামলার শুনানি পিছিয়ে যাওয়ার পর মঙ্গলবার রাজ্য সরকারি কর্মীদের মতর্ঘড়াভাটা (ডিএ) মামলার শুনানিও স্থগিত হয়ে যেতে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছিল। দিনের শেষে সেই আশঙ্কাই সত্যি হল।

মঙ্গলবার বিচারপতি হৃদ্যকেশ রায় এবং বিচারপতি এডভৈন ভাট্টির বেঞ্চে ডিএ মামলার শুনানি হওয়ার কথা ছিল। তবে সুপ্রিম কোর্টের কার্যবিবরণীর তালিকায় মামলাটি একেবারে শেষে ছিল। বিচারপতি সমরের অভাবে শুনানি স্থগিত রাখার নির্দেশ দেন। এর ফলে ডিএ মামলার ১৪তম শুনানিও পিছিয়ে গেল।


নতুন বেঞ্চ গঠনের পর মার্চে এই মামলার শুনানি হবে বলে জানানো হয়েছে। যদিও শুনানির জন্য শীর্ষ আদালতের তরফে কোনও নির্দিষ্ট দিন ঘোষণা করা হয়নি।

এর আগে গত বছর ১৫ জুলাই

ডিএ মামলার শুনানি হয়েছিল। দীর্ঘ ছয় মাস পর জানুয়ারিতে শুনানির দিন ধার্য করা হয়। কিন্তু ফের তা পিছিয়ে যাওয়ায় হতাশা রাজ্য সরকারি কর্মীদের বড় অংশে। কেন্দ্রীয় হারে ডিএ-র দাবিতে রাজ্য সরকারি

শতাংশ হারে ডিএ পাচ্ছেন।

মঙ্গলবার সুপ্রিম কোর্টে ওবিসি সার্টিফিকেট বাতিল সংক্রান্ত মামলার শুনানিও স্থগিত হয়েছে। ২৮ ও ২৯ জানুয়ারি এই মামলার পরবর্তী শুনানির দিন ধার্য করা হয়। কলকাতা হাইকোর্টের নির্দেশে ২০১০-এর পর রাজ্যে জারি হওয়া সন্তান কোথায় রয়েছে, তা নিয়ে প্রতিক্রিয়া বাতিল করে দেবে সুপ্রিম কোর্ট। কিন্তু সেই মামলার শুনানিও পিছিয়ে গিয়েছে। সব মিলিয়ে রাজ্যের তিনটি গুরুত্বপূর্ণ মামলার শুনানি একইদিনে স্থগিত হয়ে গেল।



কর্মীরা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন রাজ্য ও কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের মধ্যে মতর্ঘড়াভাটার ফারাক এখন ৩৯ শতাংশ। কেন্দ্রীয় কর্মচারীরা সপ্তম বেতন কমিশনের আওতায় ৫৩ শতাংশ ডিএ পান, যেখানে রাজ্যের কর্মচারীরা ষষ্ঠ বেতন কমিশনের আওতায় মাত্র ১৪

## 'আপনাকে তো নাতি চেনেই না'

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : বেঙ্গালুরুর আত্মঘাতী ইঞ্জিনিয়ার অতুল সুভাষের চার বছরের সন্তানকে নিজেদের কাছে রাখতে চেয়ে আদালতের দ্বারস্থ হয়েছিলেন মা অঞ্জলি মোদি। মঙ্গলবার সেই আবেদন খারিজ করে দিয়েছে শীর্ষ আদালত। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, সন্তানের মা এখনও জীবিত রয়েছে।

আতুলের মৃত্যুর পর নিকিতা এবং তাঁর পরিবারের সদস্যরা হেস্তার হয়েছিলেন। সত্য কাণ্ডিক হাইকোর্ট থেকে জামিন পেয়েছেন তারা। জামিনের শর্ত অনুযায়ী নিকিতাকে বেঙ্গালুরুতেই থাকতে হবে। আইনজীবীর বক্তব্য, এই অবস্থায় সন্তানকে বেঙ্গালুরুতে নিয়ে যেতে চান নিকিতা। মামলার পরবর্তী শুনানিতে অতুল-নিকিতার সন্তানকে আদালতে নিয়ে আসার জন্য নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৯ ডিসেম্বর ভোরে বেঙ্গালুরুর ফ্ল্যাট থেকে অতুলের দেহ উদ্ধার হয়। প্রায় দেড় ঘণ্টার ভিডিও ছাড়াও ২৪ পাতার একটি সুইসাইড নোট রেখে যান অতুল, যাতে ছুঁতে স্ত্রী নিকিতা ও তাঁর পরিবারের বিরুদ্ধে নানা গুরুতর অভিযোগ তুলি। আত্মহত্যার জন্য নিকিতা ও তাঁর পরিবারকেই দায়ী করেছিলেন অতুল।

মেঘও কেটে গিয়েছে সুপ্রিম কোর্টে। অতুলের স্ত্রী নিকিতা সিংহানিয়ার আদালতে জানান, হরিয়ানার ফরিদাবাদে রয়েছে অতুল এবং নিকিতার একমাত্র সন্তান। সেখানে একটি আবাসিক স্কুলে খারিজ করে দিয়েছে শীর্ষ আদালত। সুপ্রিম কোর্টের পর্যবেক্ষণ, সন্তানের মা এখনও জীবিত রয়েছে।

আতুলের মৃত্যুর পর নিকিতা এবং তাঁর পরিবারের সদস্যরা হেস্তার হয়েছিলেন। সত্য কাণ্ডিক হাইকোর্ট থেকে জামিন পেয়েছেন তারা। জামিনের শর্ত অনুযায়ী নিকিতাকে বেঙ্গালুরুতেই থাকতে হবে। আইনজীবীর বক্তব্য, এই অবস্থায় সন্তানকে বেঙ্গালুরুতে নিয়ে যেতে চান নিকিতা। মামলার পরবর্তী শুনানিতে অতুল-নিকিতার সন্তানকে আদালতে নিয়ে আসার জন্য নির্দেশ দিয়েছে সুপ্রিম কোর্ট।

৯ ডিসেম্বর ভোরে বেঙ্গালুরুর ফ্ল্যাট থেকে অতুলের দেহ উদ্ধার হয়। প্রায় দেড় ঘণ্টার ভিডিও ছাড়াও ২৪ পাতার একটি সুইসাইড নোট রেখে যান অতুল, যাতে ছুঁতে স্ত্রী নিকিতা ও তাঁর পরিবারের বিরুদ্ধে নানা গুরুতর অভিযোগ তুলি। আত্মহত্যার জন্য নিকিতা ও তাঁর পরিবারকেই দায়ী করেছিলেন অতুল।

## অতুলের মা-কে প্রশ্ন সুপ্রিম কোর্টের

মানুষ বলে মনে হয়েছে বিচারপতি বিডি নাগরত্ন এবং বিচারপতি এন কোটেশ্বর সিংয়ের ডিভিশন বেঞ্চে। এদিকে অতুল সুভাষের শিশু সন্তান কোথায় রয়েছে, তা নিয়ে এতদিন একটা ঘোষণা ছিল। এ নিয়ে বিস্তারিত প্রশ্ন উঠতেও শুরু হয়েছিল। অতুলের মা ও অন্যরা দাবি করেছিলেন, সন্তানের মধ্যে অতুলকেই দেখতে পান নিকিতা ও স্বশ্বরবাড়ির অন্যরা। তাই নিকিতাদের কাছে থাকলে শিশুটির প্রাণ সংশয়ের সম্ভাবনা রয়েছে। মঙ্গলবার সেই রহস্য ও সংশয়ের

## রাজ্যকে নজরদারি বৃদ্ধির নির্দেশ

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : দেশের কোথাও অস্বাভাবিকভাবে স্বাস্থ্যজনিত রোগের বাড়বাড়ন্ত ঘটেনি। সব রাজ্যকে নিয়ে বৈঠকের পর মঙ্গলবার এক কথায় জানাল কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক। সোমবার কণ্ঠিক, তামিলনাড়ু এবং গুজরাটে শিশুদের শরীরে হিউম্যান মেটানিউমো ভাইরাস (এইচএমপিভি)-এর সংক্রমণের খবর মেলে। মুম্বই থেকে কলকাতায় আসা এক শিশুও সম্প্রতি এই ভাইরাসে সংক্রমিত হয়েছে। তাঁদের মধ্যে অনেকে সূস্থও হয়ে গিয়েছে। তবে দেশজুড়ে উদ্বেগের আবহে সোমবার সব রাজ্যকে নিয়ে পর্যালোচনা বৈঠকে বসেন কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব পূর্ণাসলিলা শ্রীবাস্তব।

ভার্সালি ওই বৈঠকে যোগ দেন সমস্ত রাজ্যের স্বাস্থ্যসচিব ও অন্য আধিকারিকরা। দেশের কোন প্রান্তে স্বাস্থ্যজনিত রোগে কতটা দেখা যাচ্ছে, তা নিয়ে পর্যালোচনা করতই এই বৈঠক করে স্বাস্থ্যমন্ত্রক।

কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব জানিয়েছেন, এইচএমপিভি-র কারণে অস্বাভাবিক পরিস্থিতি তৈরি হয়নি, তবে শীতকালে শ্বাসযন্ত্রের রোগ বৃদ্ধি স্বাভাবিক। তাই জনসাধারণকে সচেতন করতে তথ্য ও শিক্ষা প্রচার মেডিকেল রিসার্চ (আইসিএমআর)। সোমবারের বৈঠকে আইসিএমআরের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব

## এইচএমপিভি মোকাবিলা

কোথাও সাধারণ স্বাস্থ্যজনিত রোগে অস্বাভাবিক হারে বাড়েনি। আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের সেন্টিনেল জনজাতির ক্ষেত্রেও কোনও অস্বাভাবিকতা দেখা যায়নি।

সেন্টিনেল দ্বীপে সাধারণের প্রবেশ নিষিদ্ধ। ওই জনজাতির স্বাস্থ্যের ওপর নজর রাখে কেন্দ্রের অধীনস্থ ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকেল রিসার্চ (আইসিএমআর)। সোমবারের বৈঠকে আইসিএমআরের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় স্বাস্থ্যসচিব

জ্ঞান, এইচএমপিভি নিয়ে অস্বাভাবিক উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। ২০০১ সাল থেকে এই ভাইরাস গোটা বিশ্বেই ছড়িয়ে রয়েছে। তিনি বলেন, 'সব রাজ্যকে ইনফ্লুয়েঞ্জা জাতীয় অসুস্থতা (আইএলআই) এবং গুরুতর তীব্র শ্বাসযন্ত্রের সংক্রমণ (এসএআরআই)-এর পর্যবেক্ষণ বাড়ানোর জন্য নির্দেশ দেওয়া হয়েছে। আইডিএসপি (ইন্টিগ্রেটেড ডিজিজ সার্ভিলেন্স প্রোগ্রাম)-এর মাধ্যমে পরিস্থিতি নিয়মিত পর্যালোচনা করা হবে।'

তথ্য তামাশা

এক্সে সেরা

তথ্য হোক বা বিনোদন সবকিছুতেই সেরা এখন এক্স। সকাল থেকে রাত, নিত্য আনগোনা সেরাই থাকে সাবেক টুইটারে। আর উঠতে-বসতে যাদের খবর না নিলেই নয়, তাঁরা সকলেই এখন নাম লিখিয়েছেন এক্সের খাতায়। তাই ফলোয়ার্সও বাড়ছে তরতরিয়ে। ফলোয়ার্সের নিরিখে তালিকার প্রথমেই রয়েছেন এক্স-কর্তা স্বয়ং। রইল হাইপ্রোফাইলদের তালিকা...

১. এলন মাস্ক : ২১০ মিলিয়ন
২. বারাক ওবামা : ১০০ মিলিয়ন
৩. ক্রিস্টিয়ানা রোনাল্ডো : ১১৪ মিলিয়ন
৪. জামিন বিবার : ১০৯ মিলিয়ন
৫. রিহানা : ১০৮ মিলিয়ন











# কম্পন টের পেয়ে কম্বল জড়িয়ে বাইরে

সানি সরকার

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : কেউ বাঁকনিতে, কেউ আবার উলু-শুধু ধরনি শুনে ছাড়লেন বিছানা। বাকি জায়গার মতোই শিলিগুড়িতে অন্য ছবি চোখে পড়ল সকালসকাল। প্রত্যেকের চোখে-মুখে আতঙ্কের ছাপ স্পষ্ট। পাড়ায় পাড়ায় জটলার আলোচনায় শুধুই ভূমিকম্প। মঙ্গলের সাতসকালে 'অমঙ্গলের আঁচ' পাওয়া সাধারণের মনে ফিরল '১১ এবং '১৫-র স্মৃতি।



হিউমান মেটানিউমো ভাইরাস এখন হট টপিক। 'আতুড়' সেই দিন। দেশটির দক্ষিণ-পশ্চিম সীমান্ত খেঁচা তিব্বতের জিজাং উৎসস্থল ছিল এদিনের ভূমিকম্পের। যা কাপিয়ে দিল এই শহরকেও। শীতের সকালে গরম জামা পরার সুযোগটুকু পেলেন না অধিকাংশ মানুষ। পরিস্থিতি স্বাভাবিক হওয়ার পরও রেশ রইল দীর্ঘক্ষণ। চায়ের আড্ডা থেকে পাটি অফিস- দিনের সব জায়গায় শহরবাসী শোনাগেল নিজেদের অভিজ্ঞতা। এই যেমন- কম্পন টের পেয়েছেন সঙ্গ সঙ্গ, কার ঘুম ভাঙিয়ে ঘর থেকে টেনে বের করলেন পরিবারের সদস্যরা এবং কার অনুভূতি কেমন ইত্যাদি।

শিলিগুড়ির কলেজপাড়ায় একটি মর্নিং স্কুল রয়েছে। সেটার সামনে দাঁড়িয়ে একজনকে বলতে শোনা গেল, 'ঘুমের ঘোরে একটি বাঁকনি লাগলেও প্রথমে বুঝতে পারিনি। ফ্যান নড়ছে দেখে পরে টের পাই, ভূমিকম্প হচ্ছে। কম্বল জড়িয়ে জড়িয়েই ঘর থেকে বেরিয়ে পড়ি।' এইসময় বেশি তাড়াছড়ো যে উচিত নয়, তা স্পষ্ট সূর্যনগরের সাগর চক্রবর্তীর অভিজ্ঞতায়। দরজা না খুলে ঘর থেকে বের হতে গিয়ে মাথায় চোট পেয়েছেন তিনি। দেশবন্ধুপাড়ার প্রীতম সরকারের ব্যাখ্যায়, 'কম্পনে ঘুম ভাঙেনি। উলুধ্বনির আওয়াজ শুনে উঠে পড়ি'।

২০১১ সালের ১৮ সেপ্টেম্বর বিশ্বকম্পঞ্জের রাতে ভয়ংকরভাবে কেঁপে ওঠে শিলিগুড়ি। ২০১৫-

## শ্রেণীর দুষ্কৃতি

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : সোমবার গভীর রাতে অভিযান চালিয়ে ডাকাতির উদ্দেশ্যে জড়ো হওয়া চার দুষ্কৃতিকে শ্রেণীর করল ডক্টরগণ থানার সাদা পোশাকের পুলিশ। ধৃতদের নাম বাপি মাহাতো, সঞ্জয় রায়, প্রভাৎ মালো এবং পিংকু রায়। এরা যথাক্রমে খোলাচাঁদ ফাপড়ি, চয়নপাড়া, বৈকুণ্ঠপুরি ও প্রকাশনগরের বাসিন্দা বলে পুলিশ জানিয়েছে। তদন্তকারীদের ধারণা, দুষ্কৃতিমূলক কার্যকলাপের উদ্দেশ্যে এই চারজনের সঙ্গে অন্য কয়েকজনও ঘটনাস্থলে এসেছিল। কিন্তু পুলিশের উপস্থিতি টের পেতেই ঘটনাস্থল থেকে তারা পালিয়ে যায়। বাকিদের পিসি মিতাল বাসস্ট্যান্ড এলাকায় পাকড়াও করা হয়। ধৃতদের কাছ থেকে বেশ কিছু ধারালো অস্ত্র এবং অন্য সরঞ্জাম উদ্ধার করা হয়েছে। বাকিদের খোঁজে তদন্ত শুরু করেছে পুলিশ। মঙ্গলবার ধৃতদের জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হয়। ১৪ দিনের জেল হেপাজতের নির্দেশ দেন বিচারক।

## জেল হেপাজত

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : পবিত্রনগরে বৃষ্ণ রহস্যমূর্ত্যতে ধৃত স্বামীর জেল হেপাজতের নির্দেশ দিলেন বিচারক। ধারাজ রাইকে মঙ্গলবার শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হয়েছিল। থানা থেকে পুলিশ ভানে গুটার সময় এদিন ধারাজ দাবি করেন, 'আমরা ভালোভাবেই জীবন কাটাচ্ছিলাম। ঘটনার পরে আমি সবাইকে খবর দিই। পোস্ট মর্টেমের রিপোর্ট বের হলে সব বোঝা যাবে।' প্রধাননগর থানার আইসি বাসুদেব সরকার জানান, ঘটনার তদন্ত চলছে।

## পুনর্নির্মাণ দাবি

ইসলামপুর শহরে নেই কোনও অভিতোরিয়াম। মুক্তমঞ্চ থাকলেও সেখানে প্রয়োজনীয় পরিকাঠামো তৈরি করতে প্রায় লক্ষ টাকা খরচ হয়। ইসলামপুরের সাংস্কৃতিক মহল দীর্ঘদিন ধরে নেতাজি সূভাষ মঞ্চ অর্থাৎ পাবলিক হল পুনর্নির্মাণের দাবি তুলছেন। মঙ্গলবার একই দাবিতে মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিককে 'আরকলিপি দিলেন জয়েন্ট স্ট্যাটিস্টিক্স ফর নেতাজি সূভাষ মঞ্চের সদস্যরা। এদিনের কর্মসূচিতে সংস্থার কনভেনার আইডি বিশ্বাস, ইসলামপুর নাগরিক মঞ্চের সম্পাদক হিমাংশু সরকার প্রমুখ ছিলেন।

## পুরসভার বিরুদ্ধে উদাসীনতার অভিযোগ

# রাস্তা দখল করে কাজ ইসলামপুরে



শুভজিৎ চৌধুরী

ইসলামপুর, ৭ জানুয়ারি : দিনভর রাস্তা দখল করে বাড়ির ছাদ ঢালাইয়ের কাজ চলছে। আর সেই কাজের জন্য অনুরা রাস্তা ব্যবহার করতে পারছেন না। এছাড়া রাস্তার উপর নির্মাণসামগ্রী ফেলে রাখার ঘটনা তো রয়েছেই। শহরজুড়ে এভাবে নিয়ম ভাঙার খেলা চলছে। কিন্তু শীতঘুমে থাকা পুরসভার ঘুম ভাঙছে না বলে অভিযোগ।

এসব বেআইনি কাজের বিরুদ্ধে এখনও পর্যন্ত পুরসভার তরফে কোনও কড়া পদক্ষেপ করা অথবা নির্দেশিকা জারি করতে দেখা যায়নি। পুরসভার এমন উদাসীনতা ইসলামপুর শহর কার্যত নিয়ম ভাঙার আড়ালে পরিণত হয়েছে। যদিও পুরসভার চেয়ারম্যান এবং বিষয়ে স্থানীয় কাউন্সিলারদের নজর রাখার কথা জানিয়েছেন। ইসলামপুর পুরসভার চেয়ারম্যান কানাইয়ালাল আগরওয়াল বলেন, 'রাস্তায় যাতায়েন অব কাজ না হয়ে সেদিকে পুরসভার কাউন্সিলার নজর রাখবেন। প্রয়োজনে উপযুক্ত ব্যবস্থা নেবেন।'

কয়েকদিন আগে পুরসভার ১২ নম্বর ওয়ার্ডের থানা কলোনী এলাকায় দেখা যায়, রাস্তা দখল করে একটি বাড়ির ছাদ ঢালাই চলছে। সম্পূর্ণ রাস্তাটিকে এমনভাবে ব্যবহার করা হচ্ছে দেখে মনে হবে, যেন কোনও বাড়ির উঠানে কাজ হচ্ছে।



১২ নম্বর ওয়ার্ডের থানা কলোনীতে রাস্তার মাঝে নির্মাণ সামগ্রী-ফাইল চিরা।

কিন্তু সেটা যে একটি সরকারি রাস্তা এবং তা ব্যবহারের অধিকার সরকারের রয়েছে, তা হয়তো কারও মনে ছিল না। এমনকি স্থানীয় কাউন্সিলারও হয়তো সেই কথা ভুলে গিয়েছিলেন। তাই দিনদুপুরে এমন বেআইনি কাজ হওয়া সত্ত্বেও পদক্ষেপ করা হয়নি। ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার নিবেদিতা সাহার কথা, 'এসব কাজের বিরুদ্ধে পুরসভার কোনও নির্দেশিকা নেই। তবে রাস্তা দখল করে কাজ করা উচিত নয়। বাড়িতে জায়গার অভাবে রাস্তা ছাড়া যাদের উপায় নেই, শুধুমাত্র তাদের রবিবার

করে কাজ করতে বলা হয়। পাশাপাশি রাস্তা এবং ড্রেনের ঢাকনার উপর যাতে কেউ নির্মাণসামগ্রী না রাখে সে বিষয়েও কড়া বাত দেওয়া হয়েছে।' এমন ছবি শুধু এই ওয়ার্ডে নয়, শহরের সব ওয়ার্ডে একই সমস্যা। এছাড়া রাস্তার উপর বাড়ি তৈরির

কিন্তু সেটা যে একটি সরকারি রাস্তা এবং তা ব্যবহারের অধিকার সরকারের রয়েছে, তা হয়তো কারও মনে ছিল না। এমনকি স্থানীয় কাউন্সিলারও হয়তো সেই কথা ভুলে গিয়েছিলেন। তাই দিনদুপুরে এমন বেআইনি কাজ হওয়া সত্ত্বেও পদক্ষেপ করা হয়নি। ১২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলার নিবেদিতা সাহার কথা, 'এসব কাজের বিরুদ্ধে পুরসভার কোনও নির্দেশিকা নেই। তবে রাস্তা দখল করে কাজ করা উচিত নয়। বাড়িতে জায়গার অভাবে রাস্তা ছাড়া যাদের উপায় নেই, শুধুমাত্র তাদের রবিবার

# অবৈধ পার্কিং রুখতে অভিযান

ইসলামপুর, ৭ জানুয়ারি : ইসলামপুর শহরে যানজটের সমস্যা কারও অজানা নয়। টোটো সহ বিভিন্ন যানবাহন শহরের মূল রাস্তার উপর পার্ক করিয়ে রাখা হয়। আর এমন অবৈধ পার্কিংয়ের কারণে ভোগান্তির শেষ নেই সাধারণ মানুষের। শহরের মাঝখান দিয়ে যাওয়া রাজ্য সড়ক সম্প্রসারণের পর এই অবৈধ পার্কিং আরও বেড়েছে বলে অভিযোগ।

যার কারণে মাঝেমাঝেই দুর্ঘটনা ঘটতে। এবার এই অনিয়ম বন্ধ করতে পথে নেমেছে ইসলামপুর ট্রাফিক পুলিশ। সোমবার শহরের পিডরিউডি মোড় এলাকায় দেখা যায়, ট্রাফিক ওসি নিজে হ্যান্ড মাইক নিয়ে রাস্তার উপর দাঁড় করিয়ে রাখা টোটো এবং বিভিন্ন যানবাহন চালকদের অবৈধ পার্কিং নিয়ে সচেতন করছেন। এই নির্দেশিকা না মানলে আইনগণ ব্যবস্থা নেওয়ারও হুঁশিয়ারি দেওয়া হচ্ছে।

সোমবার অবৈধভাবে পার্ক করে রাখা বহু গাড়ির ছবিও তুলতে দেখা গিয়েছে পুলিশকর্মীদের। ভবিষ্যতে সেইসব গাড়ির চালকদের জরিমানা করা হবে কি না, সেই বিষয়ে স্পষ্ট করে কিছু জানানো হয়নি। তবে শহরজুড়ে লাগাতার এই সচেতনতা অভিযান চালানো হবে এবং প্রয়োজনে জরিমানাও করা হবে বলে জানিয়েছেন ইসলামপুরের ট্রাফিক ওসি নির্মল সরকার।

কয়েকদিন আগে বাস টার্মিনাসে ট্রাফিক পয়েন্টের পাশে অবৈধভাবে যাত্রীবোঝাই টোটো

দাঁড় করিয়ে রাখা হয়েছিল। তার জেরে দুর্ঘটনায় দুজনের মৃত্যু হয়। এই ঘটনা ইসলামপুর ট্রাফিক পুলিশের চোখ খুলে দিয়েছে বলে

- নজরদারি**
  - রাস্তার ওপর দাঁড় করিয়ে রাখা টোটো এবং অন্য গাড়িচালকদের পার্কিং নিয়ে সচেতন করেন ট্রাফিক ওসি
  - নির্দেশিকা না মানলে আইনগণ ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেওয়া হচ্ছে
  - লাগাতার এমন সচেতনতা অভিযান চলবে, প্রয়োজনে করা হবে জরিমানা
  - পুরসভা, প্রশাসনের কাছে পার্কিং জ্ঞানের দাবি তুলেছেন ব্যবসায়ীরা

মনে করছে বিভিন্ন মহল। আবার শহরে একটিও পার্কিং জোন না থাকায় পুরসভা এবং প্রশাসনের কাছে সেব্যপারে দাবি তুলেছেন ব্যবসায়ীরা। গাড়ি রাখার ব্যবস্থা না থাকলে ক্রেতারা নিজের গাড়ি কোথায় রেখে কেনাকাটা করবেন? প্রশ্ন তাঁদের। তবে ব্যবসায়ীদের নিজস্ব গাড়ি রাখার ব্যবস্থা নিজেদেরই করতে হবে বলে জানিয়েছেন ইসলামপুর পথিপার্শ্ব ব্যবসায়ী সমিতির সম্পাদক সূভাষ চক্রবর্তী।

## শহর

দীনবন্ধু মঞ্চের শিলিগুড়ি ২২তম নাট্যমেলায় বুধবার সন্ধ্যা সাড়ে ছ টায় মঞ্চস্থ হবে বালিগঞ্জ স্বপ্নসূচনার প্রযোজনার সমরেশ মজুমদারের নাটক 'তিন নম্বর চোখ'। নির্দেশনায় অতনু সরকার।

## টিকাকরণ নিয়ে সচেতনতা

ইসলামপুর, ৭ জানুয়ারি : শিশুদের টিকাকরণ নিয়ে মায়ের সচেতন করতে উদ্যোগী হল ইসলামপুর পুরসভা। ৩ নম্বর ওয়ার্ডের ইরানি বস্তিতে মঙ্গলবার সচেতনতা ও টিকাকরণ শিবির বসে। সেখানে উপস্থিত ছিলেন পুরসভার এগজিকিউটিভ অফিসার কালকান্তি তলাপার, স্থানীয় কাউন্সিলার মহম্মদ নাজিম সহ অনুরা। সাধারণ মানুষকে সচেতন করতে সংশ্লিষ্ট বিষয়ের ওপর পথনাটিকা পরিবেশন করেন ইসলামপুরের লোকপ্রসার প্রকল্পভুক্ত লোকশিল্পীরা। ২০টি শিশুকে এদিন টিকা দেওয়া হয়।



একগ্রতির জন্য শীতের পোশাক বাছাই। মঙ্গলবার বিধান মার্কেটে।-সুত্রধর

# স্কুল চত্বরে দুষ্কৃতিদের আড্ডা

মিঠুন ভট্টাচার্য

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : সন্দের পর ডক্টরগণ শহিদ কলোনী প্রাথমিক বিদ্যালয়ের ভিতরে দুষ্কৃতিরা আসার বসোচ্ছে বলে অভিযোগ। সকালে স্কুল খুললেই তাড়াতাড়ি মনের ব্যতল, ইনজেকশনের সিরিঞ্জ সহ বিভিন্ন অবৈধ সামগ্রী দেখা যাচ্ছে। এছাড়াও দেওয়াল টপকে স্কুলের সীমানার ভেতর ফেলা হচ্ছে আবর্জনা। বর্তমানে দুটি ক্লাসরুমের পিছনে চার-পাঁচ ফুট উঁচু আবর্জনার স্তুপ জমেছে। সেই স্তুপের ভিতর তৈরি হয়েছে সাপের বাসা। ফলে বাধ্য হয়ে ক্লাসরুম দুটি বন্ধ করে দিতে হয়েছে, বলছিলেন স্কুলের শিক্ষকরা।

ভিতরে ঢুকছে। পড়ুয়ারের জন্য তৈরি করা হয়েছিল কিনে শেড। সেখানেই বসে দুষ্কর করে বহিরাগতের দল। এছাড়াও মাঠের যেখানে-সেখানে দুষ্কৃতিদের অবাধ বিচরণ রয়েছে বলে খবর। স্কুলে গিয়ে দেখা গেল বেশ কিছু জায়গা থেকে মার্বেল তুলে নেওয়া হয়েছে। একটি শৌচালয়ের ওপরে টিনের চাল কেটে দেওয়া হয়েছে। সেখান দিয়েও প্রবেশের তৈরি করেছে দুষ্কৃতিরা।



ডক্টরগণ শহিদ কলোনী প্রাথমিক বিদ্যালয়ের পরিষ্কৃতি নিয়ে উদ্বেগ।

পুরনিগমের ৩৫ নম্বর ওয়ার্ডে অবস্থিত হলেও ২৪ নম্বর ওয়ার্ডের সীমানা খেঁচা জায়গায় অবস্থিত। স্কুলের পাশ দিয়েই গিয়েছে ২৪ নম্বর ওয়ার্ডের একটি রাস্তা। সেই রাস্তাটিতে দিনভর পড়ে থাকছে আবর্জনা, ফলে বাড়ছে দুর্গন্ধ, বস্তব্য অভিভাবকদের। শহিদ কলোনীর রঞ্জা দাস নামের এক অভিভাবক বলেন, 'শুনেছি স্কুলটিতে অনেক সমস্যা রয়েছে। কিন্তু কোথায় বলতে হবে আমার জানি না, প্রশাসন ব্যবস্থা নিলে ভালো হয়।' স্থানীয় কাউন্সিলার শম্পা নন্দী বলে বিষয়টি পুলিশকে জানানো হবে। অভিযোগ এলে অভিযান চালানো হবে বলে নিউ জলপাইগুড়ি থানার এক আধিকারিক জানিয়েছেন।

## খোলা জায়গায় শৌচকর্মে বিড়ম্বনা

পারমিতা রায়

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : 'উন্মুক্ত শৌচালয়'- শব্দটি শুনতে খটকা লাগলেও কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গন সংলগ্ন বিধান রোড বা শিলিগুড়ি জেলা হাসপাতাল সংলগ্ন আশ্রমের মুখার্জি রোডে গিয়ে দেখা যাবে এক অস্বস্তিকর ছবি। কেউ মোটরবাইক, কেউ আবার সাইকেল দাঁড় করিয়ে রেখে শৌচকর্ম করছেন যত্রতত্র। অনেকেই নিজেদের কিছুটা আড়াল করার চেষ্টা করেন, কিছুজন তো সেসবের আমল পর্যন্ত দেন না। অথচ শহরে সুলভ শৌচালয়ের সংখ্যা কম নয়।



শিলিগুড়ি জেলা হাসপাতালের পেছনের রাস্তা যেন উন্মুক্ত শৌচালয়।-সুত্রধর

বলছিলেন, 'অটো বা টোটোর জন্য দাঁড়িয়ে থাকতে হয় অনেকসময়। কিন্তু কিছু মানুষের জন্য সেই অপেক্ষাকৃত করতে পারি না। টোটো থেকে নেমে খানিকটা হেঁটে রজনী বাগান হয়ে যাতায়াত করি। কতবার যে কতরকম অস্বস্তিতে পড়তে হয়েছে, তা বলার ভাষা নেই।'

জেলা হাসপাতালের পেছনের রাস্তা দিয়ে নাকে রুমাল চেপে চলাফেলা করতে হচ্ছে। রিজা দাশগুপ্ত ক্ষোভ উগারে দিলেন, 'কিছু কিছু মানুষের হয়তো সুবিধা কখনও হবে না। এভাবে খোলা জায়গায় কেউ শৌচকর্ম করে? এতগুলো সুলভ শৌচালয় রয়েছে, কিন্তু পরিস্থিতি বদলায়নি।'

পুরনিগমের ডেপুটি মেয়র রঞ্জন সরকারের বক্তব্য, 'আমরা শহরে অনেক শৌচালয় বানিয়েছি। সাধারণ মানুষের সুবিধার্থে এত ব্যবস্থা করা হয়েছে। তারপরেও কিছু মানুষ এমন কাজ করছে। এরপর জরিমানা করা শুরু করব।'

রঞ্জন সরকার ডেপুটি মেয়র


থেকে নেমে খানিকটা হেঁটে রজনী বাগান হয়ে যাতায়াত করি। কতবার যে কতরকম অস্বস্তিতে পড়তে হয়েছে, তা বলার ভাষা নেই।'

# মহার্ঘ সোনা, রুপোর গয়নাই শোভা বাড়াচ্ছে

## মধ্যবিত্তের স্বরকরা

শিলিগুড়ি, ৭ জানুয়ারি : অফিস হোক বা বিয়েবাড়ির সাজ, ছিমছাম কিংবা একটু ভারী-ফ্যাশন ট্রেণ্ডে এখন রুপোর গয়না হিট। ভিড়ের মাঝে নজর কাড়তে সেদিকে ঝুঁকছে বড় থেকে ছোট। অন্যান্যদিকে, সোনার জলে চোবানো রুপোর গয়নার কদরও বাড়ছে। এই স্বাদ বদলের নেপথ্যে বেশ কয়েকটি বিষয় রয়েছে। এক, ধীরে ধীরে মধ্যবিত্তের ধরনোয়ার বাইরে চলে যাচ্ছে সোনার দাম। দুই, সব জায়গায় সোনার গয়না পরা মুশকিল। বাইরে গেলে ব্যাপারটা ঝুঁকিপূর্ণ হয়ে যায়। তিন,

স্ফাট, জিনস কিংবা শাড়ি-সবকিছুর সঙ্গে দারুণ মানাচ্ছে। রুপোর গয়নায় বসানো নানা রংয়ের পাথর আরও আকর্ষণীয় করে তোলে সাজকে। পুরুষরাও ট্রেণ্ডে গা ভাসাচ্ছেন। তাঁদের জন্য রয়েছে গলার চেন থেকে নানা নকশার আংটি। লিখলেন প্রিয়দর্শিনী বিশ্বাস



পাথর বসানো রুপোর গয়না।



গুজনের আংটির দাম শুরু ৩০০ টাকা থেকে। রুপোর হালকা চেনের জন্য খরচ করতে হবে ৮৫০-৯০০

দোকান থেকে কেনা কসমোটিক জুয়েলারি পরলে অনেকেরই রাস্তা দেখা দেয়। তাই সাধারণের মধ্যে রুপোর গয়না পরে 'আপনাকে ট্রেণ্ডে এখন রুপোর গয়না হিট। ভিড়ের মাঝে নজর কাড়তে সেদিকে ঝুঁকছে বড় থেকে ছোট। অন্যান্যদিকে, সোনার জলে চোবানো রুপোর গয়নার কদরও বাড়ছে। এই স্বাদ বদলের নেপথ্যে বেশ কয়েকটি বিষয় রয়েছে। এক, ধীরে ধীরে মধ্যবিত্তের ধরনোয়ার বাইরে চলে যাচ্ছে সোনার দাম। দুই, সব জায়গায় সোনার গয়না পরা মুশকিল। বাইরে গেলে ব্যাপারটা ঝুঁকিপূর্ণ হয়ে যায়। তিন,

টাকা এবং দুই মিলবে ৪০০ থেকে। অ্যাক্সেসরিজের দাম ১১০০ থেকে ১২০০ টাকার মধ্যে, লকেট ৪৫০ টাকা থেকে শুরু হয়েছে। একটু ভারী গয়না ৫-৬ হাজার টাকার মধ্যে মিলবে অনায়াসে। বেশি ভারী গয়নার অবশ্য খানিকটা উঁচু দর। ২০ হাজারের মধ্যে পাওয়া যাচ্ছে সেসব। তবে ভারীর থেকে বেশি হিট হালকা রুপোর গয়না। বিধান মার্কেটে একটি দোকানে কাজ করেন অনুজা সিংহল। তার কথায়, 'আমাদের দোকানে স্টারলিং এবং অ্যান্টিক-দু'ধরনের রুপোর গয়না রয়েছে। সেসবের বেশ ভালো চাহিদা।

তরুণী, মহিলারা পছন্দ করছেন।' একই বাজারের ব্যবসায়ী প্রণব পালের সঙ্গে কথা বলে জানা গেল, ২-৩ বছর ধরে ধীরে ধীরে চাহিদা বাড়ছিল। ছিমছাম সাজ পছন্দ উপালি পালের। কানে ছোট রুপোর দুলা আর গলায় চেন, ব্যাস এটুকুই নাকি তাঁকে 'কমপ্লিট' করে দেয়। প্রিয়জন নাকি বলেছে, উপালিকে নাকি দেখতে ভীষণ 'ক্লাসি' লাগে। রীতু চক্রবর্তী তো বিয়েবাড়িতে রুপোর গয়না পরেন। বলছিলেন, 'সোনার যা দাম, মনোমতো কিছু বানানো মুশকিল। আমি অফিসেও রুপোর গয়না পরে যাই।' সামনে বন্ধু প্রীতমের জন্মদিন, তাকে উপহার দিতে ব্রেসলেট কিনছিল সায়নী, রিয়া আর মৌমিতা। কৌতূহল প্রকাশ করতেই ব্যাখ্যা দিল, 'সাধারণের মধ্যে প্রিয়জনদের জন্য দারুণ উপহার হতে পারে সিলভার কালেকশন।'

## কিডনি কেয়ার ক্লিনিক

এখন শিলিগুড়িতে

আপনি কি নিম্নলিখিত কোন সমস্যায় ভুগছেন?

কিডনিতে পাথর। পেরিটোনিয়াল ডায়ালাইসিস। কিডনি প্রতিস্থাপন। হিমো ডায়ালাইসিস। নেফ্রোটিক সিনড্রোম। সাধারণ নেফ্রোলজি সমস্যা। অনিয়ন্ত্রিত উচ্চ রক্তচাপ। ক্রনিক কিডনি রোগ

স্পর্শ হাসপাতাল, ব্যাঙ্গালোর থেকে আমাদের বিশেষজ্ঞদের সাথে পরামর্শ করুন

**ডাঃ হর্ষ কুমার এইচ.এন**  
সিনিয়র কনসাল্ট্যান্ট-নেফ্রোলজি এবং ট্রান্সপ্লান্ট চিকিৎসক  
স্পর্শ হাসপাতাল, ব্যাঙ্গালোর

**ডাঃ সুনীল আর**  
সিনিয়র কনসাল্ট্যান্ট-নেফ্রোলজি এবং ট্রান্সপ্লান্ট চিকিৎসক  
স্পর্শ হাসপাতাল, ব্যাঙ্গালোর

📍: গুরুবার, ১০ই জানুয়ারি। বিকাল ৫টা-৮টা এবং শনিবার, ১২ই জানুয়ারি। সকাল ৯টা-১১টা

📍: কেজরিওয়ালস স্টোন ক্লিনিক এন্ড কিডনি কেয়ার, প্রণামী মন্দির রোড, সেবক রোড, ৭০০৩৭৩১২ / ৮৯২৭৮৪৯১৪৮

স্পর্শ হাসপাতাল, আইসিআল হোস্টেল এটচমেন্টে লেভাউট, ৮, চতুর্থ ক্রস রোড, জাতকানালেকি, আর আর নগর, বেঙ্গালুরু-৫৬০০৯৩





# হাই ভোল্টেজ

## অ্যাকশনে তাপসী



গাছারীর ভূমিকায় তাপসী পান্না। না না, এই গাছারীর সঙ্গে অবশ্য মহাভারতের কোনও সম্পর্ক নেই। দুয়োধনের মা নন। এই গাছারীরও অবশ্য এক মা। তার কিডন্যাপ হওয়া সন্তানকে খুঁজে বার করার জন্য জান লাড়িয়ে দিয়েছেন তিনি।

আসলে এই ছবি আদ্যতঃ অ্যাকশন নির্ভর ছবি। তাপসী এই ছবির প্রথম অংশের কাজ শেষ করেছেন ডিসেম্বর মাসে। এ মাস থেকে আবার দ্বিতীয় অংশের কাজ শুরু হল। ছবির জন্য যোগবায়ামের লাগাতার প্রশিক্ষণ নিচ্ছেন তাপসী। তাঁর অ্যাকশন দৃশ্যগুলোর জন্যে শূন্যপাথেও বেশকিছু স্টাট রয়েছে, সেগুলোও সব শিখতে হচ্ছে এবার। হাই ভোল্টেজ ড্রামা, সামাজিক বার্তা, রোমাঞ্চ এবং অ্যাকশন আছে এই ছবিতে। ছবিটা অবশ্য এই বছরের শেষেই মুক্তি পাবে।

## করিনার নিউ ইয়ার পোস্ট, তৈমুরের মায়ের সেবা



করিনা কাপুর খুবই ভাগ্যবতী এক মা। নায়িকার নতুন বছরের দারুণ এক পোস্টেই তার প্রমাণ। নিজের ইন্সটাগ্রাম ব্লগে কিছু নতুন বছরের ছবি শেয়ার করছেন করিনা। তার সঙ্গে আছে ক্যামেরার দিকে পিছন ফিরে হটিতে থাকা তৈমুরের ছবি। কালো সূট পরে আছে সে, তার হাতে মায়ের জুতো। এই নানা রঙের ছবি শেয়ার করে করিনা ক্যাপশন করেছেন, 'মায়ের সেবা, এই বছর এবং চিরকালের জন্য। হ্যাঁপি নিউ ইয়ার। আরও ছবি শেয়ার করব, সঙ্গে থাকুন।' করিনা ২০২৪-কে বিদায় জানিয়েছেন সুইজারল্যান্ডের আল্পস পর্বতে। সইফ আলি, দুই পুত্র তৈমুর ও জেহ সঙ্গ সঙ্গে ছিলেন। এখানে তৈমুরের স্কি করার ছবির সঙ্গে আরও রোমহর্ষক ছবি শেয়ার করেছেন। এর আগে বাড়িতে খ্রিস্টমাস উদযাপনের ছবিও শেয়ার করেছিলেন।



## ফ্যানদের দাবি, কালি বিল্লি হোন প্রিয়াংকা



প্রিয়াংকা চোপড়া বলিউডে ফিরছেন—এই নিয়ে আলোচনা হচ্ছে। হলিউডে জাল বিছিয়ে দিয়েছেন অনেক দিন আগেই, তবু তাঁর অনুরাগীরা তাঁর তরফে বলিউডে ফিরে আসার একটি ঘোষণার জন্য অপেক্ষা করছেন অনেকদিন ধরেই। শোনা গিয়েছিল মহেশ বাবুর সঙ্গে এসে রাজমোলির ছবি করেই তিনি ভারতে তাঁর এবারের ইনিংস শুরু করবেন। তখনই ডন ৩-এর ঘোষণা হয়। তখন থেকেই একটা গুঞ্জন শুরু হয় এবার ডন-এর বিপরীতে 'কালি বিল্লি' হয়ে কে দাঁড়াবেন। শাহরুখ খান এবার ডন হচ্ছেন না, হচ্ছেন রণবীর সিং। নায়িকা হচ্ছেন কিয়ারা আডবানি। কিন্তু অনুরাগীরা চাইছেন প্রিয়াংকাকেই সেই জায়গাটা নিন। এক পোর্টালে এই নিয়ে আলোচনা হয়েছে, তাতে নেটমহল নিজেদের মতামত দিয়েছেন।

একজন লিখেছেন, 'প্রিয়াংকা ছাড়া কেউ রোমা হতে পারেন না। ফারহান দয়া করে তাঁকে নিয়ে আসুন। রণবীর সিংয়ের সঙ্গে তাঁর রসায়নও দারুণ।' আর একজনের বক্তব্য, 'কিয়ারা আজকের অন্য নায়িকাদের মতো ভানিলা অ্যাকট্রেস। পিসি-র জলওয়ার সঙ্গে কেউ ম্যাচ করতে পারবে না।' ২০০৬-এর ডন-এ পিগি রোমা হয়েছিলেন।

## সিধু যে কথা বললেন, ফারহান জানেন?

ফারহান আখতার আমাদের বাংলার ব্যান্ডের জীবন নিয়ে তাঁর সেই বিখ্যাত ছবিটা বানিয়ে ফেললেন। বলিউডের অন্যতম জনপ্রিয় এবং আইকনিক ছবি রক অন। কিন্তু জানেন কি এই



বলিউডি ছবির গল্প এক বাংলা ব্যান্ডের গল্পের উপর ভিত্তি করে বানানো। ভাবছেন কোন ব্যান্ড? ক্যাকটাস। আর সেই কথা নিজেই এদিন প্রকাশ্যে আনলেন সিধু।

২০০৮ সালে মুক্তি পাওয়া অভিব্যেক কাপুর পরিচালিত রক অন ছবিটিতে উঠে এসেছিল ৪ মিউজিশিয়ানের কথা, যারা ব্যান্ড তৈরি করেন। এবং সেই ব্যান্ডকে অন্য উচ্চতায় নিয়ে যাওয়ার স্বপ্ন দেখলেও নানা সমস্যার কারণে পারেননি। ফারহান আখতার, অর্জুন রামপাল অভিনীত ছবিটি বহুল প্রশংসিত হয়েছিল। কিন্তু জানেন কি এই ছবিটি আসলে বাংলা ব্যান্ড ক্যাকটাসের গল্পের উপর ভিত্তি করে বানানো হয়েছে? এদিন নিজে সেই তথ্য প্রকাশ্যে আনলেন সিধু।

সকলেই জানেন ক্যাকটাস ব্যান্ডটি একাধিক বার ভাঙাগড়া মধ্য দিয়ে গেছে। ফটল ধরেছে মেম্বারদের মধ্যে, আবার নতুন করে ঘুরে দাড়িয়েছে। আর সেটাই ভিত্তি ছিল রক অন ছবির। এই বিষয়ে এদিন এক সাংবাদিক



যখন সিধুকে জিজ্ঞেস করেন যে, 'একটা ব্যান্ড কেন ভেঙে যায় বারবার?' তখন গায়ক বলেন, 'রক অন দেখেছি নিশ্চয়। রক অনের গল্প কিছুটা ক্যাকটাসের উপর বেস করে। রক অন-এর যে চিত্রনাট্য করেছিল পুবলি চৌধুরি, আমাদের খুব কাছে বন্ধু ছিল। ইনফ্যান্ট আমাদের যে বেসিস্ট তার সঙ্গে প্রেম করত। তো আমাদের রিহাঙ্গিনে আসা, আমাদের সঙ্গে ভাগ করে খাওয়া, শো-তে যাওয়া সবটাই খুব কাছ থেকে দেখেছে। সে সব কথাই উঠে এসেছে তার চিত্রনাট্যে।'

## অস্বারে এবার 'পুতুল'



অস্বারের তালিকায় বাংলার নাম। বাংলা 'পুতুল' খেলতে খেলতে অস্বারে উঠে এল। ব্যাপারটা তেমন না হলেও, ছবির নাম কিন্তু 'পুতুল'। কয়েকদিন আগে ইমন চক্রবর্তীর 'ইতি মা' গানটা অস্বার নমিনেশন পাওয়ার কথা মনে পড়ছে? শেষ মুহূর্তে তা তালিকা থেকে বেরিয়ে গেলো, অস্বার অবধি যে বাংলার দৌড় পৌছতে পারে, তার নিদর্শন সেদিনই দেখা গিয়েছিল।

তবে বাংলার নিরাশ হওয়ার কারণ নেই। আরও একবার বাংলার বুকে আশা জাগাল পুতুল। এবার সেটা ছবি বিভাগে মনোনয়ন পেল। এদিন অস্বারের ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় পুতুলের নাম দেখে আবেগধন পরিচালক হিন্দী ধর। হিন্দী ধরের এটাই প্রথম ছবি। আর তাতেই তাঁর বাজিমাত। খবর পাওয়া মাত্রই পরিচালক বলেন, 'অস্বার কমিটির কাছে আমি কৃতজ্ঞ। আমার কাজ, পরিচালনা, আমার লেখা পছন্দ করার জন্য আমি কৃতজ্ঞ। কারণ পুতুল সেটা ছবি বিভাগে মনোনয়ন পেয়েছে। ওয়েবসাইটে বেরিয়েও গিয়েছে। আমি খুব ভুল না হলে প্রথম কোনও বাংলা ছবি এই বিভাগে জয়গা করে নিয়েছে। আমার চিনের সকল সদস্যদের আমি ধন্যবাদ বলতে চাই। আমি খুব কষ্ট করে ছবিটা বানিয়েছি। এটা আমার ডেবিউ ছবি। খুব বড় প্রযোজকের সাহায্যে নয়। প্রথম কাজকেই আন্তর্জাতিক স্তরে নিয়ে যেতে পারলাম, এটাই আমার কাছে বড় পাওনা।'

## একনজরে সেরা

### উদিতের ফ্ল্যাটে আশুন

সোমবার রাত নটায় শিল্পী উদিত নারায়ণের মুম্বাইয়ের আপার্টমেন্টে আশুন লাগে। শর্ট সার্কিট থেকেই আশুন লেগেছে বলে জানা গিয়েছে। দমকলকর্মীরা খুব দ্রুততার সঙ্গে আশুন নেভান। শিল্পী ও তাঁর পরিবার সুরক্ষিত। তিনি থাকেন ন-তলায়। এই অ্যাপার্টমেন্টে রাহুল মিশ্র নামে এক ব্যক্তি প্রাণ হারিয়েছেন। তিনি আপার্টমেন্টের ১১ তলায় থাকতেন।

### ভূমিকম্পেও মনীষা

মঙ্গলবার তাঁর ভূমিকম্প হয় তিব্বতে, মাত্রা ৭.১। এরপরও আফটারশকে ৪০ বার কঁপে উঠেছে দেশ। এর প্রভাব পড়েছে নেপাল, ভূটান ও ভারতে। এর মধ্যেও অভিনেত্রী মনীষা কৈরলা ট্রেডমিলে হেঁটেছেন। পরনে নীল জ্যাকেট, টুপি, গোলপি স্কার্ফ। সে ছবি ইন্সটাগ্রাম দিয়েছেন। সঙ্গে ক্যাপশন, সকলে ভূমিকম্প আমাদের জাগিয়ে দেওয়ার পরে।

### শিবুকে হুমকি দেব-ভক্তদের


শিবপ্রসাদ মুখোপাধ্যায়কে হুমকি দিয়ে দেব-ভক্তরা সোশ্যাল মিডিয়ায় লিখেছেন, দেবের ছবি মুক্তির দিন শিবপ্রসাদের ছবির মুক্তি হলে ওরা দেখে নেবে। উত্তরে তিনি ও তাঁর স্ত্রী জিনিয়া সেন লিখেছেন, 'ছবিমুক্তির দিন হুমকি, আমাদের থামাতে পারিনি, পারবে না।' পুজোয় মুক্তি পাওয়া বছরপা, টেকা কে টেকা দিয়েছে। তাই কি এই হুমকি? প্রশ্ন সেটাই।

### স্পাইডারম্যানের বিয়ে

বিয়ে করছেন স্পাইডারম্যান টম হল্যান্ড। পাত্রী মার্কিন অভিনেত্রী ও নর্তকী জেনডেয়া। ঘনিষ্ঠ বন্ধুস্বামী ও আত্মীয়দের নিয়ে তাঁদের বাগদান ইতিমধ্যেই সম্পন্ন। খ্রিস্টমাসের সময় দুজন পরিবারের সঙ্গে সময় কাটান। তখনই টম জেনডেয়াকে প্রোপোজ করেন। গ্যোন্ডেন গ্লোবের অনুষ্ঠানে জেনডেয়ার হাতে বাগদানের আংটি ছিল। তবে কেউ এ বিষয়ে মুখ খোলেননি।

### বুলেটপ্রুফ সলমন

সলমন খানের বাহাদুর বাড়ি গ্যালাগ্লির বারান্দা বুলেটপ্রুফ কাচে ঢাকা হল। নিরাপত্তার জন্যই এই ব্যবস্থা। গত বছর বিয়েই সম্প্রদায়ের বারবার হত্যার হুমকির মুখোমুখি হয়েছেন মিয়া। বারান্দায় বেরিয়ে ভক্তদের দিকে হাত নাড়াতে পারেননি গরু জন্মদিনে। এবার ইদে সেটা হবে বলে মনে করছে অনুরাগীরা।



## ভাগ্নিকে দেখে আবেগতড়িত অক্ষয়

অক্ষয়কুমারের ভাগ্নি সিমর ভাটিয়া অভিনয়ে পা রাখছেন। তাঁর প্রথম ছবি ইক্লিস, নায়ক অক্ষয় নন্দা। পরিচালক শ্রীরাম রাখবন। এক সংবাদপত্রে নতুন বছরে প্রতিশ্রুতিসম্পন্ন নবাগত-নবাগতাদের তালিকায় সিমর জায়গা পেয়েছেন। আর সেটি দেখেই আবেগতড়িত সিমরের মামা অক্ষয়কুমার। তিনি সোশ্যাল মিডিয়ায় সেই কাগজ শেয়ার করে লিখেছেন, 'যখন নিজের ছবি প্রথমবার কাগজে দেখি, ভেবেছিলাম, এটাই চূড়ান্ত আনন্দ। কিন্তু আজ বুঝছি, সন্তানের ছবি দেখার আনন্দ সব আনন্দকে হারিয়ে দেয়।' এই আনন্দে তিনি আরও আবেগতড়িত হয়ে মা সীমা ভাটিয়ার কথা বলেন, সীমার নাতনি সিমরই আজ নায়িকা। তিনি লিখেছেন, 'যদি মা আজ থাকত, বলত, সিমর পুত্র, তুই তো অর্ধক করে দিলি। আমার সোনা, বেঁচে থাকো। পুরো আকাশটাই আজ থেকে তোমার।' সিমর অক্ষয়ের বোন অলকায় মেয়ে। তাঁর প্রথম স্বামী ছিলেন বৈভব কাপুর। এখন অলকা রিয়েল এস্টেট টাইকুন সুরেন্দ্র হীরানন্দানীকে বিয়ে করেছেন।



## আমনকে সেলিব্রেট করলেন কাজল



আসলে কাজল সেলিব্রেট করলেন আমন দেবগণের প্রথম ছবি আজাদ-কে। সম্প্রতি ছবির ট্রেলার মুক্তি পেয়েছে। ছবি এবং তার তারকার দারুণভাবে সমাদৃত হচ্ছে। তাতে অংশ নিলেন আমনের কাকিমা, অভিনেত্রী কাজলও। ইন্সটাগ্রাম ছবির ট্রেলার শেয়ার করে গর্বভরে তিনি লিখেছেন, 'যদি যোড়াদের শুভেচ্ছা জানাতে হয়, তাহলে এই যোড়াকেই আমি শুভেচ্ছা জানাব। আমি তোমার জন্য গর্বিত, আমন দেবগণ। এবং আরও অনেক অভিনন্দন তোমার জন্য আসতে চলছে।'

প্রসঙ্গত, ছবির কেন্দ্রীয় চরিত্র এক যোড়া। ছবির অন্যতম প্রধান চরিত্রে আছেন অজয় দেবগণ। তাঁরই ভাইপো আমন দেবগণ ও রবিনা চ্যাভনের কন্যা রাশা খাডানি ছবির রোমাঞ্চিক নায়ক-নায়িকা। অজয় থ্রামের এক বিদ্রোহী এবং বলিপ্রদত্ত তাঁর বিশেষ যোড়ার প্রতি। এই যোড়া এক যুদ্ধের মাঝে হারিয়ে যাবে, তাকেই খুঁজবেন আমন। ট্রেলারে অজয়-আমনের সম্পর্ক, তাঁদের একে অপরের প্রতি দায়বদ্ধতা, প্রতিবাদ ও প্রতিরাধের শিক্ষা কাঁধে অজয় আমনকে দিলেন, সবই প্রকাশিত। ছবির পটভূমি ইংরেজ আমল। ছবিতে রাশা অভিজাত পরিবারের মেয়ে, সম্প্রতি ছবির একটি গান উয়ী আন্না বেরিয়েছে। তাতে রাশার নাচের দক্ষতা দেখা গিয়েছে। নেটমহল তাঁকে পছন্দও করেছেন। ছবিতে আমনের কাজের প্রশংসা করেছেন স্বয়ং অজয়। ছবির পরিচালক অভিব্যেক কাপুর, মুক্তি ১৭ জানুয়ারি।



# ‘বিরাট-রোহিতের অবদান ভুলে যাচ্ছে সবাই’

সমালোচকদের বিঁধলেন যুবরাজ

দুবাই, ৭ জানুয়ারি : স্রোতের উলটোদিকে হাটলেন যুবরাজ সিং। বিরাট কোহলি, রোহিত শর্মা সমালোচকদের একহাত নিলেন বিশ্বজয়ী প্রাক্তন অলরাউন্ডার। যুবির দাবি, ভারতীয় ক্রিকেট বিরাটদের অবদান সবাই ভুলে যাচ্ছে। তির্যক ভাষায় আক্রমণ করছে। ঘরের মাঠে বাংলাদেশ, নিউজিল্যান্ড সিরিজের পর অস্ট্রেলিয়া সফরে চড়ান্ত বার্থ দলের দুই ব্যাটিং অঙ্গ। তরুণ ব্রিগেড কিছুটা হাল ধরলেও জল ঢালে বিরাট-রোহিতের বার্থতা।

ভারতের সিরিজ হাতছাড়া হওয়ার পর যা নিয়ে সমালোচনার ঝড়। বিরাটদের টেকনিক থেকে টেন্সারামেন্ট-আতশকাচের নীচে। কারণ ওর দাবি, ক্রিকেটে মনোনিবেশ করতে পারছেন না। তরুণদের জায়গা দিতে বিরাট-রোহিতকে এবার ছাটাইয়ের মোটিফ ধরানো উচিত। কতদিন যে পরিস্থিতিতে উত্তরবঙ্গদের পাশে দাঁড়ালেন যুবরাজ।

দুবাইয়ে টেনিস বল ক্রিকেট প্রিমিয়ার লিগের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত যুবরাজ বলেছেন, ‘গত ৫-৬ বছরে ভারতের সাফল্যের তালিকা দেখছিলাম। ওরা অস্ট্রেলিয়ার মাটিতে পরপর দুইটি টেস্ট সিরিজ জিতেছে। মনে করতে পারছি না,

দ্বিতীয় কোনও দলের এই কৃতিত্ব আছে কি না। অখচ মানুষ এখন রোহিত, বিরাটের সমালোচনা মুখর, ভুলে গিয়েছে। অতীতে ওরা কী সাফল্য অর্জন করেছে।’

ওডিআই, টি২০, দুই ফরম্যাট বিশ্বজয়ী যুবরাজের দাবি, ‘রোহিত-বিরাট বর্তমান প্রজন্মের মহান ক্রিকেটার। বার্থ হয়েছেন মানছি। কিন্তু আমাদের চেয়ে এই হারে ওরা অনেক বেশি হতাশ। আমি নিশ্চিত, এই দলটাই ঘুরে দাঁড়াবে। কোচ হিসেবে



দুবাইয়ে টেনিস বল ক্রিকেট প্রিমিয়ার লিগের উদ্বোধনে ব্যাটে সুই করছেন যুবরাজ সিং।

গৌতম গম্ভীর, নির্বাচক প্রধানের দায়িত্বে থাকা অজিত আগরকার, বিরাট কোহলি, রোহিত শর্মা, জসপ্রীত বুমরাহ-পারফেক্ট কন্সিশন। ক্ষুরধার ক্রিকেট মস্তিষ্ক। ওরাই ঠিক করবে ভারতীয় ক্রিকেটের ভবিষ্যৎ কোন পথে চলিবে হবে। আলোচনায় বসবে বিসিসিআই-ও। ভবিষ্যতের রূপরেখা তৈরি হবে যেখানে।’

দলের স্বার্থে নির্ণয়ক পঞ্চম টেস্টে রোহিতের সরে দাঁড়ানো নিয়েও উচ্ছ্বসিত যুবরাজ। বলেছেন, ‘বিশাল ব্যাপার। ফর্মের কারণে কখনও কোনও অধিনায়ককে এভাবে সরে দাঁড়াতে দেখিনি। এখানেই রোহিতের মহত্ব, যে দলকে সবসময় নিজের আগে রাখে। ফলাফল যাই হোক রোহিত দুর্দান্ত অধিনায়ক। চিরকালই দুর্দান্ত অধিনায়ক থাকবে। ওর নেতৃত্বে ওডিআই বিশ্বকাপ ফাইনাল খেলেছি, টি২০ বিশ্বকাপ জিতেছি আমরা। সাফল্যের তালিকা বেশ দীর্ঘ, যা অস্ট্রেলিয়ায় এই বার্থতার চেয়ে অনেক বেশি। ঘরের মাঠে নিউজিল্যান্ডের কাছে ০-৩ হার অবশ্য আমাদের সবাইকেই ধাক্কা দিয়েছে। ওটা মনে নেওয়া যায় না।’

ভারতীয় সাজঘরের চলতি হাল নিয়ে অবশ্য মন্তব্য নারাজ। যুবরাজের মতে, তিনি ভারতীয় সাজঘরের অঙ্গ নন। তাই না জেনে কোনও মন্তব্য করতে চান না। গম্ভীর, রোহিত, বিরাটের প্রচুর ক্রিকেট দল থেকে বাদ দেওয়ার দাবিও তুলেছেন তিনি। ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিরুদ্ধে তিন টেস্টের সিরিজে হোয়াইটওয়াশ দেওয়ার পর অস্ট্রেলিয়া সফরেও মুখ খুঁড়তে ভয়ে ভারতীয় দল। এমন অবস্থায় নয়া বোর্ড সচিব জাতীয় নির্বাচক কমিটির প্রধান আগরকারকে রোহিত-বিরাট নিয়ে কড়া হওয়ার বার্তা দিয়েছেন বলে খবর। নয়া বোর্ড সচিবের এমন

অজিত আগরকারকে রোহিত-বিরাট নিয়ে আরও কড়া হওয়ার বার্তা দিয়েছেন। ক্রিকেটের চেয়ে বড় কোনও ক্রিকেটার হতে পারেন না, প্রয়োজনে কঠোর সিদ্ধান্ত নিয়ে রোহিতদের জাতীয় দল থেকে বাদ দেওয়ার দাবিও তুলেছেন তিনি। ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিরুদ্ধে তিন টেস্টের সিরিজে হোয়াইটওয়াশ দেওয়ার পর অস্ট্রেলিয়া সফরেও মুখ খুঁড়তে ভারতীয় দল। এমন অবস্থায় নয়া বোর্ড সচিব জাতীয় নির্বাচক কমিটির প্রধান আগরকারকে রোহিত-বিরাট নিয়ে কড়া হওয়ার বার্তা দিয়েছেন বলে খবর। নয়া বোর্ড সচিবের এমন

বর্তা বা নির্দেশ নিয়ে ভারতীয় ক্রিকেটমহল থেকে সরকারিভাবে কোনও তথ্য পাওয়া যায়নি। যদিও বোর্ড সচিবের মনোভাব যদি সত্যিই এমন হয়, তাহলে বলতেই হচ্ছে রোহিত-বিরাটদের মতো তারকাদের বর্নময় কেরিয়ারের শেষটা খুব খারাপ হতে চলেছে। বিসিসিআইয়ের একটি সূত্রের দাবি, শুধু রোহিত-বিরাটকে নিয়েই নয়। কোচ হিসেবে সম্পূর্ণ স্বাধীনতা পাওয়া গৌতম গম্ভীরকে নিয়েও অসন্তোষ রয়েছে। মিশন অস্ট্রেলিয়ায় টিম ইন্ডিয়ায় চড়ান্ত বার্থতার পর লাল বলের টেস্ট ক্রিকেট থেকে গম্ভীরকে সরিয়ে নেওয়া লক্ষ্যকে দায়িত্বে

রোহিত-বিরাট বর্তমান প্রজন্মের মহান ক্রিকেটার। বার্থ হয়েছে মানছি। কিন্তু আমাদের চেয়ে এই হারে ওরা অনেকে বেশি হতাশ। আমি নিশ্চিত, এই দলটাই ঘুরে দাঁড়াবে। কোচ হিসেবে গৌতম গম্ভীর, নির্বাচক প্রধানের দায়িত্বে থাকা অজিত আগরকার, বিরাট কোহলি, রোহিত শর্মা, জসপ্রীত বুমরাহ-পারফেক্ট কন্সিশন। ক্ষুরধার ক্রিকেট মস্তিষ্ক। ওরাই ঠিক করবে ভারতীয় ক্রিকেটের ভবিষ্যৎ কোন পথে চলিবে হবে। আলোচনায় বসবে বিসিসিআই-ও। ভবিষ্যতের রূপরেখা তৈরি হবে যেখানে।

যুবরাজ সিং

# পাঁচতারা জয়ে শেষ ষোলোয় রিয়াল মাদ্রিদ

মার্সিয়া, ৭ জানুয়ারি : কোপা ডেল রে-এর শেষ ষোলোয় রিয়াল মাদ্রিদ। রাউন্ড অফ ৩২-এ কিলিয়ান এমবাপে, জুড়ে বেলিংহাম, ভিনিসিয়াস জুনিয়ারদের ছাড়াই ৫-০ গোলে জয় মাদ্রিদ জায়েটেদের।

আসেলোভি। তবে প্রথমাধেই তিন গোল তুলে নেওয়ার দলের খেলায় কোনও অভাবই চোখে পড়েনি। প্রথম ৪৫ মিনিটে গোল তিনটি করেন ফেডেরিকো ভালভের্দে, এডুয়ার্দো কামাভিন্দা ও আরদা গুলার। দ্বিতীয়ার্ধের ৫৫ এবং ৮৮ মিনিটে বাকি দুটি গোলের মধ্যে প্রথমটি করেন লুকা মডরিচ।

এই ম্যাচে তরুণ ফুটবলারদের সঙ্গে ৩৯-এর মডরিচও যেভাবে দাপিয়ে বেড়াবেন, তার প্রশংসা করেছেন আসেলোভি। রিয়াল কোচ বলেছেন, ‘মডরিচ ফুটবলের জন্য দুর্দান্ত উপহার। তরুণ ফুটবলারদের কাছে দৃষ্টান্ত।’

মডরিচ ফুটবলের জন্য দুর্দান্ত উপহার। তরুণ ফুটবলারদের কাছে দৃষ্টান্ত। ভালো একটা ম্যাচ খেলল ছেলেরা। শুরু থেকে শেষ পর্যন্ত নিয়ন্ত্রণ আমাদের কাছেই ছিল।’ তরুণ ফুটবলাররা যেভাবে দাপট দেখিয়েছে তাতে বেজায় খুশি কারো। বলেছেন, ‘যারা কম সুযোগ পায় এদিন তাদের সময় দেওয়া হবেছিল। প্রতিপক্ষ তুলনামূলকভাবে দুর্বল হলেও ওরা নিঃসন্দেহে ভালো খেলেছে।’

অভিজ্ঞদের বেঞ্চে রেখে স্পেনের চতুর্থ ডিভিশনের ক্লাব ডিপোর্টোভো মিনেরোর বিরুদ্ধে দল সাজান রিয়াল কোচ কার্লো



গোল করলেন রিয়াল মাদ্রিদের ফেডেরিকো ভালভের্দে। তাঁকে অভিনন্দন সতীর্থ ব্রাহিম দিয়াজে।

## আফগান-ম্যাচ বয়কটে না ইংল্যান্ডের

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : সর্বসাকুল্যে টেস্ট খেলে ১২টি দেশ। ২০১৮ সালে ১০ থেকে সংখ্যাটা ১২-তে পৌঁছিয়ে আয়ারল্যান্ড ও আফগানিস্তানের অন্তর্ভুক্তিতে। আর ১২ দলীয় টেস্ট পরিবারকে ভেঙে ‘টি টায়ার’ পরিকাঠামো। ভারত, অস্ট্রেলিয়া, ইংল্যান্ডের মতো শক্তিশালী দলগুলি নিজস্বের মধ্যে নিয়মিত খেলবে। বাকিদের জন্য আলাদা মঞ্চ। টেস্টসকে

## দ্বিতীয় টেস্ট ভাবনায় আপত্তি লয়েডের

আরও আকর্ষণীয়, প্রতিদ্বন্দ্বিতামূলক করে তুলতে এনএই দাবিতে সমর্থন জুগিয়েছেন রবি শাস্ত্রীর মতো অনেকেই। অজি দৈনিক সিডনি মনিং হেরাল্ডের দাবি, চলতি মাসেই নাকি আইসিসি সভাপতি জয় শা অস্ট্রেলিয়া, ইংল্যান্ডের শীর্ষকর্তাদের সঙ্গে আলোচনায় বসবেন।

ক্রাইড লয়েড যে সম্ভাব্য পদক্ষেপের প্রবল বিরোধী। ক্যারিবিয়ান কিংবদন্তির মতে, এর ফলে টেস্ট ক্রিকেট ক্ষতিগ্রস্ত হবে। দীর্ঘদিন ক্রিকেট বিশ্বে রাজত্ব চালানো ওয়েস্ট ইন্ডিজের মতো দল থাকার হবে। উৎসাহ হারাবে। তুলনায় দুর্বল দলের বিরুদ্ধে খেললে আর্থিক ক্ষতির মুখে পড়বে।

এদিকে, আসম চ্যাম্পিয়ন্স ট্রফিতে আফগানিস্তান ম্যাচ বয়কটের সম্ভাবনা খারিজ করল ইংল্যান্ড ক্রিকেট বোর্ড। মহিলা ক্রিকেটকে নিষেধাজ্ঞা আফগানিস্তানে। যার প্রেক্ষিতেই ম্যাচ বয়কটের দাবিতে গণস্বাক্ষরপত্র জমা দিয়েছে ইংল্যান্ডের ১৬০ জন রাজনৈতিক ব্যক্তিত্ব। ইসিবি অস্থায়ী জানিয়েছে, চ্যাম্পিয়ন্স ট্রফি আইসিসি টুর্নামেন্ট। বয়কটের মতো পদক্ষেপ নেওয়া সম্ভব নয়।

## বিয়ের পর কোর্টে ফিরছেন সিন্ধু

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : বিয়ের পর প্রথমবার প্রতিযোগিতামূলক ব্যাডমিন্টনে ফিরছেন পিভি সিন্ধু। ১৪ জানুয়ারি থেকে নয়াদিল্লিতে শুরু হতে চলা ইন্ডিয়ান ওপেনে তাঁকে দেখা যাবে। প্রতিযোগিতায় ভারতের মোট ২১ জন শাটলার নামছেন।

# মাসের সেরা হতে পারেন বুমরাহ

দুই মহাতারকাকে নিয়ে কড়া হওয়ার বার্তা বোর্ড সচিবের

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : সিরিজ হাতছাড়া সম্মান, মহাদা ধাক্কা খেয়েছে। সঙ্গে ভারতীয় ক্রিকেটের দুই মহাতারকা বিরাট কোহলি ও রোহিত শর্মাকে নিয়ে তৈরি হয়েছে অসন্তোষ। দুইজনের কস্টেই স্যর ডন ব্র্যাডম্যানের দেশে তাঁদের নামের প্রতি সূচিব্যক্ত করতে পারেননি। পারখ টেস্টের দ্বিতীয় ইনিংসে কোহলি অপরাধিত শতরান করেছিলেন। কিন্তু অধিনায়ক রোহিতের মিশন অস্ট্রেলিয়ায় কোনও হাফ সেঞ্চুরিও নেই। তিন টেস্টের পাঁচ ইনিংসে তাঁর সংগ্রহ মাত্র ৩১। সিডনিতে শেষ টেস্টে পরিস্থিতির চাপে রোহিত

প্রথম একাদশ থেকে নিজেই সরিয়ে নিয়েছিলেন। আর পাঁচ টেস্টের দীর্ঘ ইন্ডিয়ায় দেখা যাবে প্রাশ উঠেছে ভারতীয় ক্রিকেট সংসারে। এখনও স্পষ্ট জবাব নেই কোথাও। তার মধ্যেই আজ সর্বভারতীয় এক হিদি দৈনিকের তরফে দাবি করা হয়েছে, ভারতীয় ক্রিকেট কন্স্ট্রোল বোর্ডের নতুন সচিব হতে চলা (১২ জানুয়ারি বোর্ডের এসজিএমে সরকারিভাবে দায়িত্ব নেবেন) দেবজিৎ সহকিয়া আজ জাতীয় নির্বাচক কমিটির প্রধান

অজিত আগরকারকে রোহিত-বিরাট নিয়ে আরও কড়া হওয়ার বার্তা দিয়েছেন। ক্রিকেটের চেয়ে বড় কোনও ক্রিকেটার হতে পারেন না, প্রয়োজনে কঠোর সিদ্ধান্ত নিয়ে রোহিতদের জাতীয় দল থেকে বাদ দেওয়ার দাবিও তুলেছেন তিনি। ঘরের মাঠে নিউজিল্যান্ডের বিরুদ্ধে তিন টেস্টের সিরিজে হোয়াইটওয়াশ দেওয়ার পর অস্ট্রেলিয়া সফরেও মুখ খুঁড়তে ভারতীয় দল। এমন অবস্থায় নয়া বোর্ড সচিব জাতীয় নির্বাচক কমিটির প্রধান আগরকারকে রোহিত-বিরাট নিয়ে কড়া হওয়ার বার্তা দিয়েছেন বলে খবর। নয়া বোর্ড সচিবের এমন

নিয়ে আসা যায় কিনা, এমন ভাবনার খবরও সামনে আসছে। প্রয়োজনে গম্ভীরকে শুধু সাদা বলের ওয়ান ডে ও টি২০ ক্রিকেটে কোচের দায়িত্ব দেওয়া হবে। শেষ পর্যন্ত যাই হোক না কেন, টানা বার্থতার কারণে ভারতীয় ক্রিকেটের অন্দরমহল আপাতত খঁটে ঘ। এর মধ্যেই অস্ট্রেলিয়া সফরের পাঁচ টেস্টে ৩২ উইকেট নেওয়ার পুরস্কার হিসেবে আইসিসি-র মাসের সেরা ক্রিকেটারের তালিকায় মনোনয়ন পেয়েছেন জসপ্রীত বুমরাহ। সন্তোষ তিনিই ক্রিকেটের নিয়ামক সংস্থার বিচারে মাসের সেরা ক্রিকেটার হতে চলেছেন।

## হরিয়ানা ম্যাচে জাতীয় নির্বাচকরা চ্যাম্পিয়ন্স ট্রফিতে ফিরতে পারেন সামি

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ জানুয়ারি : এক বছর পর তিনি ক্রিকেটে ফিরছেন। বাংলার জার্সিতে একটি রনজি ট্রফি ম্যাচের পাশে সেয়াদ মুক্তক আলি ট্রফিতে যেটা নয়টি ম্যাচ খেলেছেন। চলতি বিজয় হাজারে ট্রফিতেও মহম্মদ সামি জোড়া ম্যাচ খেলে ফেলেছেন। আগামী বৃহস্পতিবার হরিয়ানার বিরুদ্ধে বাংলার জার্সিতে বিজয় হাজারের প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচেও খেলবেন সামি।

## সবুজ পিচের চ্যালেঞ্জ বাংলার

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ জানুয়ারি : বরোদার মোতিবাগ ক্রিকেট মাঠ নাকি অস্ট্রেলিয়ার সিডনি? সকালে বরোদার মোতিবাগের স্টেডিয়ামে অনুশীলনের জন্য হাজির হয়ে চমক বাংলা শিবিরে। সবুজে মোড়া বাইশ গজ পিচের সঙ্গে আউটফিল্ডের ফারাক করাই পারে না। এমন পিচেই কি বৃহস্পতিবার হরিয়ানার বিরুদ্ধে বিজয় হাজারে ট্রফির প্রি-কোয়ার্টার ফাইনাল ম্যাচ খেলতে হবে বাংলারকে? স্থানীয় মাঠ কর্মীদেরও আজ এমন প্রশ্ন করেছেন বাংলার ক্রিকেটাররা। জবাবও পেয়েছেন।

## ফিট মুকেশ

সাম্প্রতিককালে ঘরোয়া ক্রিকেটের আসরে এমন সবুজ পিচের কথা মনে করতে পারছি না। দেখা যাক কী হয়। হরিয়ানার বিরুদ্ধে কোয়ার্টার ফাইনাল ম্যাচে লক্ষ্যে প্রথম একাদশে অতিরিক্ত জোরে বোলার খেলানোর ভাবনা রয়েছে বাংলা দলের অন্দরে। যদিও কোচ লক্ষ্মীরতন শুক্লা ও অধিনায়ক সূদীপ ঘরামী এখনই প্রথম একাদশ নিয়ে কোনও মন্তব্য করছেন না।

## অস্ট্রেলিয়ায় আধা ফিট সামিকেও খেলাতেন শাস্ত্রী

নয়াদিল্লি, ৭ জানুয়ারি : অস্ট্রেলিয়ার মাটিতে মহম্মদ সামিকে দরকার। দীর্ঘ রিহাবের পর ঘরোয়া ক্রিকেটে ফেরা সামিকে অমিলবে দলের সঙ্গে মুক্ত করার পরামর্শ দিয়েছিলেন। যদিও রবি শাস্ত্রীর দাবি গুরুত্ব পায়নি। ভারতের সিরিজ হারের ময়নাতদন্তে বসে সামির অনুপস্থিতি নিয়ে এবার প্রশ্ন তুললেন শাস্ত্রী। দাবি করলেন, আধা ফিট সামিকেও তিনি খেলাতেন। একই সুর রিকি পন্ডিংয়ের।

## সামিকেও খেলাতেন শাস্ত্রী

সামিকে নিয়ে গত কয়েক সপ্তাহেই যে ‘নাকি’ হয়েছে, তা নিয়ে দুইজনেই অবাক। শাস্ত্রীদের দাবি, বাংলা দলের তারকা পেসার জসপ্রীত বুমরাহর সঙ্গে থাকলে বড়ার গাভাসকার ট্রফির সাল্লা অন্যরকম হতেও পারত। সামির ফিটনেস, টেস্ট-প্রত্যাবর্তনের সময়সীমা নিয়ে যেভাবে জল্পনাচালনা হয়েছে, ফোডা আড়াল করেননি প্রাক্তন হেডকোচ।



সামি-প্রসঙ্গে শাস্ত্রীর মতামতে সমর্থন করে পন্ডিং বলেছেন, ‘আমি সত্যিই অবাক হয়েছি। ভেবেছিলাম, সিরিজের মাঝপথেও অন্তত ডাক পাবে। একশোভাগ ফিট না হলে কিছুটা কম ওভার বল করত। অলরাউন্ডার নীতীশকুমার রেড্ডি বেশি বল করত। সামি তার মধ্যেই

# বুমরাহ-বিতর্কে ভুল স্বীকার কনস্টাসের তাঁর দেখা সেরা বলছেন খোয়াজা

সিডনি, ৭ জানুয়ারি : বিরাট কোহলি, জসপ্রীত বুমরাহর কঠোর শাস্তি প্রাপ্ত। সিরিজের শেষ দুই টেস্টে যেভাবে তরুণ স্যাম কনস্টাসকে আক্রমণ করেছেন দুই সিনিয়র ভারতীয় ক্রিকেটার, তা কঠোর শাস্তিযোগ্য অপরাধ। এমনই দাবি করেছেন কনস্টাসের আঞ্চলিক দল নিউ সাউথ ওয়েলসের কোচ গ্রেগ শোপার্ড। যুক্তি, সিডনিতে উসমান

খোয়াজাকে আউটের পর কনস্টাসের দিকে লক্ষ্য করে বুমরাহর আচরণ দৃষ্টান্ত, গ্রহণযোগ্য নয়। তাঁর সেই দাবিকে যদিও খারিজ করে দেন কনস্টাসই। বলেছেন, শোখটা তাঁরই। দিনের একেবারে শেষবেলায় বাউন্ডারি দেবার খেলা এড়াতে সময় নষ্ট করছিলেন খোয়াজা। যা মানতে পারেননি বুমরাহ। কথা বঝতে দেখা যায় খোয়াজার কড়া। কিন্তু তার মাঝেই ঢুকে পড়েন

কনস্টাস। বুমরাহর সঙ্গে তর্কাতর্কিতে জড়ান। শেষপর্যন্ত হস্তক্ষেপ করতে হয় আস্পায়ারদেরও। খোয়াজা-শিকারে শেষ হাসি হাসেন অবশ্য বুমরাহ এবং তারপর কনস্টাসকে লক্ষ্য করে আত্মসী উচ্ছ্বাস।

বিতর্কিত ঘটনা নিয়ে কনস্টাসের অকপট স্বীকারোক্তি, ‘উজি (খোয়াজা) ভুলটা সময় নষ্টের চেষ্টা করছিল। কিছুটা আমরাই। কিন্তু এই রকম ঘটাই থাকে। এটাই ক্রিকেট। দুর্ভাগ্য, উজি

নিয়েই ফিরেছিল। তবে দল হিসেবে আমাদের পারফরমেন্স দুর্দান্ত ছিল।’ অতি-আত্মসী ব্যাটিংয়ে অভিষেক ইনিংসেই চমকে দেন। রিভার্স স্কুপে গ্যালারিতেও ফেনে বুমরাহকে। গত চার বছরে টেস্টে যে সাহস দেখাতে পারেননি দ্বিতীয় কোনও ব্যাটার। বিশ্লেষক শুরুতে সবাইকে চমকে দেওয়া ইনিংস নিয়ে বলেছেন, ‘জানি না, মাঠে পা রাখার পর কী হয়েছিল। শুধু চেষ্টা করেছি নিজের সেরাটা

বাজাচ্ছিল। উত্তেজনার ফুটছিল। তবে আমার মধ্যে উত্তেজনা কাজ করেনি। অবশ্য অভিষেক ভালোভাবে হয়েছে, দুই ম্যাচেই জয়ী। খোয়াজা মেনে নেন, সিরিজে বুমরাহ-ফোবিয়ার শিকার। সিরিজের আগে ৭ ইনিংসে বুমরাহকে একবারও উইকেট দেননি। আত্মবিশ্বাস নিয়ে সিরিজ শুরু করেন। যদিও সিরিজ শেষে ছবিটা আলাদা। ৬বারই বুমরাহর শিকার। খোয়াজার কথায়, ‘সবাই



আউট হয়ে যায়। শেষপর্যন্ত কৃতিত্বটা অবশ্য বুমরাহর প্রাপ্য। উইকেট তুলে

জিজ্ঞাসা করছিল, কী হচ্ছে? সত্যি কথা বলতে, আমি বুমরাহ-ফোবিয়ার আক্রান্ত হয়েছিলাম। নির্ণায়ক ইনিংসে ওর চোট দুর্ভাগ্যজনক। তবে ঈশ্বরকে ধন্যবাদ, এই পিচে ওকে খেলতে হয়নি। যখন দেখি বুমরাহই নেই, বুঝে যাই আমাদের সামনে বড় সুযোগ। নিঃসন্দেহে যাদের বিরুদ্ধে খেলোছি, তাদের মধ্যে সবথেকে কঠিন বোলার। যখনই বল হাতে পেয়েছি, মনে হয়েছে উইকেট তুলে নেবে।’



# লাল-হলুদে ভেনেজুয়েলার স্ট্রাইকার রিচার্ড হৃদয় দিয়ে খেলেই হার, মত ব্রজের হার

স্মিতা গঙ্গোপাধ্যায়

কলকাতা, ৭ জানুয়ারি : রাত প্রায় পৌনে এগারোটায় বাসে বসে ফুটবলার-সাপোর্ট স্টাফরা। কিন্তু দেখা নেই কোচের। তিনি তখন সাজঘরে কতদূর সজে আলোচনায় ব্যস্ত।  
গত কয়েকদিন ধরে এটাই চিত্র ইস্টবেঙ্গলের। এমনকি মাঝে একদিন কতদূর সজে আলোচনার জন্য বিনো জর্জকেই অনুশীলন করতে হল। বেশিরভাগ সময়টা অনুপস্থিত থাকলেন অস্কার ব্রজের। নতুন ফুটবলারের ব্যাপারে এসব আলোচনা শেষপর্বত পরিণতি পেল। এদিনই ক্রাভের তরফে নতুন বিদেশি নাম ঘোষণা করা হয়। ভেনেজুয়েলার আন্তর্জাতিক ফুটবলার রিচার্ড সেলিস যোগ দিচ্ছে ইস্টবেঙ্গলে। এই স্ট্রাইকার স্বদেশের ক্লাব অ্যাকাডেমিয়া পুয়েতে

সমস্যা হচ্ছে আমাদের। ওদিকটায় ফুলব্যাক (প্রভাত লাকড়া ও পরে নীশুকুমার) আত্মবিশ্বাসী না হওয়ায় সমস্যা হচ্ছে। রক্ষণ দুর্বল হয়ে পড়ছে এবং প্রতিপক্ষ সেটাকেই কাজে লাগাচ্ছে। অ্যাটাকারদের সহজ সুযোগ নষ্টও যে হারের কারণ সেটা মেনে নিতে দ্বিধা করেননি তিনি, 'দ্বিতীয়ার্ধে আমার ছেলেরা মস্তিস্কের থেকেও হৃদয় দিয়ে বেশি খেলেছে বলেই উজ্জ্বলিত লেগেছে গোটা দলকে। ফ্লেইটন (সিলভা), নাওরেম মহেশ্বরা (সিং) সহজ সুযোগ নষ্ট করে। এটাই এখন আমাদের দলের বাস্তব চিত্র। চোট-আঘাতের জন্য এগারোজন বাছাই করতে হিমসিম খেতে হচ্ছে। একাধিক ফুটবলার অনভ্যস্ত জায়গায় খেলছে।'



ইস্টবেঙ্গলের নতুন বিদেশি রিচার্ড সেলিস।

## রাত অবধি হল না ঘোষণা

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ জানুয়ারি : আইএসএলের ফিরতি ডার্বি হচ্ছে গুয়াহাটিতেই। যদিও এদিনও রাত পর্যন্ত সরকারি ঘোষণা হয়নি। তবে এদিন মোহনবাগান সুপার জায়েন্টের তরফে মৌখিকভাবে গুয়াহাটিতে ম্যাচ হওয়ার কথা স্বীকার করে নেওয়া হয়। এমনকি ইস্টবেঙ্গলকেও বেসরকারিভাবে জানিয়ে দেওয়া হয়েছে। মূলত গুয়াহাটিতে বিজেপি-র জাতীয় স্তরের নেতাদের সভা ও র্যালি থাকায় পুলিশের লিখিত অনুমোদন আসতে দেরি হচ্ছে বলে সরকারিভাবে ম্যাচ হওয়ার ঘোষণা করা যাচ্ছে না বলে বাগান সূত্রের খবর।

কাবেল্লোর হয়ে শেষ ম্যাচ খেলেছেন গত অক্টোবরে। তিনি উইঙ্গার হিসাবেও খেলতে পারেন।

এদিকে, এএফসি চ্যালেঞ্জ লিগে শুরুটা দুর্দান্ত শুরু এবং ডিসেম্বরের আইএসএল ম্যাচগুলিও মোটামুটি ভালো যাওয়ার পরে নতুন বছরে নতুন জোয়ারের বদলে হঠাৎই আবার ভাটার টান ইস্টবেঙ্গলে। চোট-আঘাতের পাশাপাশি মাঠে যারা খেলছেন তাঁদের অত্যন্ত নির্বিঘ্ন ফুটবল। দুইয়ে মিলে ফের পরপর দুই ম্যাচে জয় অধরা। কঠিন হয়ে যাচ্ছে সুপার সিঙ্গের অঙ্কও। দুর্বল হায়দরাবাদ এফসি-র বিপক্ষে তবু এক পয়েন্ট এসেছিল কিন্তু মুখই সিটি এফসি-র বিরুদ্ধে ঘরের মাঠে ২-২ করেও হারের কোনও ব্যাখ্যা নেই। ম্যাচ সম্পর্কে কোচের নিজস্ব বিশ্লেষণ, 'প্রথমার্ধে আমরা কিছু খেলতে পারিনি। বিরতির পর ঘুরে দাঁড়ালেও শেষদিকে ব্যক্তিগত ভুলে হারতে হল। আসলে মাঝমাঠটা আমরা একেবারেই নিয়ন্ত্রণ করতে পারছি না। ডানদিকেও

এদিন আবার চোট পেলেন আনোয়ার আলি। ম্যাচের পর তিনি ছইল চেয়ারে স্টেডিয়াম ছাড়লেও তিনি দিন দুয়েকের মধ্যে ফিট হয়ে যাবেন এবং ডার্বিতে মাঠে নামবেন বলে আশাপ্রকাশ করেন ব্রজের।

সাঁউল ফ্রেসকো চলে এলেও তাঁর আরও চার সপ্তাহ লাগবে পুরোপুরি মাঠে নামার জায়গায় আসতে। ১১ তারিখ ডার্বি ছাড়াও এই মাসেই এফসি গোয়া, আবার মুম্বই, কেরালা রাস্টার্সের মতো দলের মুখোমুখি হতে হবে ইস্টবেঙ্গলকে। ওই কঠিন ম্যাচে পয়েন্ট না পেলে যে উপরের দিকে ওঠা যাবে না সেই ব্যাখ্যাও দেন তিনি, 'আমরা হৃদয় দিয়ে বেশি খেলছি। যখন পিছিয়ে যা ড্র করি তখন বেশি ভালো খেলি। অথচ এগিয়ে থাকলে সেটা পারি না। এই ধরনের কঠিন লিগে এভাবে পয়েন্ট তালিকার উপরে ওঠা যায় না।' ১৪ ম্যাচে ১৪ পয়েন্ট নিয়ে এগারো নম্বরেই থেকে যাওয়াটা যে তাঁদের কাছে কাম্য ছিল না, এটাই উঠে এসেছে এদিন তাঁর বক্তব্যে।

## আক্রমণাত্মক ফুটবলের ছক মোলিনার

নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ৭ জানুয়ারি : আইএসএলের প্রথম ডার্বিতে গোল পেয়েছিলেন তিনি। সেই ধারা বজায় রাখতে চান মোহনবাগান সুপার জায়েন্টের অজি বিশ্বকাপার জেমি ম্যাকলারেন। আইএসএলে গোল পেলেও সমর্থকদের প্রত্যাশা এখনও পূরণ করতে পারেননি তিনি। তাই ডার্বিকেই পাখির চোখ করেছেন অজি তারকা।

মঙ্গলবার অনুশীলন শেষে গাড়িতে ওঠার আগে ম্যাকলারেন বলে গেলেন, 'আমি আগের ডার্বিতে গোল করেছি। সেই ধারা এই ম্যাচে বজায় রাখতে চাই।' তিনি আরও যোগ করেন, 'আমি ইস্টবেঙ্গল-মুম্বই সিটি এফসি ম্যাচ হোটেলে বসে দেখছি। ওদের পরাজয়ে আমাদের আরও ভালো হল। তবে ডার্বি নিয়ে আগাম কিছু বলা সম্ভব নয়। এই ম্যাচ সবসময় ফিফটি-ফিফটি। ম্যাচটা কঠিন হতে চলেছে। আমরা জেতার লক্ষ্যে মাঠে নামব।'

সোমবার ইস্টবেঙ্গল-মুম্বই ম্যাচের দিকে নজর ছিল কোচ হোসে ফ্রান্সিসকো মোলিনারও। ইস্টবেঙ্গল রক্ষণের দুর্বলতা ইতিমধ্যে তাঁর নেটওয়ার্কে উঠে গিয়েছে। ফলে ডার্বিতে শুরু থেকেই আক্রমণাত্মক

ফুটবলের ছক কষছেন তিনি। মঙ্গলবার ঘণ্টাদুয়েকের অনুশীলনে সেই আক্রমণাত্মক ফুটবলের ইঙ্গিত দিয়ে রাখলেন তিনি। দুই উইং দিয়ে আক্রমণ শানানোর দিকে জোর দেন মোলিনা। পাশাপাশি রক্ষণে পায়ের জঙ্গল ভেঙে গোল তুলে নেওয়ার দিকে নজর ছিল তাঁর।

এদিকে, ডার্বিতে নিজের পুরোনো ছন্দে ফিরতে চান অজি তারকা দিমিত্রিস পেত্রাতোস। চলতি মরশুমে স্বাভাবিক ছন্দে দেখা যাবেন তাঁকে।

### ডার্বিতে গোল চান ম্যাকলারেন

তার ওপর চোটের কারণে কয়েকটি ম্যাচ মাঠের বাইরে থাকতে হয়েছে। তবে ডার্বির আগে চোট কাটিয়ে পুরোদমে অনুশীলন করছেন তিনি। নিজেকে প্রমাণ করার একটা বাড়তি তাগিদ দেখা গিয়েছে অজি তারকার মধ্যে। এমনিতেই ডার্বিতে বরাবরই দুর্দান্ত ছন্দে থাকেন তিনি। ৮টি ডার্বি খেলে ৫টি গোল ও ৩টি অ্যাসিস্ট রয়েছে তাঁর। শেষ ৩টি ডার্বিতেই গোল করেছেন দিমি। শনিবার সেই পারফরমেন্স ধরে রাখতে চান তিনি।

## সেরাদের সেরা শর্মিষ্ঠা



ট্রফি হাতে শর্মিষ্ঠা লাহিড়ি।

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ জানুয়ারি : হারিয়ানায় অনুষ্ঠিত জাতীয় স্টেংথ লিফটিং ও ইনক্রাইন বেষ্ট প্রেসে স্টুং ওমেন হয়ে সেরাদের

সেরার খেতাব জিতলেন শিলিগুড়ি শর্মিষ্ঠা লাহিড়ি। তিনি মহিলাদের ৩৯ উর্ধ্ব বয়স বিভাগে উভয় উভতে সোনা জিতেছেন। শর্মিষ্ঠার মেয়ে আশা ১২-১৭ বছর বিভাগে স্টেংথ লিফটিং ও ইনক্রাইন বেষ্ট প্রেসে রুপো পেয়েছেন। শিলিগুড়ির আরেক প্রতিনিধি পালিয়ে বর্মন মহিলাদের ২২-৩৮ বছর বিভাগে ইনক্রাইন বেষ্ট প্রেসে রুপো ও স্টেংথ লিফটিংয়ে ব্রোঞ্জ জিতেছেন।

## জয়ী জর্জিয়ান

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ জানুয়ারি : সুন্দা গেমস অ্যান্ড স্পোর্টস অ্যাসোসিয়েশনের সুন্দা গোল্ড কাপ ফুটবলে মঙ্গলবার কালিম্পংয়ের জর্জিয়ান এফসি ২-০ গোলে দার্জিলিং পুলিশকে হারিয়েছে। গোল করেন প্রবী সূকা ও ম্যাচের সেরা নোয়েল সেওয়া।



স্বামী বিবেকানন্দ ওপেন ক্যারাটের সাংবাদিক সম্মেলনে কর্মকর্তা ও স্পনসরদের সঙ্গে মেয়র পারিষদ মানিক দে।

## ৫ রাজ্যকে নিয়ে কাইজেনের স্বামী বিবেকানন্দ ক্যারাটে

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ জানুয়ারি : পাঁচটি রাজ্য। এক ডজন জেলা। ৩০০ ছেলেমেয়ে। এমন বিশাল সমাবেশ নিয়ে ১৯ জানুয়ারি উত্তরাংশে বিড়লা দিব্য জ্যোতি স্কুলে স্বামী বিবেকানন্দ ওপেন ক্যারাটে আয়োজন করছে কাইজেন ক্যারাটে-ডু অ্যাসোসিয়েশন ইন্ডিয়া। সংস্থার টেকনিক্যাল ডিরেক্টর দেবাশিস ঢালি জানিয়েছেন, এশিয়ান ক্যারাটে ফেডারেশনের রেকর্ডিং ও বিচারকদের উপস্থিতি প্রতিযোগিতার গুরুত্ব আরও বাড়িয়েছে। কুমিতে ও কাতা মিলিয়ে থাকছে ৮৭টি ক্যাটিগোরি। কুমিতে হবে প্রতিযোগীদের ওজন অনুযায়ী। কাতায় রাখা হয়েছে অনূর্ধ্ব-৬ থেকে ১৮ উর্ধ্ব পর্যন্ত বয়স বিভাগ।

প্রতিযোগিতায় কাইজেনের ক্যারাটেকারা ভালো ফল করবে বলেই বিশ্বাস সহ সভাপতি সন্দীপ ঘোষালের। তাঁর কথায়, উত্তরবঙ্গের মধ্যে আর সীমাবদ্ধ নেই কাইজেন। পৃষ্ঠপোষক সঞ্জয় টিরেওয়াল বলেছেন, 'এখানকার ছাত্রছাত্রীরা নিয়মিত বিদেশ সফরে যাচ্ছে। ধারাবাহিকতা ধরে রেখেছে পদক জয়ে। যার ফলে শিলিগুড়িতে স্কুল পর্যায় ক্যারাটে জনপ্রিয় হয়ে উঠেছে।' যার সুযোগ নিয়ে শিলিগুড়িতে বেড়ে উঠছে নন রেজিস্টার্ড ক্যারাটে কোচিং সেন্টার। যারা কোনওরকম সুরক্ষাবিধি ছাড়াই ছেলেমেয়েদের প্রশিক্ষণ দিচ্ছে। স্বামী বিবেকানন্দ ক্যারাটের সাংবাদিক সম্মেলনে এই

কথা জানতে পেরে মেয়র পারিষদ মানিক দে তা মেয়র গৌতম দেবকে জানাবেন বলেছেন। ২০১৬ সালে দার্জিলিং জেলা থেকে যে দুইজন প্রথমবার জাপানে প্রতিযোগিতায় অংশ নিয়েছিলেন তাঁদের অন্যতম মানব মিত্তল এই প্রতিযোগিতায় অন্যতম স্পনসর হিসেবে যুক্ত হয়েছেন। যা তাঁর কাছে একরকম ঘরে ফেরা বলে জানিয়ে মানবের মন্তব্য, 'ক্যারাটে থেকে পাওয়া শৃঙ্খলার শিক্ষা আমার সারা জীবনের সম্পদ।' আরও এক স্পনসর প্রণয় গোয়েল আবার অনেকদিন ধরেই কাইজেনের কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত। যা আরও একবার বালিয়ে নেওয়ার সুযোগ পেয়ে তিনি উজ্জ্বলিত।

## জয়ী এইচবি, ডিপিএস

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ জানুয়ারি : ১৯তম সুরেন্দ্র আগরওয়াল ট্রফি ক্রিকেটে মঙ্গলবার বেলাকোবা হাইস্কুল ৭ উইকেটে জিতেছে ডিপিএস শিলিগুড়ির 'বি' দলের বিরুদ্ধে। ম্যাচের সেরা রৌনক দাস। ডিপিএস ফুলবাড়ি ১৫৬ রানে হারিয়ে দেয় বিড়লা দিব্য জ্যোতি স্কুলকে। ম্যাচের সেরা সৌম্যজিৎ বসু। এইচবি বিদ্যাপীঠ ৮ উইকেটে ফুলবাড়ির নারায়ণ স্কুলের বিরুদ্ধে জয় পায়। ম্যাচের সেরা রাহুল রায়। আলিপুরদুয়ারের ম্যাক উইলিয়াম হাইস্কুল ৫ উইকেটে হারিয়ে দেয় মোদি পাবলিক স্কুলকে।

## সাইটস্ট্রিন ভাঙল দুষ্কৃতির

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ৭ জানুয়ারি : চাঁদমণি মাঠে চলছিল মহকুমা ক্রীড়া পরিষদের প্রথম ডিভিশন ক্রিকেট। বৃহবার থেকে সেখানেই শুরু হবে অনূর্ধ্ব-১৫ আন্তঃস্কুল দাতব্য ফান্ডার ট্রফি। মাঝে কয়েকদিন মাঠ সংস্কারের জন্য খেলা বন্ধ থাকার সুযোগে কয়েকজন দুষ্কৃতি সাইটস্ট্রিন ভেঙে দেয়। পরিষদের পক্ষ থেকে মাটিগাড়া ধানায় জানানো হয়েছিল। এদিন পুলিশ এসে ঘটনাস্থল দেখেও যায়। পরের দুপুরের দিকে পরিষদের তরফে সেই সাইটস্ট্রিন ঠিক করা হয়। ক্রিকেট সচিব মনোজ ভার্মা বলেছেন, 'এমনিতেই ক্রীড়া পরিষদ আর্থিক সংকটে রয়েছে। তার মধ্যে এই বাড়তি খরচের বোঝা। ঘটনার



চাঁদমণি মাঠে ভাঙা সাইটস্ট্রিন। মঙ্গলবার বেলা ১১টা পর্যন্ত।

কথা পুলিশ ছাড়াও মেয়র গৌতম দেব ও পরিষদের সচিব কুন্তল গোস্বামীকে জানিয়েছি।'

LOVED IN 73 COUNTRIES

# নতুন বছর নতুন দায়

## নতুন দায়

**NS125 THE MOST POWERFUL 125**  
এখন ₹103 110/-এ

**N125 THE ZIPPIEST 125**  
এখন ₹97 990/-এ

**125 THE TIMELESS 125**  
এখন ₹83 974/-এ

**pulsar DEFINITELY DARING**

অতিরিক্ত অফার Flipkart এবং amazon.in এ উপলব্ধ